grievances of the people. Anandaram Dhekial Phukan may be regarded as the pioneer in starting political agitation in Assam. In his observations of the Province of Assam, Dhekial Phukan not only pointed out the shortcoming in different aspects of British administration but also made constructive suggestions for their improvement. Although he was aware of the interests of the peasants (he was aware of the fact that enhancement of revenue without any improvement in agriculture and commerce was at the root of the miseries of the people), he took the position of a liberal reformer and emphasized on the interest of the middle class.

A number of political organizations led by the enlightened section sprang up in different parts of Assam some of them pre-dating even the Indian National Congress. The foundation of Sarbajanik Sabha at Jorhat in 1884 by Jagannath Baruah was a landmark in the history of political associations in Assam. Jagannath, son of an Assamese tea-planter, was educated at the Presidency College, Calcutta and was influenced by the Bengal Renaissance Movement. Although initially the Sabha was organised 'for the purpose of representing the wishes and aspirations of the people to the government, explaining to the people the objects and policies of the government and generally ameliorating the condition of the people', gradually it shifted its attention to the issues that might benefit the educated Assamese youths. For example in its lengthy memorandum on 14 December 1892 to the Chief Commissioner, the Sabha expressed its dissatisfaction that the

number of natives of the soil in the executive services was extremely meagre. What it wanted was that the main body of the service should be recruited from the natives of the province and the proportion should not be less than three-fourths of the whole. The Sabha also emphasized on the improvement of the service conditions and emoluments of the natives of the soil. As a member of typical educated elite, Jagannath expressed, on behalf of the people of Assam, deep sense of loyalty to the British government at the time of visit of Lord Curzon, the British Viceroy to Assam in March, 1900.

Tezpur Ryot Sabha was established around 1884, at the initiative of the elites like Haribilas Agarwala, a merchant planter, Lakhshikanta Barkakati, the manager of his saw mills and Lambodar Bora, a lawyer. The Sabha was formed to ventilate the grievances of the people, mainly of the agricultural ryots, against the enhancement in revenue on land. By 1886, the Shillong Association, the Nowgong Ryot Sabha and the Upper Assam Associations came into being.

However, unlike *Raijmels*, these associations failed to mobilize the peasantry against the British Raj and hence there did not develop mass-based peasant revolt in upper Assam. In this connection Amalendu Guha observes:

"The educated middle-class elements had no action-oriented programme of agitation and could not take the popular discontent outside the channel of petition-making. In areas where these modern ryot sabhas and associations were in the field, no militant mass struggles on the lines of



the Raijmels (1893-94) ever took place."

As a matter of fact, the Assamese intellectuals of that time overlooked these historic peasant revolts of Assam and did not focus in their writings. This is evident from the fact that no writings on Patharughat uprising was published in 'Junaki', the journal considered to be the mouthpiece of the Romantic Literary Movement of Assam. It is interesting to note here that even a scholar like Lakshminath Bezbaroa who dedicated himself to promote and protect Assamese language and culture seemed to have overlooked the historical reality of peasants' heroism. This appears before us as a paradox .

On the other hand, the mass-based mobilization of the peasants of Darrang and Kamrup districts resulted in the outbreak of revolt against the colonial power. This suggests that the consciousness of the peasants of Darrang and northern Kamrup, like that of the peasants of Phulaguri, was of their own; it was not dependent on the consciousness of the elite.

Territoriality

Territoriality is another important aspect of Patharughat revolt. Territoriality, as observed by Guha , refers to that aspect of peasant consciousness which is made up of a sense of belonging to a common lineage as well as to a common habitat. This consciousness brought about concreteness of the peasant revolts. The revolts of 1857-58, for example, were strictly local affair: they operated within discrete local vicinages and had their social bases in local units with clearly recognizable boundaries. So far as the

geographical aspect is concerned, the domain of the revolt coincided with the domain of peasants' relationship with their local enemies – official as well as non-official. The villagers would turn on the nearest seat of government as the foremost and immediate object of their hatred. In their eyes a sadar station (the Anglo-Indian term for district headquarters) stood for sarkar itself. The visible symbols of authority – the court, the treasury, the police station, the jail, and so on – aroused fear in the minds of the peasants.

The bhakti movement of Sankardeva (1449-1568) facilitated the conditions that gave rise to 'village harmony' of secular nature irrespective of caste and religion. Village harmony was a common feature of Assamese social life of pre-British Assam that continued to prevail during the British rule too. This could overcome the religious differences of the Muslims and the Hindus on the one hand, and the caste differences among the Hindus on the other at the time of mobilisation of the peasants of Patharughat against the colonial power. The modern institutions—legal, political and economic, particularly the monetization of economy— facilitated the emergence of a territorial consciousness of the people against the British government.

Thus, territoriality was an element of consciousness common to all the rural populations including Hindus and Muslims and deeply ingrained in their view of society, politics and culture, secular as well as religious as evident from the narratives of Dolipuran.

However, the territorial tie operated

among the peasants not merely as a measure of exclusion. It promoted solidarity among the people of neighbouring as well as distant villages against their common enemy. In Patharughat, for example, peasants attended Raijmel not only from neighbouring villages but also from distant places- Mangaldai and Kalaigaon- to discuss the issue of enhancement of taxes. In Rangia peasants came, apart from Rangia mauzas, from Nalbari and Hazo, to attend the meeting of Raijmel. Thus the significance of territoriality in the peasant revolts of Assam lies in the fact that it provided the peasants an anti-colonial feeling, a feeling of hatred towards the British government.

CONCLUSION

From the above analysis we have found that the peasant was not merely an empirical person, a man of flesh and blood, as conceived by the colonial government, but a conscious human being who could realize that the colonial government exploited him by over-taxation. The peasants of Patharughat were the makers of their own rebellion. They proved that they were conscious of the reality and capable of challenging the government. The age-long village harmony of Assam facilitated the rise of a class of peasants that emerged as a potential threat to colonial government. The historicity of the revolt lies in the fact that the peasants of Assam were very much aware of their goals and the course of actions to be adopted to realize that. Like the uprisings of Bhumij, the Kol insurrection, the Santal revolt of 1855, the indigo disturbances of 1859-62, and the Deccan riots of 1875,



the subaltern insurgents of Assam were trying to challenge the existing structure of power relationships. Hence the collective action of the peasants of Assam was no less significant than the liberal reformist struggles of the 'no-rent' or 'no tax' variety under the banner of the Congress or the Left-wing sponsored peasant struggles (e.g. Tebhaga or Telengana struggles) of the twentieth century India.

GLOSSARY

Abkari	—	the excise on drug and liquors
Bigha	—	land measurement unit equivalent to one-third of an acre.
Lathi	—	a stick or club
Mandal	—	a village surveyor in government employ
Mauza	—	an areal unit of a group of villages, for purposes of land revenue collection.
Mauzadar	—	a revenue collector, on a commission basis, in charge of a mauza.
Mel	—	an assembly of people
Raj	—	state (sovereign power)
Rajj	—	public ; a local public
Raijmel	—	peoples' assembly
Rupit	—	transplanted rice land
Ryot	—	a peasant whose main occupation is cultivation
Sabha	—	an association
Sadar	—	a headquarter of a district
Sarbajanik	—	for all ; universal



Sarkar	—	government
Tahsil	—	an areal unit for land revenue collection
Thana	—	a police station
Zamindar	—	a hereditary collector of revenue.

Notes and References :

1. Assam Secretariat Proceedings (H) No. 246
2. Under the *ryotwari* system, as introduced by the British government in Madras, Bombay, Berar regions and subsequently in the Brahmaputra valley, a landholder or occupant of land (called *ryot*) was recognized as its proprietor whose rights, being hereditary and transferable by sale, gift or mortgage, practically implied 'ownership'. The *ryot* was, in theory, a tenant of the state, responsible for paying revenue directly to the state treasury. But he could not be evicted so long as he paid his revenue. The *ryotwari* system was different from the permanent settlement of Bengal, existing zamindars were declared full owners with absolute proprietary rights in land, although they were only tax-collecting intermediaries during the preceding regime. The other variety of land settlement introduced by the British in India was known as the *mahalwari* or *malguzari* system in which the village was defined as a unit of tenure as well as assessment. This system was adopted in the United Provinces

- (excluding Oudh), Punjab, and the Central Provinces (now undivided Madhya Pradesh), excluding the Berar region which was settled under the *ryotwari* system. See D. N. Dhanagare : *Peasant Movement in India 1920-1950*, Delhi, Oxford University Press, 1983, pp. 30-34.
3. During the Ahom rule, every adult male belonging to the lowest stratum of society was known as a *pyke*. Every *pyke* had to serve the king either as a private or public servant for one third of the year or to supply a certain quantity of his produce in lieu thereof. He was entitled in return to have two *puras* (one *pura* is equal to $3\frac{3}{5}$ Bengal *beegha* or 5877 sq. yards) of *rupit* land known as *gamati* or body-land. The *pykes* were neither serf nor slaves in the true sense of the term. The *pyke* system evolved from the womb of 'tribal' society. With the introduction of this system individual production or service replaced the community effort. Thus a feudal relation of production developed out of the womb of a tribal society. See S.K. Bhuyan : *Anglo-Assamese Relations 1771-1826*, Guwahati (third Lawyer's edition): LBS, pp. 7-14. Amalendu Guha : *Medieval and Early Colonial Assam : Society, Polity and Economy*, Guwahati (Anwasha edidition) : Anwasha Publications. pp. 99-114
4. The Wasteland Rules of 6 March, 1838, waste land was offered to applicants on a forty-five year lease

- on conditions that (i) a quarter of the area must be cleared within five years, failing which the land was liable to resumption; and (ii) no grant for land could be made for less than 100 acres at a time and to one who did not possess capital or stock worth at least Rs 3 per acre. It is obvious that the condition (ii) mentioned above was framed with a motive to exclude the indigenous aspirants from all concessional grants in practice and thereby allowing only Europeans to avail the opportunities. See Amalendu Guha : *Planter Raj to Swaraj : Freedom Struggle and Electoral Politics in Assam*, Guwahati, Tulika Books (revised edition), 2006, pp. 10-12.
5. Monetization of economy gave rise to a new class of non-indigenous traders in Assam from whom the peasant used to receive cash advances and loans against pledged crops or through mortgage of jewels or their labour leading to their indebtedness. For details see *ibid*, pp. 39-40.
6. Popularly known as phulaguri dhewa, the revolt was the manifestation of frustration and anger of the peasants of Phulaguri of Nagaon. The peasants protested the ban of cultivation of poppy which was the main source of their livelihood.
7. In a media report entitled 'History A Click Away' published in '*The Hindu*' (May 9, 2013) it was stated that the Archives' team of Assam State Archive found a small handwritten poster put up by Assamese peasants of Patharughat



- way back in January 1894 appealing the residents of the village to assemble for a *Raijor Mel* (People's Convention or Assembly) to oppose hike in land revenue imposed by the British government. The scanned copy of the handwritten poster has been uploaded by NEZINE (www.nezine.com), a bilingual web magazine published from Guwahati, as a supportive document of writing entitled '*Remembering the Unknown Makers of History*'. The Archive team also found the original handwritten reports of the Deputy Commissioner and the Superintendent of Police of Darrang on the uprising, which the Archive team believes, will throw more light on this historic uprising.
8. The narration of the revolt is based on the Assam Secretariat Proceedings (H) No. 277.
9. Assam Secretariat Proceedings (H) No. 246.
10. 'Dolipurán', considered as the testament of the revolt of Patharughat, was in the oral form for 64 years from the time of the revolt and subsequently it was composed in a written form. The origin of the "Doli" here refers to the clods of earth. According to the oral narratives, at the time of the revolt, the agitating peasants of Patharughat attempted to safeguard their lives from the bullets by throwing clods of earth. The verses of Dolipurán still appear to be vibrant in the memories of the people of Patharughat.



Rabin Deka

11. M.S.A. Rao : 'Conceptual Problems in the Study of Social Movements', in Social Movements in India, ed., M.S.A. Rao, New Delhi, Manohar, Publishers (First Published in 1979), 2008, pp. 1-16
12. Ranajit Guha : *Elementary Aspects of Peasant Insurgency in Colonial India*, New Delhi (first published in 1983) : 1994. P (see 'Introduction' part)
13. Ranajit Guha : 'On Some Aspects of the Historiography of Colonial India,' in Subaltern Studies I - Writings on South Asian History and Society. Ed Ranajit Guha, New Delhi (seventh impression): Oxford University Press. 2008, pp. 1-8.
14. Ranajit Guha : Op. cit. p. 4.
15. Eric Hobsbawm's observations on the importance and methodology of oral history have proved to be very useful in our study. See Eric Hobsbawm : 'On History From Below', in On History. London: Abacus (first published by Abacus in 1998), 2008 pp. 272-277.
16. Assam Secretariat Proceedings (H) No. 252
17. ibid.
18. Ranajit Guha : op.cit. p.190.
19. H.K. Barpujari (ed.) : Political History of Assam (Vol.I, 1826-1919), Publication Board of Assam, Guwahati (2nd ed.), 1999, pp.161-163
20. Amalendu Guha : op.cit. p.51.
21. Rabin Deka : 'Ideals of Romanticism and its Reflection in the Works of Bezbaroa', in Lakshminath Bezbaroa: The Architect of Modern Assamese Literature-Issues of Nationalism and Beyond. Ed., Madan M. Sarma and Debarshi P. Nath, Guwahati: Perfect Imagers (for Centre for Assamese Studies, Tezpur University), 2014, p. 185.
22. Ranajit Guha : op.cit. p.279.
23. Maheswar Neog defined bhakti as the religion of love. In the similar line Dr. Hiren Gohain projected the bhakti movement of Sankardeva as the antithesis of the ideals of caste and gender inequality. The institution of naamghar (public player hall), an offspring of bhakti movement, gave rise to the 'discourse of inclusion' by giving equal space to all irrespective of caste and creed. Naamghar gave rise to public sphere that germinated the seed of Rajmel (People's Assembly), which became instrumental in peasant mobilization of colonial Assam. See Maheswar Neog: *Early History of Vaisnava Faith and Movement in Assam: Sankardeva And His Times*, Guwahati, LBS Publications (first published 1965), 2008, p.ix. Hiren Gohain : *Asomiya Jatiya Jeevanat Mahapurishia Parampara*. Guwahati: Alibat (first revised edition), 2014. Ramesh Chandra Kalita, 'Rajmel : Embodiment of Peoples' Power', in Journal of Politics (a journal of Department of Political Science, Dibrugarh University), Vol. VII, 2000.



ঐতিহ্য

The Heritage

বাংলা বিভাগ

Vol-VI, Issue-2, 2015



নৌকাপূজা : মনসা উপাসনার একটি সমৃদ্ধ ধারা

অমলেন্দু ভট্টাচার্য

(ভূতপূর্ব) বাংলা বিভাগ, গুরুচরণ কলেজ, শিলচর, আসাম

BOAT WORSHIP : A RICH TRADITION IN RITUALS OF MANASA


Amalendu Bhattacharya

(Formerly) Department of Bengali, Gurucharan College, Silchar, Assam


- নৌকাপূজা : মনসা উপাসনার একটি সমৃদ্ধ ধারা
অমলেন্দু ভট্টাচার্য 61-77
- ধ্রুপদী নৃত্যের আঙিনায় — বাংলার 'গৌড়ীয় নৃত্য'
মহুয়া মুখোপাধ্যায় 78-87
- উনিশ শতকের অসমে অবাঙালিদের বাংলাচর্চা : দ্বিতীয় পর্ব
প্রসূন বর্মণ 88-100

ABSTRACT : There is a special form of Manasa worship in Barak Valley of South Assam known as 'Naukapuja' (Boat Worship). Manasa and all the gods and goddesses assembled in the Devasabha at the time of the dance of Behula are placed on a boat and then worshipped. The hugeness of the image makes it essential to build the image in a high shed in the open field. The boat is constructed with materials like wood, bamboo and cloth. The boat is made 5, 7 or 9 storeyed according to the capability of the worshipper. In each shelf are placed in rows the clay images of gods and goddesses. Manasa is placed at the centre of this assembly. Her size is twice or thrice as big as the other images and sometimes even bigger. In course of tracing out the origin of this special worship, the traditional theory that Manasa is a snake-deity has been refuted in the present paper. Because the scriptural rules of the worship (s), belief associated to it, and an analysis of the Manasamangal Kavya do not point to any association of the goddess with snake. Rather in the very worship of Manasa in the backdrop of the puja, we see in the eastern part of India for socio-cultural recognition of a group of the non-Aryan people known as Nagas.

The culture of the Naga people was aquatic and they were experienced in the art of navigation. For this the Naga people were appointed as boatmen by the Aryan maritime traders of ancient India. The mariners were willing to observe their own ritual, but the traders community did not allow it. Ultimately the traders were compelled to recognize the activity of the non-Aryans. Naukapuja is the symbol of this victory.



বরাক উপত্যকার নিম্নবর্ণের সমাজে মাঘী শুল্লা পঞ্চমী বা ফাল্গুনী পঞ্চমী তিথিতে সমারোহপূর্ণ মনসাপূজার আয়োজন এখনও অনুষ্ঠিত হয়। এই পূজা সম্পর্কিত লোকবিশ্বাস অনুযায়ী দেবসভায় বেংলার নৃত্যের সময় যেসব দেব-দেবী উপস্থিত ছিলেন— তাঁদের প্রত্যেককে একটি নৌকায় স্থাপন করে পূজা করা হয়। দেবদেবীর সঙ্গে পূজিত হন মনসামঙ্গল কাব্যের বিভিন্ন চরিত্র— যেমন, চাঁদসওদাগর, সনকা, বেংলা, লখিন্দর, বিঘবৈদ্য ধনুসুরি, ব্রাহ্মণ শ্রীধর, দেবজ্ঞ যশোধর, নৌকার কাণ্ডারি লীলাই, দোলাই ইত্যাদি। মূর্তির সংখ্যা প্রায় একশোর কাছাকাছি হওয়ায় লম্বা বাঁশ মাটিতে পূঁতে তৈরি করা হয় তাক। তাকের ওপর সারিবদ্ধভাবে স্থাপন করা হয় বিভিন্ন মূর্তি। পূজার জৌলস এবং পরিচিতি নির্ভর করে তাকের সংখ্যার ওপর। যেমন পাঁচ তাক, সাত তাক বা নয় তাকের পূজা। প্রতিমার আঁধার হিসেবে কাপড়, বাঁশ ইত্যাদি দিয়ে বৃহৎ আকারের একটি নৌকা নির্মাণ করা হয় এ জন্য এই পূজা সাধারণ্যে নৌকাপূজা নামে পরিচিত। অন্য একটি নামও আছে— গোহারী বিষহরীপূজা। এক সময় ব্যাপকভাবে অনুষ্ঠিত নৌকাপূজার উল্লেখ আছে কাছাড় জেলা গেজেটিয়ারে। ‘A special form of religious ceremony is known as the *noaka* or boat *puja* and is performed by a wealthy man in satisfaction of a vow, who generally spends from Rs. 300 to Rs. 500 on the ceremony. A shed is built, at the end of which is a boat painted and gilt, from



which rise tier upon tier, the images of various Gods, amongst whom Bishahari is generally the most prominent. For several days sacrifices are offered to the deities, and Brahmans, who are well paid and feasted for their services, offer up their prayers. At the end of this time the house and its contents are abandoned and allowed to fall to pieces.”² উদ্ধৃতির শেষ বাক্যটি ব্যাখ্যা করা দরকার। নৌকাপূজা অনুষ্ঠিত হয় কোনো খেলার মাঠে। আগেই বলা হয়েছে, বিশাল আকৃতির জন্য প্রতিমার কাঠামো মাটিতে প্রোথিত থাকে। তাই নৌকাপূজার প্রতিমা জলে বিসর্জিত হয় না। পূজার পর পরিত্যক্ত অবস্থায় পূজাস্থলেই প্রতিমা রেখে দেওয়া হয়। পূজকদের বিশ্বাস, প্রথম কালবেশাখী প্রতিমাকে লণ্ডভণ্ড করবে। নৌকাপূজার বিসর্জনের এটাই রীতি। অচ্যুতচরণ চৌধুরীর ‘শ্রীহট্টের ইতিবৃত্ত’-সহ অন্যত্রও নৌকাপূজা বা গোহারী বিষহরীপূজার প্রসঙ্গ উল্লিখিত হয়েছে— “মনসা সর্পভয়দায়িনী হইলেও তিনি ধনদায়িনীও বটেন। ধন লাভের কামনায় ধনী ব্যক্তি অনেকেই পূর্বে সাড়ম্বরে মনসার পূজা করিতেন। এই সকল পূজার আড়ম্বর দর্শনীয় বস্তু ছিল। এই পূজার কথা প্রাচীন স্মৃতিতে জাগরুক আছে। এইরূপ পূজাকে নৌকা বা গোহারীপূজা বলে।”³ শ্রীহট্টের বিখ্যাত গীতিকার রাধারমণ দত্তের পিতা রাধামাধব দত্ত ‘মনসা পাঁচালি’ নামে একটি মনসামঙ্গল রচনা করেছিলেন। সেই কাব্যে গোহারী



বিষহরীপূজাকে কলিযুগে অশ্বমেধ যজ্ঞের সমতুল্য বলা হয়েছে।

- ১) কলিতে গহারি শেবে পঞ্চযজ্ঞ ফল লাভে
চতুর্ভুগ আদি ধন জন।
জয়মুনি কপিলে বাণী গরুড় পুরাণে শুনি
অল্প কিছু করি বিবরণ।
- ২) কলিকালে অশ্বমেদ আদি যজ্ঞ নয়ে।
শেই ফল পাইব জেই গহারি পূজয়ে।^৪

নৌকাপূজার আবশ্যকীয় অঙ্গ হল নৃত্যগীত। মনসামঙ্গল গায় কাব্য। বরাক উপত্যকায় তিন রীতিতে মনসামঙ্গল গান করা হয়। একটি রীতির নাম ওবার গান। ওঝা অর্থাৎ মূল গায়ন নির্দিষ্ট পোষাক পরে দুই হাতে চামর নিয়ে নৃত্য সহযোগে কাব্যটি উপস্থাপন করেন। সঙ্গে থাকেন দোহার। ওঝাদের মধ্যে প্রচলিত সংস্কার হল— কোথাও নৌকাপূজা হচ্ছে এই সংবাদ অবগত হলে তাদের সেখানে গিয়ে বিনা পারিশ্রমিকে গান গাইতে হয়। তাই নৌকাপূজায় ওঝার অভাব হয় না। বরং অনেক সময় পূজাস্থলে আগত সব দলকে গান গাওয়ার সময় দেওয়া উদ্যোক্তাদের পক্ষে সমস্যা হয়ে দাঁড়ায়।

প্রশ্ন হল, আর্থ পরিমণ্ডলের অজস্র দেবদেবীর মধ্যে মনসাকে সর্বাধিক প্রাধান্য দিয়ে এই জাঁকজমক পূর্ণ পূজার কারণ কী? কী ভেবেই বা পূজাটির উদ্ভব হল? নৌকাপূজা কি মনসা উপাসনার একটি আঞ্চলিক ধারা মাত্র? এই জিজ্ঞাসাগুলি সামনে রেখে দেখা যেতে পারে নৌকাপূজা সম্পর্কে ইতিপূর্বে পণ্ডিতেরা কে কী বলেছেন।

বঙ্গসংস্কৃতির অগ্রগণ্য গবেষকরা প্রায় কেউই এই বিষয়ে কোনো আলোকপাত করেননি। প্রদ্যোৎকুমার মাইতি স্বল্প কথায় নৌকাপূজা প্রসঙ্গে বলেছেন, ‘...in East Bengal, besides annual worship, there is a special type of worship of Manasa, mostly confined to the people who live on fishing. Other castes, including the Brahmans also some times perform it. This involves the making of a boat which contains numerous images, believed to represent the 30 crores of gods of Hindu pantheon. But the principal worship is centred on the Goddess Manasa’^৫ পাদটীকায় স্বামী শঙ্করানন্দ এবং রিজলির বক্তব্য তথ্যসূত্র হিসেবে উদ্ধৃত করে তিনি সিদ্ধান্ত করেছেন, আদিতে মৎস্যজীবী মানুষেরা নৌকার ওপর মনসাকে স্থাপন করে পূজা করতেন। নৌকাপূজা এই প্রথারই ধারাবাহিকতা।

নৌকাপূজার উদ্ভবের প্রেক্ষাপটে কাজ করেছে সামাজিক দ্বন্দ্ব— এই ধারণা ব্যক্ত করে সুজিৎ চৌধুরী লিখেছেন— “নৌকাপূজার বিপুল আড়ম্বরের পেছনে সামাজিক দ্বন্দ্বের একটি পটভূমি অন্তর্লীন আছে বলে মনে হয়। এ অঞ্চলে মনসা প্রচণ্ড জনপ্রিয় দেবী— নিম্নবর্ণের সমাজে তাঁর প্রতিষ্ঠা দুর্গার চাইতেও বেশি। উচ্চবর্ণের সমাজেও তিনি পূজিতা, যদিও স্বাভাবিকভাবেই তাঁরা দেবী দুর্গাকে অধিকতর সম্মান এবং মর্যাদা দিয়ে থাকেন। উচ্চবর্ণের একজন মানুষ অর্থবান হলে প্রথমেই দুর্গাপূজার অনুষ্ঠান করেন। পক্ষান্তরে নিম্নবর্ণের মানুষের সম্পদ প্রাপ্তির পর প্রাথমিক ধর্মীয় কর্তব্য হল মনসাকে নৌকায় অধিষ্ঠিত করানো। দৃষ্টিভঙ্গীর এই ভিন্ন সামাজিক ইতিহাসের একটি অতীত পর্যায়ে নিশ্চিতই দ্বন্দ্ব-বিবাদ এবং রেখারেশির ব্যাপারে পরিণত হয়েছিল। সেই সময়ে দুর্গার চাইতে মনসার শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন করার মানসেই সম্ভবতঃ নৌকাপূজার সঙ্গে পর্যাপ্ত আড়ম্বর যুক্ত করা হয়েছিল। হিন্দু পুরাণের বড় বড় স্বীকৃত সব দেবদেবীরা চতুর্দিকে ক্ষুদ্রাকারে ছড়িয়ে ছিটিয়ে থাকবেন, মধ্যখানে বিপুল গৌরবে বিশাল আকারের মনসামূর্তি থাকবেন সমাসীন— এ-ধরনের পরিকল্পনার মধ্যে মনসার মর্যাদা বৃদ্ধির মনোভাব যে নিহিত ছিলই, এমন অনুমান বোধহয় অসঙ্গত হবে না।”^৬ মনসার মর্যাদা বৃদ্ধিই নৌকাপূজার লক্ষ্য— এই তত্ত্বের সঙ্গে সহমত পোষণ করলেও নিছক শ্রেণিগত ‘দ্বন্দ্ব-বিবাদ ও রেখারেশির’ যুক্তিটি আমরা মেনে নিতে পারছি না। কারণ, বিশেষ কোনো প্রেক্ষাপট ছাড়া শুধুই নিজস্ব বর্ণের শ্রেষ্ঠতা প্রতিপন্ন করার এ-জাতীয় কৌশলী প্রক্রিয়ার আর কোনো নজির নেই। তাই আমরা অন্য দৃষ্টিকোণ থেকে নৌকাপূজার উদ্ভব অনুসন্ধানের চেষ্টা করছি।

নৌকাপূজা যেহেতু মনসার সমারোহপূর্ণ পূজা তাই সর্বাগ্রে মনসার স্বরূপ সন্ধান করা প্রয়োজন। তবে, মূল প্রসঙ্গে যাবার আগে অন্য একটি প্রাসঙ্গিক বিষয়ের আলোচনা জরুরি। ভারতবর্ষ একটি সুপ্রাচীন সভ্যতার দেশ। কোনো বিতর্কে প্রবেশ না করে নিঃসন্দেহে বলা যায়— ন্যূনতম চার হাজার বছর আগে পশ্চিম থেকে যে সাংস্কৃতিক ধারা ধীরে ধীরে পূর্বদিকে প্রসারিত হয়েছে তা বরাক উপত্যকা পর্যন্ত বিস্তৃত হবার পর ভৌগোলিক কারণে আর অগ্রসর হতে পারেনি। পরবর্তী সময়ে নব্য-ভারতীয় আর্থভাষাগুলির জন্ম হলে সেই সাংস্কৃতিক ধারাকে উপলক্ষ্য করে রচিত রয়েছে আঞ্চলিক সাহিত্য। অর্থাৎ, আমরা বলতে চাইছি, ভাসিক ভিন্নতা থাকলেও ভারতীয় সংস্কৃতি একটি এক্যসূত্রে গ্রথিত। কিন্তু বর্তমান সময়ে রাজনৈতিক ভূগোলীর সীমাবদ্ধ পরিসরে যেভাবে সংস্কৃতি অধ্যয়ন প্রক্রিয়া চলছে এতে



সেই ঐক্যের সূত্রটি ছিল হচ্ছে বলেই আমরা মনে করি। কারণ, রাজনৈতিক ভূগোল শাসনতান্ত্রিক প্রয়োজনে সৃষ্ট কৃত্রিম সীমানা। সংস্কৃতি কোনো কৃত্রিম সীমায় আবদ্ধ থাকতে পারে না।

এই পরিপ্রেক্ষিতে ভারতীয় প্রেক্ষাপটে মনসার উৎস সন্ধান করে আমরা এই অনুমান প্রকল্পে উপনীত হয়েছি— সর্পভূমিতা মনসাকে পণ্ডিত-গবেষকরা সর্বত্রই সর্পদেবী বলে চিহ্নিত করলেও মনসা আদৌ সর্পদেবী নন। তাহলে মনসা কে?— এই প্রশ্নের উত্তর পেতে হলে তিনটি শব্দের অর্থ সন্ধান করা দরকার। বাংলা, অসমিয়া, হিন্দি ও রাজা ভাষায় রচিত কাব্যে মনসাকে তিনভাবে সম্বোধন করা হয়েছে— নাগমাতা, সর্পমাতা, অহিকুলের অধিশ্রী। নাগ— তৎসম শব্দ। শব্দটির বহু অর্থ— হস্তী, সর্প, যারা পর্বতবাসী বা বৃক্ষের কোটরে বাস করে ইত্যাদি। একাধিক নব্য ভারতীয় আর্থ ভাষায় শব্দটি গৃহীত হবার পর অর্থসংকোচজনিত কারণে ‘নাগ’ বলতে অধিকাংশ ক্ষেত্রে এখন সর্পসূপ সর্প বোঝায়। কিন্তু প্রাচীন ভারতের একটি জনগোষ্ঠী নাগ নামে পরিচিত ছিল। তাদের আদি ভূমি ছিল উত্তর ভারত। অন্যদিকে, সর্প শব্দের এক অর্থ বিষাক্ত সর্পসূপ; অন্য অর্থ স্নেহজ্ঞাত বিশেষ। তারা ক্ষত্রিয় ছিলেন। বশিষ্ঠের আদেশে সগররাজ এদের বেদধর্ম বহিষ্কৃত করেন। মার্কণ্ডেয় পুরাণে সর্পজাতি সৃষ্টির ইতিহাস বর্ণিত হয়েছে। প্রজাপতি দিবা, রাত্রি, সন্ধ্যা ও জ্যেৎস্না এই চতুর্বিধ শরীর উৎপন্ন করে রাত্রিকালে ক্ষুধা-তৃষ্ণায় কাতর হয়ে রজসুমোমরী অন্য মূর্তি পরিগ্রহ করে আতাত্ত বিরূপ ও শ্মশ্রুল ক্ষুৎকাম প্রজা সৃষ্টি করলেন। এরাই রাক্ষস ও যক্ষ। এদের দেখে অপ্রীতিজনিত কারণে ব্রহ্মার মাথার চুল খসে পড়ে সর্পণ অর্থাৎ বিচরণ করতে লাগলো। এজন্যই তারা সর্প নামে অভিহিত হল।

তন্ দৃষ্ট্বা হাপ্রিয়োগাস্য কেশাঃ শীর্ষান্ত বেধসঃ।
সমারোহণহীনাশ্চ শিরসো ব্রহ্মণস্ত তে।
সর্পণাৎ তেহভবন সর্পহীনত্বাদহয়ঃ স্মৃতাঃ ॥ (৪৮/২১)

(তাদের দেখে অপ্রীতি উপস্থিত হওয়ায় বিধাতার কেশ পড়তে লাগল। ওই কেশ ব্রহ্মার মস্তক সমারোহণ শূন্য হয়ে সর্পণ করায় তারা সর্প সংজ্ঞা প্রাপ্ত হল। হীনজাতি হেতু তাদের অহিও বলে থাকে।)

পুরাণের সাক্ষ্য অনুযায়ী সর্প ও অহি এই শব্দ দুটি শুধু সর্পসূপ বাচক নয়; নিম্নবর্ণের মানুষের পরিচিতি জ্ঞাপকও বটে। অর্থাৎ নাগ, সর্প ও অহি মানুষ বোঝাতেও ব্যবহৃত হয়েছে। তাই আমাদের বক্তব্য হল, মহাভারতে, পুরাণে, জাতকে যে অজস্র নাগ কাহিনি আছে সেগুলোর কোনোটাই সাপের

গল্প নয়। ওই সব আখ্যান বর্ণিত নাগেরা জলাশয়ের আশেপাশে বসবাসকারী প্রাণী জনগোষ্ঠী। মহাভারতে নাগদের তিনটি বাসভূমির উল্লেখ আছে। উত্তর নাগলোকে প্রবেশ করে নাগদের স্তুতি প্রসঙ্গে বলেছেন— ‘বহুনি নাগবেশ্মানি গঙ্গয়াস্তীর উত্তরে’ (আদি, ৩।১৪৬) এবং ‘যস্যবাসঃ কুরুক্ষেত্রে খাণ্ডবে চা ভবৎপুরা’ (আদি, ৩।১৪৯)। গঙ্গার উত্তর তীর, কুরুক্ষেত্র এবং খাণ্ডবে যীরা বসবাস করতেন তাঁরা সর্পসূপ নন। কারণ মহাভারতে বর্ণিত নাগলোক একটি সমৃদ্ধ নগর।

‘তমুতক্লেহনুবিবেশ তেনৈব বিলেন, প্রবিশ্য চ তং নাগলোকমপর্যন্তমনেকবিধ-প্রাসাদ-হর্ম্য-বলভী-নির্যুহ-শত-সঙ্কলমুচ্চাবচ-ক্রীড়াশচর্য-স্থানাবকীর্ণমপশ্যত।’ (আদি, ৩।১৪২)

(তক্ষকের অনুসন্ধান উত্তর সেই গর্তপথ দিয়ে পাতালে প্রবেশ করে দেখলেন— নাগলোকের সীমা নেই। নানাবিধ দেবালয়, রাজভবন, ধনিগৃহ, চিলেকোঠা, দেয়ালে বড় বড় আঁকশি এবং বিভিন্ন ধরনের আশ্চর্য রকম খেলার স্থানও রয়েছে।)

নাগকন্যা উলুপী অর্জুনকে নাগলোকে নিয়ে যাবার পর অর্জুন নাগলোককে সুন্দর দেশ বলে প্রশংসা করে উলুপীকে জিজ্ঞাসা করেছেন— ‘কশ্যায়ং সুভাগো দেশঃ কা চ ত্বং কস্যাব্যাজা।’ (আদি, ২০৭।১৭) ‘এই সুন্দর দেশটির নাম কী? তুমি কে? কার কন্যা?’

নাগেরা রসাতলবাসী। মহাভারতে উদযোগপর্বে আছে, ইন্দ্রের সারথি মাতলি তার কন্যা গুণকেশীর জন্য উপযুক্ত পাত্রের সন্ধানে নারদের সঙ্গে পাতালে গিয়েছিলেন। রসাতলের ভোগবতী নগর দর্শনের অভিজ্ঞতা ব্যক্ত করতে গিয়ে উচ্ছ্বসিত নারদ বলেছেন,

ইহ নানাবিধাকারা নানাবিধবিভূষণাঃ।
সুরসায়ঃ সূতা নাগা নিবসন্তি গতব্যথাঃ।
মণিস্বস্তিকচক্রাঙ্কাঃ কমণ্ডলুকলক্ষণাঃ।
সহস্রসংখ্যাবলিনঃ সর্বে রৌদ্রাঃ স্বভাবতঃ।।
সহস্রশিরসঃ কেচিৎ কেচিৎ পঞ্চশতাননাঃ।
শতশীর্ষান্তথা কেচিৎ কেচিৎশিরসোহপি চ।।
(উদযোগ, ৯৬।৪-৬)

(নানা ধরনের মূর্তি, নানা ধরনের ভূষণ সম্পন্ন ও পীড়াহীন সুরসানন্দ নাগেরা এখানেই বাস করতেন। তাঁরা সবাই বলবান, উগ্রস্বভাব ও সংখ্যায় প্রচুর। তাঁদের মধ্যে কেউ মণিচিহ্ন, কেউ

স্বস্তিকচিহ্ন, কেউ চক্রচিহ্ন, কেউ কমণ্ডলুচিহ্ন ধারণ করেন। তাঁদের কারোর সহস্র মাথা, কারোর পাঁচশো মাথা, কারোর একশো মাথা এবং কারোর তিন মাথা।)

নাগদের মাথার সংখ্যা প্রসঙ্গে আমাদের বক্তব্য হল— ভারতবর্ষে নানা প্রজাতির সাপ পাওয়া যায়। স্থানীয় মানুষদের পাশাপাশি বৈদিক আর্যরাও এসব বিষধর সর্পসূপের বৈশিষ্ট্য সম্পর্কে অবহিত ছিলেন। আয়ুর্বেদশাস্ত্রে এর প্রমাণ আছে। বহু মাথা সম্পন্ন সাপের যে কোনো বাস্তব অস্তিত্ব নেই একথা তাঁরা জানতেন। তাই এই শ্লোকে সর্পসূপ সাপের কথা বলা হয়নি। বলা হয়েছে নাগ অভিধায় চিহ্নিত মানুষদের কথা— যীরা গোষ্ঠী পরিচিতির চিহ্ন হিসেবে সর্পফণা অলঙ্কৃত শিরোভূষণ ধারণ করতেন। ভারতের নাট্যশাস্ত্রে ‘আহাৰ্য্যভিনয়’ অধ্যায়ে নাগদের ফণা সজ্জিত শিরোভূষণের উল্লেখ আছে।

দিব্যবৎ সংপ্রকর্তব্যং নাগীনাং তু বিভূষণম্।
মুক্তামণিলতাপ্রায়ং ফণস্তাসাং তু কেবলম্ ॥ (২৩।৫৪)

(দিব্যানারীদের মতো নাগিনীদের মুক্তামণিলতাদিভূষণ করতে হবে; শুধু নাগিনীদের থাকবে ফণা।)

অজস্র গুহাচিহ্নে জাতক কাহিনিকে চিত্রায়িত করা হয়েছে। ওই সব চিত্রে অক্ষিত নাগরাজা, রাজপুরুষ নাগরমণী— প্রত্যেকেই মানুষ এবং তাঁদের শিরোভূষণে সর্পফণা বিদ্যমান। সামাজিক মর্যাদা অনুযায়ী নাগ পুরুষদের শিরোভূষণের ফণার সংখ্যা নির্দিষ্ট হত। বিদূরপণ্ডিত জাতকের চিত্র আলোচনায় বলা হয়েছে, ‘In front of the king are two Naga chiefs, one of whom has a double hood over his head. The number of hoods apparently shows social and political rank, for king Varuna has been shown with five hoods. It may be interesting to note that the ladies in this fresco as well as in other places have invariably been painted with one hood only. The Naga chief with the double hood in this group is seated on a cushion, while the one to his left who has a single hood is squatting on the ground, the difference being apparently due to the consideration of rank.’^{২০} মহাভারতে নাগরাজাদের সহস্রশীর্ষ, শতশীর্ষ বলে তাদের মর্যাদা প্রতিপন্ন করা হয়েছে। বর্ণনার এই শৈলীটি পরবর্তী রচনাসমূহেও অনুসৃত হয়েছে। নাগনারীদের শিরোভূষণে থাকত একটি সর্পফণা। এক্ষেত্রে কোনো পার্থক্য ছিল না।



মহাভারতের কথাবস্ত অনুযায়ী নাগদের জীবনে চরম বিপর্যয়ের সৃষ্টি করেছিল সর্পসত্র ও খাণ্ডব দাহন। নাগদের বিনিষ্টির স্তম্ভর অভিশাপ অনুমোদন করার পক্ষে ব্রহ্মার যুক্তি ছিল—

বহবঃ পন্নগাস্তীক্ষ্ণা ঘোররূপা বিঘোনুগাঃ।
প্রজানাং হিতোকামোহং ন চ বারিতবাস্তদা ॥
(আদি ৩৩।১২)

(বহু সাপের বিষ অত্যন্ত তীক্ষ্ণ এবং সেই বিষে তারা সবসময়ই উন্মত্ত থাকে। তাই লোকের মঙ্গলের জন্যই ক্রন্দকে বারণ করিনি।)

প্রশ্ন উঠতেই পারে— উল্লিখিত সর্পরা যদি মানুষ হন তাহলে তীক্ষ্ণ বিষের কথা আসে কেন? এই প্রশ্নের উত্তর সন্ধান প্রবৃত্ত হবার আগে ভারতীয় বিজ্ঞানে বিষ প্রসঙ্গ কীভাবে আলোচিত হয়েছে দেখা দরকার। আয়ুর্বেদশাস্ত্রে বিষ দ্বিবিধ— স্থাবর ও জঙ্গম। স্থাবর বিষ উদ্ভিজ্জ বিষ আর জঙ্গম বিষ প্রাণীজ বিষ। এই বিভাজন অনুযায়ী সাপের বিষ জঙ্গম শ্রেণিভুক্ত। মনসামঙ্গল কাব্যে প্রায় সর্বত্রই ব্যবহৃত বিষের নাম কালকূট। চাঁদ সওদাগরের ছয়পুত্র পাত্তভাত খেতে চাইলে সনকা রামাধরে ভাতের হাঁড়িতে জল ঢেলে রেখেছিলেন। রাতে সবার অলক্ষে এসে নাগ সেই পাত্রে কালকূট বিষ ঢেলে দিয়েছিল।

সন্ধান পাই নাগ করিলেক তাড়া।
নিঃসন্দে ঘুচাইল হাঁড়ির মুখের শরা ॥
আড় আঁধি হাঙ্গে নাগ মনেতে হরিষ
দস্ত উপাড়ি ঢালে কালকূট বিষ।
সাধিয়ে মায়ের কার্য আকাশ পায় হাতে।
লাড়িয়া চাড়িয়া বিষ মিশাইল ভাতে ॥^{২১}

এই আচরণ যে মানবিক এতে কোনো সন্দেহ থাকার কথা নয়। এক্ষেত্রে গুরুত্বপূর্ণ কথাটি হল— কালকূট জঙ্গম বিষ নয়, স্থাবর বিষ। এই বিষের আধার অশ্বখ জাতীয় এক ধরনের গাছ।

দেবাসুররণে দেবৈহঁতস্য পৃথুমালিনঃ।
দৈত্যস্য রুধিরাজ্জাতস্তরুশ্বখসম্মিতঃ।।
নির্যাসঃ কালকূটোহস্য মুনিভিঃ পরিকীৰ্তিতঃ।
সোহহিচ্ছ্রে শৃঙ্গবেরে কোকণে মলয়ে ভবেৎ ॥

(শব্দকল্পদ্রুম)
(দেবাসুরের রণে দেবতাদের দ্বারা হত পৃথুমালি নামক দৈত্যের রুধির থেকে অশ্বখ সদৃশ এক তরুর জন্ম হয়। সেই



তরুর নির্যাসই কালকুট বিষ বলে কথিত। এই বৃক্ষ অহিচ্ছত্র, শৃঙ্গবের, কোকণ ও মলয় পর্বতে জন্মে।)

যে চারটি স্থানের নাম এই শ্লোকে বলা হয়েছে সেগুলি নাগদের বসতি স্থল বলে চিহ্নিত।

অসমীয়া সাহিত্যের শ্রেষ্ঠ মনসাকাব্য ‘সুকনানী : পদ্মাবতী’-তে নাগিনী লখিন্দরের দেহে হলাহল প্রয়োগ করেছে।

পদ্মাকে আরাধি কালী মনে করি সার।
লখাইর কি না আঙুলিত মারিলা কামোর।
কামোর মারিয়া তিনি পাক বাগরিলা।
ওঠর তোলা হলাহল বিষ শরীরে ঢালিলা।
হলাহলও স্থাবর বিষ।^১

মনসামঙ্গলে মনসার বিষপ্রাপ্তির কাহিনি আছে। কোনো কোনো কাব্যে স্পষ্ট বলা হয়েছে, মনসা স্থাবর বিষের অধিকারিণী।

সঙ্করের অংশ পদ্যা উপস্থিত হৈলা।
জাতকর্ম্ম আদি কস্যপ কদ্রুএ করিলা।
বাসুকিতে স্থাব্য বিশ দিলা পদ্যা স্থানে।
সম্বুরিলা বিস দেবি আপনার গুনে।^২

নাগেরা যে স্থাবর বিষ সম্পর্কে অভিজ্ঞ ছিলেন সূত্রত সংহিতায় এর ইঙ্গিত পাওয়া যায়। আয়ুর্বেদে সর্পকেও দুভাগে ভাগ করা হয়েছে— দিব্যসর্প ও ভৌম সর্প। দিব্যসর্পের বিষ থাকে দৃষ্টি ও নিঃশ্বাসে আর ভৌমসর্পের বিষ থাকে দংশন। দিব্যসর্পের বিষ চিকিৎসার অতীত। সূত্রত তাই দিব্যসর্পকে নমস্কার জানিয়ে ভৌমসর্পের বিষ চিকিৎসা প্রক্রিয়া বর্ণনা করেছেন।

অসংখ্যা বাসুকিমুখা বিখ্যাতাস্তম্ভকাদয়ঃ।
মহীধরাশচ নাগেন্দ্রা ছত্ৰাণিসমতেজসঃ।।
যে চাপ্যজসং গজ্জস্তি বর্ষস্তি চ তপস্তি চ।
সসাগরা গিরিধীপা যৈরিয়ং ধার্যতে মহী।
ক্রুদ্রা নিশ্বাসদৃষ্টিভ্যাং যে হনুরাখিলং জগৎ
নমস্তেভ্যোহস্তি নো তেযাং কার্যং কিঞ্চিকিৎসয়া।।
(সূত্রত সংহিতা, কল্পস্থান ৪)

(বাসুকি তম্ভকাদি প্রমুখ সর্প অসংখ্য। মহীধর নাগেন্দ্ররা ছত্রাণি সমান তেজস্বী। তাঁরা অজস্র গর্জন, বর্ষণ ও তাপ প্রদান করেন এবং সসাগরা, সপর্বতা ও সর্দীপা মহী ধারণ করে থাকেন। তাঁরা ক্রুদ্ধ হলে নিঃশ্বাস ও দৃষ্টিযোগে সমস্ত জগৎ ধ্বংস করতে

পারেন। ঐদের নমস্কার। ঐদের চিকিৎসায় আর কাজ নেই।)

বাসুকি, তম্ভক প্রমুখ নামের উল্লেখ থেকে বোঝা যায়, নাগেরাই আয়ুর্বেদশাস্ত্রে দিব্যসর্প পরিচয়ে চিহ্নিত হয়েছেন। প্রাচীন ভারতীয় সাহিত্যে নানা জায়গায় নাগদের দংশন অর্থাৎ বিষ প্রয়োগ এবং বিষ চিকিৎসার বিবরণ আছে। ভীমের বলবীর্যে ঈর্ষান্বিত হয়ে দুর্যোধন তাকে হত্যার উদ্দেশ্যে কালকুট মিশ্রিত খাদ্য পরিবেশন করেন। বির্ষক্রিয়ায় ভীম অজ্ঞান হয়ে পড়লে দুর্যোধন তাকে লতা দিয়ে বেঁধে জলে ফেলে দেন। ভীমের দেহ ভাসতে ভাসতে নাগলোকে উপনীত হলে বাসুকি সাতদিন চিকিৎসা করে তাকে সুস্থ করে তোলেন (আদি। ১২৬।২৬,২৭)। মার্কণ্ডেয় পুরাণে মরুভূত রাজার উপাখ্যানে আছে তপস্যায় বাধা সৃষ্টির জন্য নাগেরা সাতজন মুনি কুমারকে দংশন করে। এতে ক্রুদ্ধ হয়ে রাজা মরুভূত নাগদের বিনাশ করতে সংবর্তক অস্ত্র প্রয়োগ করেন। তখন ভীত নাগেরা সেই মুনি কুমারদের পুনর্জীবিত করে নিজেদের রক্ষা করেন।

ততঃ সঞ্জীবয়ামাসুস্তানু বিপ্রাংস্তে ভুজঙ্গমাঃ।
দিবোরোযধিজাতৈশ্চ বিষসংহরণেন চ।।(১৩১।৩৯)

(এরপর ভুজঙ্গেরা দিব্য ঔষধসমূহের দ্বারা বিষ সংহরণ করে সেই বিপ্রদের জীবিত করল।)

ভাগবতের কালীয়া দমন কাহিনিতে দেখা যায়, কালীয়া নাগ বিষ প্রয়োগে যমুনার জল দূষিত করতেন বলেই কৃষ্ণ তাকে রামণীয়ক দ্বীপে নির্বাসিত করেন। বিষ প্রয়োগ এবং বিষ চিকিৎসায় দক্ষতার সুবাদেই সম্ভবত নাগেরা সর্পফণা ধারণ করতেন। বিষের পরিচিতি রূপে যে সর্পচিহ্ন ব্যবহৃত হত এর একটি নিদর্শন আসাম রাজ্যিক সংগ্রহালয়ে রক্ষিত Snake Pillar। সর্পমূর্তি অলংকৃত এই স্তম্ভে একটি চুক্তিপত্র খোদিত আছে। চুক্তিপত্রটির বয়ান হল— অরণ্যবাসী মানুষদের কাছ থেকে আহোম রাজ বিনিময় প্রথার মাধ্যমে বিষ সংগ্রহ করবেন। স্তম্ভের সর্পমূর্তিটি বিষের প্রতীক। তবে অনেকের মতে নাগেরা ছিলেন সর্পপূজক। শিরোভূষণ পরিধানের এটাও একটা কারণ হতে পারে।

অরণ্যবাসী নাগেরা বিবাক্ত উদ্ভিদ এবং এসব উদ্ভিজ্জ বিষের প্রতিক্রিয়া সম্পর্কে অবহিত ছিলেন। এক্ষেত্রে বহিরাগত আর্ঘ্যা নাগদের সঙ্গে এঁটে উঠতে না পারায় তাদের উচ্ছেদ সাধনে প্রবৃত্ত হয়েছিলেন। সর্পসত্র, খাণ্ডবদাহন, কালীয়াদমন— এসবই স্বভূমি থেকে নাগদের বিতাড়নের ইতিহাস। সর্পসত্রের অন্য ব্যাখ্যাও হতে পারে। জন্মেজয় তম্ভক নাগের রাজ্য তক্ষশীলা



this is confirmed among the Austrics who were probably the world's first great seafaring peoples.”^৪

মনসাপূজা প্রচলনের সূত্রও নাগ ঐতিহ্যেই নিহিত। সর্পসত্রের বিনষ্টির হাত থেকে নাগদের রক্ষা করেছিলেন নাগকন্যা জরৎকারুর (টীকা দ্রষ্টব্য) পুত্র আস্তিক। আস্তিকের জন্মবৃত্তান্ত বর্ণিত হয়েছে মহাভারতের আদিপর্বে। সর্পসত্রের সংবাদে বিষগ্ন বাসুকি এই বিপর্যয় থেকে রক্ষা পাবার উপায় জানতে চাইলে ব্রহ্মা বলেছিলেন, আর্ঘ্য ঋষির ঔরসে নাগকন্যার গর্ভজাত পুত্রই নাগদের রক্ষা করতে সমর্থ। তখন বাসুকি-কোপন স্বভাব, স্ত্রীর ভরণ-পোষণ দিতে অক্ষম, বৃদ্ধ ঋষি জরৎকারুর সমস্ত শর্ত মেনে তার সঙ্গে সহোদরা জরৎকারুর (ওই টীকা) বিয়ে দিয়েছিলেন। উদ্দেশ্য ছিল পুত্রলাভ। অল্পদিনের মধ্যেই ঋষি জরৎকারুর পত্নীকে পরিত্যাগ করে চলে যান। এই সংবাদ শুনে ‘অসঙ্গত’ সত্ত্বেও সর্পকুলের হিতার্থে বাসুকি বোনের কাছে জানতে চেয়েছিলেন স্বামী সহবাসে তার গর্ভসঞ্চারণ হয়েছে কি না? বোনের কাছে থেকে সদর্থক উত্তর পেয়ে বাসুকি তাকে সংবর্ধিত করেছিলেন।

সান্ত্বমানার্থদানৈশ্চ পূজয়া চারুর্কপয়া
সৌদর্য্যাং পূজয়ামাস স্বসারং পন্নগোত্তমঃ।।
(আদি।৪৩।১৫)

(তারপর বাসুকি মধুর বাক্য, সম্মান প্রদর্শন ও ধন দান দ্বারা সুন্দরভাবে সেই সহোদরা ভগ্নীকে সন্তুষ্ট করলেন।)

বাসুকিভগ্নী গোষ্ঠীস্বার্থে আত্মসুখ বিসর্জন দিয়েছিলেন বলেই ভাইয়ের দ্বারা সম্মানিত হয়েছিলেন। এই সূত্রেই তিনি নাগকুলের শ্রদ্ধা আদায় করে কালক্রমে সেই সমাজে দেবীর মর্যাদায় অধিষ্ঠিত হন। বাসুকিভগ্নীই যে মনসা এ নিয়ে কোনো সংশয় নেই। পূজাবিধিতে মনসার এই মহাভারতীয় পরিচিতিই উল্লিখিত হয়েছে।

আস্তিকস্য মুনেন্মর্গাতা ভগিনী বাসুকেন্তথা।
জরৎকারুন্মুনেঃ পত্নী মনসা দেবী নমোহস্ততে।।

উত্তর ভারতে অতীতে নাগ বসতি ছিল বলেই ওই সব অঞ্চলের নানা জায়গা— হরিদ্বার, চণ্ডীগড়, এলাহাবাদে সুপ্রাচীনকালে গড়ে উঠেছিল মনসা মন্দির, যা আজও স্বমহিমায় বিরাজমান। আশুতোষ ভট্টাচার্য হরিদ্বারের মনসা মন্দির বঙ্গের মনসা উপাসনার সঙ্গে সম্পর্কযুক্ত নয় বলে সিদ্ধান্ত করেছেন।^৫ কিন্তু সর্বত্রই যেহেতু একই মন্ত্রে পূজা সম্পন্ন হয় তাই এই মত



গ্রহণযোগ্য নয়। তবে এক্ষেত্রে একটি প্রশ্ন উঠতে পারে— উত্তর ভারতের ‘মনসা’ (মনসা) তো মনস্কামনা পূর্ণ করা দেবী, তাহলে পূর্ব ভারতের সর্পদেবী বলে কথিত মনসার সঙ্গে তাঁর অভিন্নতা কোথায়? ইতিপূর্বে দেখেছি, গোষ্ঠীস্বার্থ রক্ষা করায় নাগ সমাজে আস্তিক-জননী অভিভাবিকা দেবীর (Gurdian deity) মর্যাদা লাভ করেছিলেন। পশ্চিম অসমে ব্যাপকভাবে মনসা পূজা বা মারেপূজা অনুষ্ঠিত হয়। এই অঞ্চলে মনসার অন্য নাম বরমাণী (ব্রহ্মাণী)। বিবাহ ইত্যাদি শুভানুষ্ঠানের সূচনায় বরমাণীর পূজা করে আশীর্বাদ প্রার্থনা করা হয়। এতে মনসার অভিভাবিকা দেবীর স্বরূপই স্পষ্ট। অভিভাবিকা দেবী ভক্তের মনস্কামনা পূর্ণ করবেন— এই কল্পনায় কোনো অসঙ্গতি নেই। পূর্বাঞ্চলেও মনসার মনোবাঞ্ছা পূর্ণ করার দেবী পরিচিতি দুর্লভ নয়। ‘পূর্ববঙ্গ গীতিকার’ অস্তর্গত ‘সদাগর কন্যা বগুলা’ পালায় দুই রাজকুমারের কুদৃষ্টি থেকে আত্মরক্ষার জন্য স্বামীর প্রত্যাবর্তন কামনা করে বগুলা পঞ্চনাগের আলপনা ঐকে মনসাপূজা করেছে।

শাওন বাওনা মাস আখাল পাখাল পানি।
মনসা পূজিতে কন্যা হইল উতযোগিনী।।
কাইন্দ্যা কাইন্দ্যা বসাইল ঘট আপন মন্দিরে।
পরাণ পতি ঘরে আইব মনসার বরে।।
চাঁচর চিক্রণ কেশে গিরখানি মাঞ্জিল।
নূতন পিটালি দিয়া আলিপনা দিল।
মনসা দেবীরে আঁকে অতি ভক্তি ভরে।
পঞ্চনাগ আঁকে কন্যা শিরের উপরে।
শির নোয়াইয়া করে শতক পন্নতি।
“বর দেও মা মনসা ঘরে আউক পতি।।”
এক বছর হইল মাও গো খবর নাই ত পাই।
দুশমন রাজার পুত্রের আর কেমনে ভাড়াই।।
তিন মাস কাটাইবাম মাও গো ধরিয়া পরাণ।
না আইলে পতি মাও গো আমার নিচ্ছয় মরণ।।
শতক পন্নতি মাও গো ধরি তোমার পাও।
পতি ঘরে আইনা দিয়া আমার পরাণে বাচাও।।^{১০}
মনসামঙ্গল কাব্যেও মনসার এই বৈশিষ্ট্যের কথা আছে।
ক। অপুত্রার পুত্র হয় দরিদ্রের ধন।
রোগীর রোগ দূরে যায়ে বন্দিত মোচন।।
নারী যার ঘরে নাই নারী হয়ে ঘরে।
মনের অভীষ্ট সিদ্ধি হয়ে মোর বরে।।^{১১}

খ. শুন মন দিয়া আমি তথা গিয়া

ঘটে হেব অধিষ্ঠান।

মনের বাঞ্ছিত করিব পূর্ণিত
ধন পুত্র আদি মান।।^{১২}

গ। জয় জয় বিষহরী মনসা কুমারী।
রাখহ সেবকের মান মনোবাঞ্ছা পুরি।।^{১৩}

তবে মনসা-চাঁদ সওদাগর ঘনেশ্বর কোনো প্রসঙ্গ উত্তর ভারতের মনসা সম্পর্কিত জনশ্রুতিতে পাওয়া যায় না। এর কারণ আর্থ-সামাজিক প্রেক্ষাপটের ভিন্নতা। প্রাচীন যুগে পূর্বভারত ছিল নৌ-বাণিজ্যের কেন্দ্র। চম্পা ও তাম্রলিপ্ত ছিল দুটি বিখ্যাত নৌবন্দর। এ সম্পর্কে রমেশচন্দ্র মজুমদারের মন্তব্যটি প্রশিধানযোগ্য। ‘Curiously enough, we have more positive evidence of foreign trade of Bengal. This is mainly due to the fact that the oversea trade of a large part of North India passed through Bengal and its well-known ports at the mouth of the Ganges. Strabo, the great Greek geographer and historian, who wrote his famous ‘Geography’ between AD 17 and 23, refers to the “ascent of vessels from the sea by the Ganges to Palibothra”, and his information is probably derived from Megasthenes (fourth century BC). We learnt from a number of Jataka stories that merchant and businessmen took ships at Banaras, or lower down at Champa (modern Bhagalpur), and then either made coasting voyage to Ceylon or crossed the Bay of Bengal to Suvarnabumi being “for many days without sight of land.”^{১৪} নৌ-বাণিজ্যে দরকার হত প্রচুর সংখ্যক অভিজ্ঞ মাঝি-মাঝার। নৌ-চালনার কাজ যারা করতেন তাঁরা ছিলেন শূত্র শ্রেণিভুক্ত। ‘The merchants and adventurers required company of a large number of people to take with them for assistance and manning various jobs. Majority of the people thus recruited consisted of the poor of lower castes or Shudras’^{১৫} উত্তর ভারত থেকে বিতাড়িত বহু সংখ্যক নাগ স্বভূমি থেকে ‘সূর্যভিমুখে’ যাত্রা করে নূতন বসতি গড়ে তুলেছিলেন। অনুমান করতে বাধা নেই পূর্বভারতে এসে তাঁদের অধিকাংশই পূর্ব অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে নৌ-চালনা বৃত্তি গ্রহণ করেছিলেন। হীন জাতিভুক্ত হেতু যাদের অহি বলা হয়েছে বৈদিক সামাজিক পরিমণ্ডলে তাঁরা যে শূত্র বর্ণের অন্তর্ভুক্ত হবেন এটাই স্বাভাবিক। সেই সময়ে সমুদ্রযাত্রা ছিল চরম বিপদ



সঙ্কল। ‘In those days sailing on sea was neither so easy, nor was it smooth going. To hear of shipwreck was not an uncommon news. Those, who boarded the ship, used to say good-bye to their near and dear. There was always an apprehension lurking in mind of not being able to come back. No one was cent percent sure that the ship would reach its destination safely. Shipwreck in midway could not be ruled out altogether. There was always an apprehension of chance-landing on the shores of an unknown and uninhabited island. The return from such an island, if the ship could not be repaired, was impossible unless a miracle happened.’^{১৬}

এই অনিশ্চিত, উৎকণ্ঠাপূর্ণ যাত্রায় মাঝিরা যে তাদের অভিভাবিকা দেবীর পূজা করতে চাইবেন— এটাই স্বাভাবিক। প্রভাবশালী আর্থ বণিক নিম্নবর্ণের এই সাংস্কৃতিক অধিকার প্রদানে সম্মত না হওয়ার জন্যই সংঘাতের সৃষ্টি হয়েছিল। অনেকেই মনসামঙ্গল কাব্যে শৈব-সংস্কৃতির সঙ্গে অনার্য সংস্কৃতির দ্বন্দ্ব প্রত্যক্ষ করেছেন। কিন্তু পৌরাণিক পরিচিতি অনুযায়ী মনসা শিবের কন্যা নন। ব্রহ্মবৈবর্ত পুরাণ ও দেবী ভাগবত ছাড়া আর কোনো পুরাণে মনসার কথা নেই। এই দুই পুরাণেই মনসা কাশ্যপের মনজাতা কন্যা।

কন্যা সা চ ভগবতী কশাপসা চ মানসী।

তেনেয়ং মনসাদেবী মনসা যা চ দীব্যতি।।

(ব্রহ্মবৈবর্ত, প্রকৃতি খণ্ড, ৪৫।২)

(এই ভগবতী মনসাদেবী মহর্ষি কশ্যপের মন থেকে উৎপন্ন। এ জন্যই তিনি মনসা নামে খ্যাত। যেহেতু তিনি মানুষের মনে ক্রীড়া করেন, তাই তিনি দেবী নামেও প্রসিদ্ধ।)

উচ্চবর্ণের সমাজে গৃহীত হওয়ার পর মহিমাম্বিত করার জন্যই প্রাদেশিক কাব্যে মনসাকে শিব-কন্যার পরিচিতি প্রদান করা হয়েছে। অনার্য সংস্কৃতি থেকে গৃহীত দেবতাদের আর্থকূলভুক্ত করার এ ধরনের প্রক্রিয়া অন্যত্রও পরিলক্ষিত হয়। এই ধারার আর একটি উদাহরণ কার্তিক। লক্ষণীয় যে এই দেবদেবীরা কোনো আর্থদেবীর গভজাত নন। শিব বীর্যে এদের কারোর জন্ম হয়েছে পদ্মবনে, কারোর শরবনে।

এরপরও প্রশ্ন উঠতে পারে কাব্য বর্ণিত এতগুলি সর্পদংশনের ব্যাখ্যা কী? আমাদের বিচারে মনসামঙ্গল কাব্যে সর্পাঘাতের কোনো ঘটনাই ঘটেনি। মনসার কোপে প্রথমে

চলে পড়েছিল বহুই। শিব-ভবনে যাবার সময় যুবতী মনসার রূপে মুগ্ধ হয়ে বহুই তাকে বিয়ে করার প্রস্তাব দিলে ক্রুদ্ধ মনসার বিষ-দৃষ্টিতে সে চলে পড়ে।

দেবী বোলে না পাইলা আর কোন ঠাণ্ডি।

আমারে করিবা বিহা হালুয়া বহুই।।

বিষদিল্পে পদ্মাবতী চাহে কোপ মনে।

বহুই হালুয়া ঢলি পড়ে সেই ক্ষণে।।^{১৭}

উল্লেখ্য যে, আয়ুর্বেদশাস্ত্র অনুযায়ী দিব্যসর্পের দৃষ্টিতেই বিষ থাকে।

চাঁদ সওদাগরের হিতৈষী বিষবৈদ্যকে মনসা প্রথম বিষ দৈ খাইয়ে সশিষ্য দমন করতে চেয়েছিলেন। কিন্তু এই প্রচেষ্টা ব্যর্থ হলে মনসা বিযাক্ত ফুলের সাহায্য নেন।

মালিনীর বেশ ধরি চলিলেন বিষহরি

বধিতে সঙ্কু গাড়রি।

দাড়াইয়া ওবার পাশে মুখে কাপড় দিয়া হাসে

পুষ্প লও বলেন মালিনী।।

পুষ্প সুঞ্জিয়া চাহে বিষের গন্ধ পায় তাতে

পুষ্প নহে সর্পের গরল।

পুষ্প ফালাইয়া জলে চলে ওবা নিজ ঘরে

যায় ওবা আপোনার ঘর।।^{১৮}

শেষ পর্যন্ত ধনুস্তরির স্ত্রীর নিকট থেকে মৃত্যু রহস্য জেনে তক্ষক তাকে দংশন করেন। তক্ষকের এ-ধরনের ছলনার নিদর্শন অন্যত্রও আছে। সতর্ক প্রহরী বেষ্টিত রাজা পরীক্ষিতকে হত্যার কোনো উপায় না পেয়ে শেষ পর্যন্ত তক্ষক কয়েকজন নাগ বালককে তপস্বীর ছদ্মবেশে রাজার কাছে পাঠিয়েছিলেন। তাদের দেওয়া বিষ-মিশ্রিত ফল ভক্ষণ করে পরীক্ষিত মৃত্যু বরণ করেন।

স চিন্তয়ামাস তদা মায়াযোগেন পার্থিবঃ।

ময়া বঞ্চয়িতব্যোহসৌ ক উপায়ো ভবেদতি।।

ততস্তাপসরূপেণ প্রহিণোং স ভুজঙ্গমান্।

ফলদর্ভোদকং গৃহ্য রাজ্ঞে নাগোহথ তক্ষকঃ।।

(আদি।৩৮।২২,২৩)

(তখন তক্ষক চিন্তা করলেন— ছলনা করেই রাজা পরীক্ষিতকে বঞ্চিত করতে হবে। সুতরাং কী উপায় অবলম্বন করা যায়। এরপর তক্ষক নাগ কয়েকজন নাগকে ফুল, কুশ ও জল দিয়ে তপস্বী সাজিয়ে তাদের রাজা পরীক্ষিতের কাছে পাঠিয়ে দিলেন।)

দংশন শব্দটি ব্যবহৃত হয়েছে সাপের সাদৃশ্যে।



চাঁদ সওদাগরের ছয় পুত্রের তথাকথিত মৃত্যুর কথা পূর্বেই উল্লিখিত হয়েছে। লখিমদরকে দংশন করার জন্য মনসা তিন প্রহরে তিনজন নাগকে পাঠিয়েছিলেন। কিন্তু তারা বিষ প্রয়োগে ব্যর্থ হলে নেতার পরামর্শে পাঠানো হল নাগিনীকে। কারণটি সহজেই অনুমেয়। গুপ্তচরের কাজে সচরাচর নারীকে সন্দেহ করা হয় না। নাগিনী যে সরীসৃপ নয় এর প্রমাণ নিখরাত যুবক লখিমদরকে দেখে নাগিনীর প্রতিক্রিয়া।

মুখ জেন চন্দ্রমা খঞ্জন দুই চক্র।
বাহু জেন মুগাল নাসিকা শুক পক্ষ।।
গন্ধর্ব্ব সমান রূপ দেখি নাগে দয়া।
কেমত দংশিব বালক নিদারুণ হয়।।^{১৫}

অতএব এগুলি সাপের কামড় নয়— স্থাবর বিষ প্রয়োগের ঘটনা। এ জন্যই এদের পুনর্জীবিত করা সম্ভব হয়েছিল।

মনসা নাগ ঐতিহ্যের দেবী— এই সিদ্ধান্তের আর একটি কারণ, মনসাপূজার নির্দিষ্ট তিথি পঞ্চমী। নাগ সংস্কৃতিতে পঞ্চমী একটি স্মরণীয় তিথি। বরাহ পুরাণে বর্ণিত এ সম্পর্কিত কাহিনি থেকে জানা যায়— মাতৃশাপ থেকে রক্ষা করার জন্য ব্রহ্মা অতল, বিতল ও সুতল— এই তিনটি প্রদেশ নাগদের বাসস্থান রূপে নির্ধারণ করে দেন। বাসস্থান স্থিরীকরণ প্রক্রিয়াটি সম্পন্ন হয়েছিল পঞ্চমী তিথিতে।

এতৎ সর্ব্বঞ্চ পঞ্চম্যাং তেবাং জাতং মহাত্মনাম্।
ততঙ্কিয়ং তিথির্ধন্যা সর্ব্বপাপহরা শুভা।।
এতস্য্যাং সংযতো যস্ত্ব অল্পস্ত্ব পরিবর্জ্জয়েৎ।
ক্ষীরেণ স্নাপয়েন্নাগাংস্তস্য যাস্যস্তি মিত্রতাম্।

(২৪/৩২-৩৩)

(এসব ব্যাপার পঞ্চমী তিথিতে ঘটেছিল বলে পঞ্চমী পাপনাশিনী ও তিথির মধ্যে শ্রেষ্ঠ বলে গণ্য। যে ব্যক্তি সংযত চিন্তে অল্প পরিভ্যাগ করে এই তিথিতে দুধ দিয়ে নাগদের তর্পণ করে, নাগেরা তার মিত্র হয়ে ওঠে।)

বলা যেতে পারে— ব্রহ্মা বাসস্থান নির্দেশ করে প্রকারান্তরে উদ্বাস্ত নাগদের আত্মপরিচিতিতেই স্বীকৃতি দিয়েছিলেন। এমন তিথিই তো অভিভাবিকা দেবী অর্চনার প্রশস্ত দিন।

মনসামঙ্গল গেয় কাব্য। অধিকাংশ পদের শীর্ষে রাগের নাম আছে। যেমন— কামোদ, শ্রী, পটমঞ্জরী, সুহাই, সিদ্ধ, মালসি, গান্ধার, মঙ্গল, ভৈরবী, বরাড়ি, বসন্ত ইত্যাদি। এসব সঙ্গীতশাস্ত্র অনুমোদিত ধ্রুপদী রাগ। নাগদের মধ্যে গীতবাদ্যের

চর্চা ছিল। এই সিদ্ধান্তের সমর্থন আছে মার্কণ্ডেয় পুরাণে। নাগরাজ অশ্বতরের তপস্যায় তুষ্ট হয়ে সরস্বতী অশ্বতর ও তার অনুজ কশ্বল নাগকে সঙ্গীতশাস্ত্রে ব্যুৎপত্তি লাভের বর দিয়েছিলেন।

সপ্তস্বরী গ্রামরাগাঃ সপ্ত পল্লগসত্তম।
গীতকানি চ সপ্তৈব তাবতীশচাপি মুর্ছনাঃ।।
তালশ্চৈকোনপঞ্চাশৎ তথা গ্রামত্রয়ঞ্চ যৎ।
এতৎ সর্ব্বং ভবান্গাতা কশ্বলশ্চ তথানঘ।।(২৩/৫১-৫২)

(হে পল্লগসত্তমতু তুমি ও কশ্বল দুজনেই আমার প্রসাদে উত্তম গায়ক হবে এবং সপ্ত স্র-গ্রামের সপ্তরাগ, সপ্তগীত, সমস্ত মুর্ছনা, একোনপঞ্চাশৎ প্রকার তাল ও তিন প্রকার গ্রাম— এ সমস্তই গান করতে পারবে।)

সঙ্গীতশাস্ত্রে নাগদের ব্যুৎপত্তির সূত্রেই মনসামঙ্গল কাব্যে যুক্ত হয়েছে ধ্রুপদী রাগ ও নৃত্য। কাব্যটিকে তাই লৌকিক ঘরানার অন্তর্ভুক্ত করা যায় কি না তা পুনর্বিবেচনা করা দরকার।

বর্ণিত এই প্রেক্ষাপটে আমাদের বক্তব্য হল— বাণিজ্যিক স্বার্থে এবং কিছুটা হলেও মানবিক কারণে চাঁদ সওদাগর শেষ পর্যন্ত নিম্নবর্ণের মানুষদের সাংস্কৃতিক অধিকারকে স্বীকৃতি দিতে বাধ্য হয়েছিলেন। অবশ্য না দিয়ে উপায়ও ছিল না। কারণ, ইতিমধ্যে বণিকদের অনেকেই মনসাকে দেবী হিসেবে মান্যতা প্রদান করেছিলেন। কালিদহে চৌদ্দডিঙ্গা হারানোর পর বিপর্যস্ত চাঁদ সওদাগর তার এক মিতার বাড়িতে গিয়ে উঠেছিলেন। সেই বণিকের গৃহে মনসার বারা পূজিত হতে দেখে চাঁদ সওদাগর উন্মত্তের মতো আচরণ করায় তাকে তাড়িয়ে দেওয়া হয়েছিল।

ভাঙ্গিতে মনসা-বারি কোপে চাঁদ অধিকারী
লৈয়া যায় হেঁতালের বাড়ি।
বুদ্ধি তার বিপরীত বুঝিয়া তাহার মিত
মিতারে ধরিল দড়বড়ি।।
“ভাল, মিতা, হতবুদ্ধি আর তোর নাহি সিদ্ধি
দেবতা সহিতে বিসম্বাদ।
যদি নাহি দড়বড়ি লাত্যাম হেঁতাল বাড়ি
নিমিষেকে পড়িত প্রমাদ।।”
পাগল দেখিয়া তারে কেহ চৈকা চৌকা মারে
কেহ মারে মাথায় টাকর।
“ভাঙ্গিতে মনসা-বারি আস্যাছে আমার বাড়ী
চৌকা মার্যা বাড়ীর বাহির কর।।”^{১৬}



বহিঃ লইয়া পৃষ্ঠে বসাইয়া
চাঁদের বাটীতে বহি।।
চাঁদ ভাগ্যবান ডিঙ্গা চৌদ্দখান
নাগেতে বহিয়া দিল।
উল্লসিত হইয়া পুত্রবধু লৈয়া
নিজ ঘরে বসাইল।।
জ্বালি ধূপধুনা বিয়াল্লিশ বাজনা
বহিঃ অর্চনা করেন্তু
মঙ্গল শঙ্খধ্বনি ঘন ঘন শুনি
দেবী সুপ্রসন্ন তারে।।^{১৭}

বন্দাবন দাস ‘চৈতন্যভাগবত’ কাব্যে ওই সময়ে অনুষ্ঠিত বিষহরী পূজা প্রসঙ্গে লিখেছেন—

দত্ত করি বিষহরি পূজে কোন জন।
পুত্তলী করয়ে কেহ দিয়া বহ ধন।
(আদিখণ্ড / ২য় অধ্যায়)

বিষহরীর ‘পুত্তলী’ নির্মাণের জন্য বহু ধন ব্যয় করা এবং এই পূজার মাধ্যমে নিজের দত্ত প্রকাশ করা— নৌকাপূজা বলেই মনে হয়।

পাল রাজবংশের প্রতিষ্ঠার সময় থেকে নানা কারণে তাম্রলিপ্তির গুরুত্ব হ্রাস পেতে থাকে। ‘However, the bright carrier of the great city-port and emporium of trade of ancient India where merchants from both the Eastern and Western seas met together, probably "began to decline in the early Pala period (C. 9th century A.D.) due to the growing shallowness of the river Rupnarayan, on which it stood, as well as due to other political and social causes." In a word, since the early Pala period the sea on which the international city-port stood, receded far away from the place and the city-port lost its importance’^{১৮} নৌ-বাণিজ্য বন্ধ হয়ে যাওয়ায় বণিকদের প্রতিপত্তি ও মর্যাদা বহুলাংশেই ক্ষুণ্ণ হয়। সেন রাজাদের সময় বণিকদের সামাজিক অবস্থান কোন পর্যায়ে পৌঁছেছিল তা আন্দাজ করা যায় রাজা লক্ষণ সেনের সভাকবি গোবর্ধন আচার্যের লেখা ‘আর্য্য সপ্তশতী’ গ্রন্থের নিম্নোক্ত শ্লোক থেকে—

তে শ্রোষ্ঠিনঃ ক সস্প্রতি শত্রুশ্বজ য়েঃ কৃতস্তবোচ্ছ্রায়ঃ।
ঈযাং বা মেঢ়িং বাধুনাস্তনা স্তাং বিধিৎসন্তি।।
(ত-কার ব্রজ্যা, ২৬৯)^{১৯}

আমাদের অনুমান, বণিক নেতার স্বৈরাচারী আচরণের বিরুদ্ধে নিম্নবর্ণের সাংস্কৃতিক অধিকার অর্জনের লড়াইয়ে নিম্নবর্ণের মানুষের জয়ী হওয়ার স্মারক হল নৌকাপূজা বা গোহারী বিষহরী পূজা। নৌ-বাণিজ্যের সঙ্গে প্রত্যক্ষভাবে যুক্ত বলেই দেব-দেবীদের স্থাপন করা হয় নৌকায়। নৌ-চালকদের লড়াইয়ের সূত্রেই প্রতিমায় নৌকার কাণ্ডারিদের মূর্তিও সম্মানজনকভাবে স্থান পায়। কেন্দ্রে মনসাকে রেখে চারপাশে আর্যশাস্ত্র অনুমোদিত দেবতাদের মূর্তি স্থাপন করার পরিকল্পনার নেপথ্যে মনসার শ্রেষ্ঠত্ব প্রতিপাদনের ভাবনাই ক্রিয়াশীল। দীর্ঘ সময় ধরে চলা আন্দোলনে জয়ী হবার ঘটনা বর্ণিত হয়েছে বলেই বিপ্রদাস পিপিলাই তাঁর কাব্যের নামকরণ করেছেন ‘মনসা বিজয়’। ‘বিজয়’ অর্থে কেউ কেউ মৃত্যু বা যাত্রা বুঝিয়ে থাকেন। কিন্তু ঋগ্বেদে ‘বিজয়’ শব্দের অর্থ জয়লাভ (১০।৮৪।৪)। মধ্যযুগের অনেকগুলি কাব্যের নামকরণে এই অর্থে শব্দটি গৃহীত হয়েছে। যেমন— শ্রীকৃষ্ণ বিজয়, গোরক্ষ বিজয়, রসুল বিজয় ইত্যাদি। পূজার আড়ম্বরের কারণ বণিকদের প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতা।

এরপরও একটি প্রশ্ন থেকে যায়— পূর্ব ভারতের বৃহত্তর প্রেক্ষিতে এই পূজার উদ্ভব হলে কেন শুধু বরাক-সুরমা উপত্যকাতেই এই পূজা অনুষ্ঠিত হয়? এখন শুধু বরাক উপত্যকায় এই পূজা অনুষ্ঠিত হবার কারণ অঞ্চলটির ভৌগোলিক অবস্থান। পশ্চিম থেকে পূর্বে ক্রম প্রসারিত সাংস্কৃতিক ধারাটি বরাক উপত্যকায় এসে অবরুদ্ধ হয়ে গেছে। উত্তর, পূর্ব, দক্ষিণের দুর্লভ্যতা পাহাড় ডিঙিয়ে আর্য-সংস্কৃতি আর এগোতে পারেনি। অন্য ধারার সঙ্গে আদান-প্রদানও ঘটেনি। ফলে সাংস্কৃতিক ও সামাজিক ইতিহাসের অনেক প্রাচীন উপাদান এখনও এখানে লভ্য। প্রাচীন রীতিনীতির খুব একটা পরিবর্তন না হওয়ার জন্যই বরাক উপত্যকায় এখনও নিম্নবর্ণের মানুষের উদ্যোগে গ্রামাঞ্চলে নৌকাপূজা অনুষ্ঠিত হয়। উচ্চবর্ণের মানুষ অধ্যুষিত শহরাঞ্চলে এই পূজা অনুষ্ঠিত হয়েছে এমন কোনো তথ্য পাওয়া যায়নি। এক সময় অন্যত্রও যে নৌকাপূজা হত এর ইঙ্গিত আছে কেতকাদাস ক্ষেমানন্দের কাব্যে। ধন-জন সহ বেঙ্লা ফিরে আসার পর আত্মীয় বন্ধুরা চাঁদ সওদাগরকে মনসার পূজা করার কথা বললে সওদাগর বলেছিলেন—

চাঁদবনে বলে আমি তবে পূজি তায়
শুঙ্ক ডাঙ্গায় চৌদ্দ ডিঙ্গা ঘরে যদি যায়।^{১৯}
মনসা এই ইচ্ছা পূর্ণ করলে চাঁদ সওদাগর ‘বহিঃ অর্চনা’ করেছিলেন।

যদি সে জগাতী দিলেন আরতি
চলে চারিশত অহি।



[হেশ্বরধ্বজ হিন্দুপূজার জন্য প্রোথিত দণ্ড, সেই বৈশ্যদল কোথায়, যারা মর্যাদা দেবার জন্য তোমার পূজা-অর্চনা করত। এ-সময়ের লোকেরা তোমাকে লাঙ্গলদণ্ড বা গোবন্ধন স্তম্ভ রূপে ব্যবহার করবে।]

শ্লোকের মর্মার্থ— বণিকদের উৎসব লুপ্ত হয়ে যাওয়ায় সেই উৎসবের উপকরণ এখন অন্য কাজে ব্যবহৃত হচ্ছে।

জীবনচর্যার পরিবর্তন এবং পৃষ্ঠপোষকতার অভাবে ধীরে ধীরে অন্য অঞ্চল থেকে নৌকাপূজা লুপ্ত হয়ে যায়। কিন্তু প্রথার পরিবর্তন না হওয়ায় বরাক উপত্যকায় এখনও পূজাটি টিকে আছে।

বরাক উপত্যকায় যে বিধি অনুযায়ী নৌকাপূজা অনুষ্ঠিত হয় সেই বিধির নাম ‘গোহারী বিষহরী পূজাবিধি’। এজন্যই নৌকাপূজার অন্য নাম গোহারী বিষহরী পূজা। বিধির পুঁপিকায় রচয়িতার নাম নেই। বিধিটির সূচনা অংশ নিম্নরূপ—

নামো গণেশায়। অথ গোহারী বিষহরী পূজাবিধিঃ।
তৎ প্রমাণং। তত্র গরুড় সংহিতায়াং জৈমিনি প্রশ্নে কপিল বাক্যং।
সর্বো নিদ্রাঘ্রিত দেবাঃ কলৌজাগর্তি পন্নগী।
তস্মাত্ত্রাং পূজয়েত্তুক্ত্যা প্রত্যক্ষ ফলদায়িনীং।
লক্ষ্মীধরেণ নৌকান্তা যস্মান্মধুকরাভিধা।
তস্মান্মধুকরং নাবং কৃত্বা তত্র প্রপূজয়েৎ।
মুগায়ীপ্রতিমাং কৃত্বা দেবতাদৈঃ সমাবৃত্যং।
গতিত্বা সুবিচিত্রাঞ্চ পূজয়েত্তুক্তিনর্ভনেঃ।
অধমা বিংশ হস্তা নৌশচত্বারিংশচ মধ্যমা।
উত্তমা যন্তি হস্তা চ শতহস্তোত্তমোত্তমা।
চতুর্দশকরানুমান্ নৌকা পরিকীর্তিতা।...
সমিধৌভূতনাথস্য বিপুলায়াশ্চ নর্ভনে।
যে যে সমাগতা দ্রষ্টুং গতিত্বা তান্ প্রপূজয়েৎ।
ব্রহ্মাণং মাধবং রুদ্রং বাণীং লক্ষ্মীঞ্চ পার্বতীং।
কার্তিকেয়ং গণেশঞ্চ নাগানষ্টৌ চ কালিয়ং।
জরৎকারমুনিধেব মর্ত্যে চন্দ্রধরাত্তথা।
স্বর্গরেখাঞ্চ তৎপত্নীং পুত্রং লক্ষ্মীধরস্তথা।
তৎপত্নীং বিপুলায়ৈব শ্রীধরাখ্যং দ্বিজস্তথা।
যাশোধরঞ্চ দেবগ্যং কর্ণধারঞ্চ দুর্ভাভং।
অগ্রো কুলেশং নৌকায়াঃ পত্নীনষ্টৌ তথৈবচ।
ভাণ্ডারিণং সম্ভরং মধোহগ্রমূলকে তথা।
নেতাঞ্চ রাজকীং দেব্যাং সুগন্ধাঞ্চ তথাপরং।
সোমেশ্বরীং তথা দুর্গাং দেব্যাং পার্শ্বে বিনির্মিতাং।
সবাহনান্ সায়ুধাংশ্চ সর্বনিদেবান্ প্রপূজয়েৎ।


ইন্দ্রাদয়োহষ্টোলোকেশাঃ পূজতিব্যাংঃ সবাহনাঃ ১২

(ভগবান গণেশকে প্রণাম। এখন গোহারী বিষহরীর পূজাবিধি কথিত হচ্ছে। তার প্রমাণ— গরুড় সংহিতায় জৈমিনির প্রশ্নে কপিলের বাক্য। কলিকালে যখন দেবতার নিদ্রিত থাকেন পন্নগী তখন জাগরিত হন। সুতরাং তাঁকে ভক্তিপূর্বক পূজা কর্তব্য। তিনি প্রত্যক্ষ ফলদায়িনী। যেহেতু লক্ষ্মীধর মধুকর নামক নৌকা ধারণ করে থাকেন সেজন্য মধুকর নৌকা তৈরি করে পূজা কর্তব্য। দেবতাদের দ্বারা সমাবৃত সুন্দর মুগায়ী প্রতিমা গঠন করে নৃত্য-গীত সহকারে ভক্তিপূর্বক পূজা কর্তব্য। ২০ হাত নৌকা অধম, ৪০ হাত মধ্যম, ৬০ হাত নৌকা উত্তম, ১০০ হাত নৌকা অতি উত্তম, আর ১৪ হাত নৌকা ন্যূন বলে কথিত হয়।... বিপুলার নৃত্য দেখার জন্য যাঁরা ভূতনাথের সন্নিকটে সমাগত হয়েছিলেন তাঁদের মূর্তি গঠন করে পূজা কর্তব্য। যেমন— ব্রহ্মা, বিষ্ণু, সরস্বতী, লক্ষ্মী, পার্বতী, কার্তিক, গণেশ, অষ্টনাগ, কালীয়, জরৎকার মুনি এবং মর্ত্যের চন্দ্রধর, তাঁর পত্নী স্বর্গরেখা, পুত্র লক্ষ্মীধর, তার পত্নী বিপুলা, শ্রীধর নামক ব্রাহ্মণ, দেবজ্ঞ যশোধর, কর্ণধার দুর্ভাভ, নৌকার অগ্রভাগে কুলেশ, আটজন পদাতিক, মধ্যভাগে ভাণ্ডারি সম্ভর, অগ্রমূলে দেবীর রজকিনী নেতা, তারপর সুগন্ধা, দেবীর পার্শ্বে সোমেশ্বরী ও দুর্গাকে নির্মাণ করে বাহন ও সায়ুধসহ সব দেবতাদের এবং ইন্দ্রাদি অষ্টলোকপালকে সবাহন পূজা করবে।)

উল্লেখ্য যে বিদ্যাপতির ভণিতায়ুক্ত অনুরূপ একটি পুঁথি ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংরক্ষিত আছে। ‘ব্যাড়ীভক্তি তরঙ্গিনী’ নামক পুঁথিটির সূচক সংখ্যা K-531.1, প্রায় দেড়শো বছরের পুরনো অসমাপ্ত পুঁথিটির পত্র সংখ্যা পনেরো। পুঁথিটির দুটি অংশ— প্রমাণ তরঙ্গ ও প্রয়োগ তরঙ্গ। স্মৃতি, আগম, পুরাণ এবং লোকপ্রবাদ অনুসরণ করে প্রমাণ অংশ লিখিত হয়েছে। প্রয়োগ অংশে ঘটশোভন পর্যন্ত লেখা রয়েছে। পুঁপিকা অংশের বক্তব্য হল— সমরবিজয়ী বীর শ্রীদর্পনারায়ণ দেবের দ্বারা আদিষ্ট হয়ে বিদ্যাপতি ব্যাড়ীভক্তি তরঙ্গিনী রচনা করেছেন। বিধিটির নাম সম্পর্কে পণ্ডিতদের সিদ্ধান্ত হল— সংস্কৃত ‘ব্যাড়’ পুংলিঙ্গ বাচক শব্দ। অর্থ— সর্প। ‘ব্যাড়’ এর স্ত্রীলিঙ্গ ‘ব্যাড়ী’। বিধিতে মনসাকে ‘ব্যাড়ী’ বলা হয়েছে।^{১২}

আহমদ শরীফ পুঁথিটিকে ‘দুর্ভাভ সম্পদ’ বলে চিহ্নিত করে সিদ্ধান্ত করেছেন ‘মৈথিল কবির মনসাপূজা বিষয়ক’ পুঁথি মিথিলায় বিলুপ্ত হলেও পূর্ববঙ্গে রক্ষিত থাকা সম্ভব। কারণ মনসা পূজা পূর্ববঙ্গে জাতীয় পার্শ্বের মর্যাদা পেয়েছে।^{১৩}

সুকুমার সেন বলেছেন, “বিদ্যাপতি মনসাপূজার যে ব্যবস্থা



সাত ভাকের নৌকা পূজার প্রতিমা

নৌকাপূজার দেব-দেবী পরিচিতি

১. যুগলকৃষ্ণ ২. ব্রহ্মা ৩. বিষ্ণু ৪. মহাকাল ভৈরব ৫. দক্ষরাজ ৬. নন্দী ৭. মহাদেব ৮. ভৃঙ্গী ৯. উমানন্দ ভৈরব ১০. হরিহর ১১. হরগৌরী ১২. অর্ধনারীশ্বর ১৩. পঞ্চানন ১৪. ইন্দ্র ১৫. ধর্মরাজ ১৬. চিত্রগুপ্ত ১৭. জরৎকার মুনি ১৮. আস্তিক মুনি ১৯. নারদ মুনি ২০. দুর্বাসা মুনি ২১. মৎস্য ২২. কূর্ম ২৩. বরাহ ২৪. নরসিংহ ২৫. বামন ২৬. পরশুরাম ২৭. শ্রীরাম ২৮. বলরাম ২৯. লক্ষ্মীনারায়ণ ৩০. বৃদ্ধ ৩১. কঙ্কি ৩২. ঈশান ৩৩. অগ্নি ৩৪. নৈষাত ৩৫. বায়ু ৩৬. চন্দ্র ৩৭. সূর্য ৩৮ মঙ্গল ৩৯ বুধ ৪০. বৃহস্পতি ৪১. শুক্র ৪২. শনি ৪৩. রাহু ৪৪. কেতু ৪৫. মেঘ ৪৬. বৃষ ৪৭. মিথুন ৪৮. কর্কট ৪৯. সিংহ ৫০. কন্যা ৫১. তুলা ৫২. বৃশ্চিক ৫৩. ধনু ৫৪. মকর ৫৫. কুম্ভ ৫৬. মীন ৫৭. কমলা ৫৮. ভৈরবী ৫৯. বোড়শী ৬০. বগলা ৬১. তারা ৬২. মাতঙ্গী ৬৩. লক্ষ্মণ ৬৪. সীতা ৬৫. কুবের ৬৬. বরুণ ৬৭. অনন্ত ৬৮. বাসুকি ৬৯ তক্ষক ৭০. কুলীক ৭১. কর্কটিক ৭২. শঙ্খপাল ৭৩. কঞ্চল ৭৪. পদ্ম ৭৫. কালীয় ৭৬. ক্ষেত্রপাল ৭৭. যষ্টী ৭৮. রূপসী ৭৯. কাত্যায়নী ৮০. জয়া ৮১. গঙ্গা ৮২. বিজয়া ৮৩. সোমেশ্বরী ৮৪. নেতা ৮৫. বিষহরি ৮৬. সুগন্ধা ৮৭. ভুবনেশ্বরী ৮৮. গণেশ ৮৯. লক্ষ্মী ৯০. দুর্গা ৯১. সরস্বতী ৯২. কার্তিক ৯৩. লীলাই মাঝি ৯৪. শ্রীধর ৯৫. গদাধর ৯৬. জটাধর ৯৭. যষ্টীধর ৯৮. বিদ্যাধর ৯৯. শ্রীধর পণ্ডিত ১০০. দোলাই মাঝি ১০১. সনকা ১০২. চাঁদ সওদাগর ১০৩. ধ্বস্তুরি ওঝা ১০৪. বেথলা ১০৫. লখিন্দর

দিয়াছেন তা দুর্গোৎসবের মতোই বিরাট ব্যাপার।... এইসব মূর্তি মাটির গড়াও হইত, ‘বিচিত্রা’য় আঁকাও হইত। মাটির পুতুলের উল্লেখ করিয়াছেন বৃন্দাবনদাস, ‘পুস্তলী করয়ে কেহ

দিয়া নানানধন’। ‘বিচিত্রা’ বিচিত্র ব্যজনী, অর্থাৎ ব্যজনীর আকারের বৃহৎ পট। এমনি পটে আঁকা মনসার পূজা এখনো উত্তরবঙ্গে, বিশেষ করিয়া আসামের গোয়ালপাড়া জেলায়



প্রচলিত আছে।”^{১৪}

‘ব্যাড়ীভক্তি তরঙ্গিনী’ মৈথিল কবি বিদ্যাপতির রচনা কি না এ-সম্পর্কে আশুতোষ ভট্টাচার্য সন্দেহ প্রকাশ করে লিখেছেন— “ইহা সংস্কৃত ভাষায় লিখিত এবং বিদ্যাপতির নামে আরোপিত হইলেও একমাত্র পূর্ববঙ্গে মৈমনসিংহ জেলা হইতে ইহার একমাত্র পুঁথি আবিষ্কৃত হইয়াছে। সুতরাং ইহা প্রকৃতই আদি মধ্যযুগের বৈষ্ণব কবি বিদ্যাপতি রচিত কি না সে বিষয়েও নিঃসন্দেহ হইতে পারে যায় না।”^{১৫} পুঁথিটির প্রতিলিপি না হবার কারণ সম্পর্কে তাঁর সিদ্ধান্ত হল, “মিথিলা হইতে পুঁথিটি কোনও উপায়ে পূর্ববাংলায় স্থানান্তরিত হয়। ইহার কারণ, মিথিলায় পরবর্তীকালে উচ্চ শ্রেণীর সমাজে মনসা পূজা ব্যাপক প্রচার লাভ করিতে পারে নাই; সেই জন্য পুঁথিখানি সেখানে আর পুনর্লিখিত হয় নাই, তারপর ইহা সংস্কৃত ভাষায় লিখিত হইয়াছিল বলিয়া পূর্ব বাংলায় নীত হইবার পরও আর পুনর্লিখিত হয় নাই।”^{১৬}

পশুভেদে ‘ব্যাড়ীভক্তি তরঙ্গিনী’ পুঁথিকে বিশেষ মনসা পূজা পদ্ধতির একমাত্র রচনা বলে গণ্য করেছেন। এজন্যই বিধিটি মিথিলায় রচিত এবং বিধিবর্ণিত পূজাকে মিথিলা অঞ্চলের মনসাপূজা বলে অভিহিত করেছেন। কিন্তু বরাক উপত্যকায় এই বিষয়ক একাধিক পুঁথির সন্ধান পাওয়া গেছে। তবে প্রাপ্ত পুঁথিগুলির নাম ‘গোহারী বিষহরী পূজাবিধি’ এবং পুঁথিগুলিতে রচয়িতার নাম নেই। এই পরিস্থিতিতে আমাদের বক্তব্য হল— (ক) ঢাকা বিশ্ববিদ্যালয়ে রক্ষিত পুঁথিটি এই বিষয়ক একমাত্র পুঁথি নয়। (খ) বিধিটি মৈথিল কবি বিদ্যাপতির রচনা নয়। ‘দুর্গাভক্তি তরঙ্গিনী’র আদলে স্থানীয় কোনো পশুভেদে নৌকাপূজাকে শাস্ত্র সম্মত করার লক্ষ্যে বিধিটি রচনায় উদ্যোগী হয়েছিলেন। এই উদ্দেশ্যেই নানাবিধ তথ্য সংকলন করে প্রমাণ অংশকে সমৃদ্ধ করেছেন। (গ) ‘ব্যাড়ীভক্তি তরঙ্গিনী’ বর্ণিত পূজা একক এভাবে মিথিলার নয়।

এই বিশেষ মনসা/বিষহরীপূজাকে গোহারী বিষহরী নামে চিহ্নিত করা হয়েছে। মনসা বিষ হরণ করেন তাই এই দেবীর আরেক নাম বিষহরী। এবার দেখা যেতে পারে গোহারী শব্দের তাৎপর্য কী? সংস্কৃত অভিধানে শব্দটি নেই। হরিচরণ বন্দ্যোপাধ্যায়ের ‘বঙ্গীয় শব্দকোষ’এ ‘গোহারি’ শব্দের উৎস সম্পর্কে বলা হয়েছে— “পূর্বকালে কেহ গোহরণ করিলে, গো রক্ষার্থে যে চীৎকার করিত, তাহাই ইহার মূল।” শব্দটির অর্থ— রক্ষার্থ বা সাহায্যার্থ চীৎকার। দোহাই। অভিযোগ। নালিশ। জ্ঞানেন্দ্রমোহন দাসের ‘বাঙ্গলা ভাষার অভিধান’ অনুযায়ী হিন্দি শব্দভাণ্ডারের অন্তর্গত ‘গোহারি’ অনার্য শব্দ, অর্থ— কান্না-

কাটি। আবেদন। বাংলায় ‘গোহারি’ শব্দের নানা অর্থ— দুঃখ জানান ও তার প্রতিকার প্রার্থনা। দোহাই দেওয়া। সুবিচার প্রার্থনা। সাক্ষাৎ নিবেদন। ডাকাডাকি। এটা নিশ্চিত যে, পূজাবিধিতে উপযুক্ত কোনো অর্থের শব্দটি ব্যবহৃত হয়নি। ‘ব্যাড়ীভক্তি তরঙ্গিনী’তে ‘গোহারী’ শব্দটি আছে এভাবে—

দর্শনাচ্চ বিচিত্রায় বাগদুষ্টিহরণং ভবেৎ।
নাগনাম্মাচ গোহারী বিখ্যাতা সা মহীতলে।

আহমদ শরীফের প্রবন্ধে এই অংশের বঙ্গানুবাদ হল— ‘সেই বিচিত্রাকে (?) দর্শন করলে বাকদুষ্টি হত হয়। সেই গোহারী পুঁথিবীতে নাগ নামে বিখ্যাত।’^{১৭} আশুতোষ ভট্টাচার্য কৃত এই দুই পংক্তির অনুবাদ — “সেই গোহারী পুঁথিবীতে নাগ নামে বিখ্যাত।”^{১৮} প্রদ্যোৎকুমার মাইতির বক্তব্য হল ‘গোহারী’ একটি নৌকার নাম। “...that after the return of Lakhindar to life the worship of Manasa was arranged on a boat named Gauhari, and not on land, as said in all the Bengali versions”^{১৯} আমাদের সংগৃহীত পুঁথিতে এই অংশের পাঠ নিম্নরূপ।

দুষ্টি চিত্রমপূর্বধ্বং বাগদুষ্টি স্তম্ভিতো যতঃ।
অতো নাম্মাচ গোহারী খ্যাতা নৌকা মহীতলে।
যতো নুগং কৃত্য দেব্যা বজ্রতুল্যা মহাপদং।
অতো বিষহরী দেবী গোহারীতি প্রকীর্তিতা।
গোহারীং মনসাং কৃত্বা যোহচ্ছয়তি মহীতলে।
স ইষ্টকামানাপ্রাপ্তি ব্রহ্মলোকং তথা মুনে।

(যেহেতু এই অপূর্ব চিত্রদর্শন বাক্য ও দৃষ্টি স্তম্ভিত হয় সেজন্য এই নৌকা পুঁথিবীতে গোহারী নামে খ্যাত। যেহেতু দেবী বজ্রতুল্য মহাপাদকে বিনাশ করেন, সেহেতু বিষহরী দেবী গোহারী বলে কীর্তিত হন। গোহারী মনসাকে নির্মাণ করে যিনি মহীতলে অর্চনা করেন তিনি অতীক্ষিত কামনা লাভ করেন এবং ব্রহ্মলোক প্রাপ্ত হন।)

অর্থাৎ নির্মিত প্রতিমার (নৌকার) নাম গোহারী। প্রতিমাকে ‘গোহারী’ বলার কারণ, এই অপূর্ব চিত্র (মূর্তি) দর্শনে দর্শক স্তম্ভিত হয়ে পড়েন; বিস্ময়ে তার বাক্যস্মৃতি ঘটে না।

এই পরিস্থিতিতে আমাদের ধারণা— গো এবং হারী— এই দু’টি শব্দের সম্মিলন ঘটিয়ে বিধি রচয়িতা শব্দটি সৃষ্টি করেছেন। অমরকোষ অভিধানে ‘গো’ শব্দের একটি অর্থ ‘বাক্’। কালিদাসের ‘রঘুবংশ’ ও মাঘের ‘শিশুপাল বধ’-এ ‘গো’ শব্দটি এই অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন—

‘ইতর্ঘ্যাপাত্রানুমিতব্যয়সা রথোরদারামপি গাং নিশম্য।’
স্বার্থোপপত্তিং প্রতি দুর্বলাশাস্তমিতাবোচদ্ বরতস্ত শিষ্যঃ ॥
(রঘুবংশ— ৫/১২)

(রঘুর এরকম উদার বাক্য শুনে ও অর্ঘ্যপাত্রটি দেখে তাঁর নির্ধনতা অনুমান করে এবং নিজের উদ্দেশ্য সিদ্ধির আশা খুবই ক্ষীণ তা বুঝে বরতস্ত-শিষ্য তাঁকে বললেন—)

‘গাং’ (গো শব্দের দ্বিতীয়ার একবচন)। মল্লিনাথ কৃত অর্থ ‘বাক্’।
(শিশুপাল বধ) ‘বিহ গাঃ কদম্বসুরভাবিহ গাঃ কলয়ন্তানুক্ষণমনেকলয়ম্।’ (৪/৩৬)
(পাখীরা এই রৈবতকে কদম্বফুলের সুবাসের মধ্যে সারাঞ্চণ বিচিত্র লয়ে শব্দ করে থাকে।)
গাং (গো শব্দের দ্বিতীয়ার বহুবচন)। মল্লিনাথ কৃত অর্থ— বাচঃ। শব্দান ইত্যর্থঃ।

এসব তথ্যের সূত্রে আমাদের সিদ্ধান্ত হল— বিষহরীর যে প্রতিমা বিস্মিত দর্শকের ‘গো’ অর্থাৎ বাক্য হরণ করে (হারী) সেই প্রতিমার নামই গোহারী বিষহরী।

[টীকা :

১. জরৎকারুঃ : যাযাবর নামক ঋষিবংশীয়দের পুত্র। কঠোর তপস্যায় মগ্ন থাকায় তিনি গাঈশ্ব্য ধর্ম অবলম্বন করেননি। একদিন ভ্রমণরত অবস্থায় জরৎকারু কয়েকজন লোককে তৃণ অবলম্বনে এক গভীর কুপে ঝুলন্ত অবস্থায় দেখতে পান। জরৎকারুর জিজ্ঞাসার উত্তরে তাঁরা বলেন— তাদের উত্তরসূরী জরৎকারু বিবাহ ও সন্তান উৎপাদন না করায় বংশলোপের আশঙ্কায় তাঁরা এরকম ঝুলন্ত অবস্থায় রয়েছেন। জরৎকারু তাঁদের আশ্ব্য পরিচয় দিয়ে বলেন পিতৃপুরুষদের মুক্তির জন্য দুটি শর্তে তিনি বিবাহ করতে সম্মত আছেন।

সনাম্নী যা ভবিষ্যী মে দিৎসিতা চৈব বন্ধুভিঃ।
ভৈক্ষ্যবত্তামহং কন্যামুপযংস্যো বিধানতঃ ॥
(আদি ১০।২৮)

(যে কন্যার নাম আমারই নামের অনুরূপ হবে এবং বন্ধুরা যাকে নিঃস্বার্থভাবে দান করবে; সেই কন্যাকেই আমি ভিক্ষার মতো গ্রহণ করব)

পুঁথিবীর সর্বত্র বিচরণ করে কাঙ্ক্ষিত কন্যা না পেয়ে জরৎকারু একদিন বনে গিয়ে উচ্চস্বরে কন্যা প্রার্থনা করলেন। বাসুকি তখন তাঁর ভগ্নীকে নিয়ে সেখানে উপস্থিত হলে ঋষি



জরৎকারু কন্যার নাম কী জিজ্ঞাসা করলেন। বাসুকি উত্তরে বললেন—

জরৎকারো! জরৎকারুঃ স্বসেয়মনুজা মম।
প্রতিগৃহীশ্ব ভার্য্যার্থে ময়া দত্তাং সুমধামাম্ ॥
ত্বদর্থং রক্ষিতা পূর্বং প্রতীচ্ছমাং দ্বিজোত্তম।
(আদি ১১।৬)

(যে জরৎকারু! কন্যাটি আমার কনিষ্ঠা ভগ্নী; এর নামও জরৎকারু। আমি তাকে দান করলাম। আপনি ভার্য্যা রূপে একে গ্রহণ করুন। হে ব্রাহ্মণ শ্রেষ্ঠ! আপনার জন্যই আমি তাকে রক্ষা করছি।)

অতএব মহাভারতের বিবরণ অনুযায়ী ঋষি জরৎকারুর পত্নীর নামও জরৎকারু। উল্লেখ্য যে, বাসুকি ভগ্নী জরৎকারু নবীনচন্দ্র সেনের ‘রৈবতক’ কাব্যের একটি গুরুত্বপূর্ণ চরিত্র।]

সূত্রনির্দেশ :

১. B. C. Allen : Cachar District Gazetteer, Shillong, 1905, p. 56.
২. তারাপদ ভট্টাচার্য : মনসামঙ্গল, ‘হারানো ভাবনার পুনরুদ্ধার’ (সম্পাঃ তম্রয় ভট্টাচার্য), প্রথম সং, শিলচর, ১৪০৭, পৃ. ৬।
৩. অমলেন্দু ভট্টাচার্য (সম্পাঃ) : রাখামাধব দত্তের মনসা পাঁচালি, প্রথম সং, শিলং, ২০০৪, পৃ. ৭ এবং ১৭৬।
৪. Pradyot Kumar Maity : Historical Studies in the Cult of the Goddess Manasa, Reprint, Puthi Pustak, Kolkata, 2001, p. 310.
৫. সুজিৎ চৌধুরী : বিদ্যাপতির ব্যাড়ীভক্তি তরঙ্গিনী, সাহিত্য পরিষৎ পত্রিকা, ৮৭ বর্ষ, দ্বিতীয় সংখ্যা, শ্রাবণ-আশ্বিন, বঙ্গীয় সাহিত্য পরিষৎ, কলকাতা, ১৩৮৭, পৃ. ২৪।
৬. Narayan Sanyal : Immortal Ajanta, First Ed. Bharati Book Stall, Kolkata, 1984, p. 54.
৭. আশুতোষ ভট্টাচার্য (সম্পাঃ) : বাইশ কবির মনসামঙ্গল বা বাইশা, দ্বিতীয় সং, কলিকাতা বিশ্ববিদ্যালয়, কলকাতা, ১৯৬২, পৃ. ১২০।
৮. দৈবচন্দ্র তালুকদার (সম্পাঃ) : সুকনানী : পদ্মাবতী, প্রথম



- সং. লয়ার্ছ বুক স্টল, গুয়াহাটী, ১৩৭২, পৃ. ৬১৯।
৯. কবিরাজ ব্রজেন্দ্র চন্দ্র নাগ (সম্পা.) : *চরক সংহিতা* (৫ম খণ্ড), নবপত্র সং, দ্বিতীয় মুদ্রণ, নবপত্র প্রকাশন, কলকাতা, ১৯৯৬, পৃ. ১২।
১০. অমলেন্দু ভট্টাচার্য (সম্পা.) : *রাধামাধব দত্তের মনসাপাঁচালি*, পৃ. ৯২।
১১. Dr. Ved Kumari : *The Nilamata Purana* (Vol-I), Second Ed., J & K Academy of Art, Culture & Languages, Srinagar, 1988, p. 58.
১২. *ibid*, p. 55.
১৩. Paul Manansala : *The Naga Race*, First Ed., Firma K L M, Kolkata, 1994, p. 3.
১৪. *ibid*, p. 5.
১৫. আশুতোষ ভট্টাচার্য : *বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস*, ষষ্ঠ সং, এ. মুখার্জী এণ্ড কং, কলকাতা, ১৯৭৫, পৃ. ২৬৯।
১৬. ক্ষিতীশচন্দ্র মৌলিক : *প্রাচীন পূর্ববঙ্গ গীতিকা* (২য় খণ্ড), প্রথম সং, ফার্মা কে. এল. এম, কলকাতা, ১৯৭১, পৃ. ২৩৫।
১৭. জয়ন্তকুমার দাশগুপ্ত (সম্পা.) : *কবি বিজয় গুপ্তের পদ্মাপুরাণ*, প্রথম সং, কলিকাতা বিশ্ববিদ্যালয়, কলকাতা, পৃ. ৮।
১৮. Sukumar Sen (Ed.) : *Vipradasa's Manasa Vijay*, First Ed., Asiatic Society, Kolkata, undated, p. 62.
১৯. বিষ্ণুপদ পাণ্ডা (সম্পা.) : *উড়িষ্যার সাধক কবি দ্বারিকা দাসের মনসামঙ্গল*, প্রথম সং, কলিকাতা বিশ্ববিদ্যালয়, কলকাতা, ১৯৭৯, পৃ. ১৬৫।
২০. R. C. Majumdar : *History of Ancient Bengal*, First Ed., G. Bharadwaj & Co., Kolkata, 1971, p. 344.
২১. R. K. Kanchan : *Hindu Kingdoms of South East Asia*, First Ed., Cosmo Publication, New Delhi, 1990, p. 128.
২২. *ibid*
২৩. মুহম্মদ শাহজাহান মিয়া (সম্পা.) : *শ্রীরায় বিনোদ প্রণীত পদ্মাপুরাণ*, প্রথম সং, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ১৯৯৩, পৃ. ৫৯-৬০।
২৪. জয়ন্ত কুমার দাশগুপ্ত (সম্পা.) : *কবি বিজয় গুপ্তের পদ্মাপুরাণ*, পৃ. ১৭২।
২৫. আশুতোষ দাস (সম্পা.) : *তন্ত্রবিভূতি বিরচিত মনসাপুরাণ*, প্রথম সং, কলিকাতা বিশ্ববিদ্যালয়, কলকাতা, ১৯৮০, পৃ. ৩৪২।
২৬. আশুতোষ ভট্টাচার্য (সম্পা.) : *বাইশ কবির মনসামঙ্গল বা বাইশা*, পৃ. ১৬৬।
২৭. বিজনবিহারী ভট্টাচার্য (সম্পা.) : *কেতকাদাস ক্ষেমানন্দ মনসামঙ্গল*, দ্বিতীয় মুদ্রণ, সাহিত্য অকাদেমি, নতুন দিল্লি, ১৯৭৭, পৃ. ১০৯।
২৮. তদেব, পৃ. ১১০।
২৯. Manoranjan Bhaumick : *History, Culture and Antiquities of Tamralipta*, First Ed., Puthi Pustak, Kolkata, 2001, p. 76.
৩০. জাহ্নবীকুমার চক্রবর্তী : *আর্য্য সপ্তশতী ও গৌড়বঙ্গ*, প্রথম সং, সান্যাল এণ্ড কোম্পানী, কলকাতা ১৩৭৮, পৃ. ২০৭।
৩১. আমাদের সংগৃহীত হাতে লেখা পুঁথি।
গোহরী বিষহরী পূজাবিধি। তুলট কাগজ। সম্পূর্ণ। ভাষা-সংস্কৃত। প্রাচীন বঙ্গলিপি। লিপিকরের নাম নেই। ৩৬×৭ সে.মি। পত্র সংখ্যা-২২। উভয় পৃষ্ঠায় লিখিত। প্রতি পৃষ্ঠায় ৬ লাইন। পুঁপিপকা নেই।
৩২. আহমেদ শরীফ : *ব্যাড়ীভক্তি তরঙ্গিনী : মৈথিল কবি বিদ্যাপতি বিরচিত, ইতিহাস*, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা ১৩৭৫, পৃ. ১৫৪।
৩৩. তদেব, পৃ. ১৫৫।
৩৪. সুকুমার সেন : *বাঙ্গালা সাহিত্যের ইতিহাস* (১ম খণ্ড), প্রথম আনন্দ সং, আনন্দ পাবলিশার্স, কলকাতা, ১৯৯১, পৃ. ১৯২-১৯৩।



৩৫. আশুতোষ ভট্টাচার্য : *বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস*, পৃ. ২৯৭।
৩৬. তদেব, পৃ. ২৯৮।
৩৭. আহমেদ শরীফ : *ব্যাড়ীভক্তি তরঙ্গিনী : মৈথিল কবি বিদ্যাপতি বিরচিত*, পৃ. ১৮৮।
৩৮. আশুতোষ ভট্টাচার্য : *বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস*, পৃ. ২৯৯।
৩৯. Pradyot Kumar Maity : *Historical Studies in the Cult of the Goddess Manasa*, p. 309-310.
- ঋণ স্বীকার
ড. আনন্দমোহন মোহন্ত, প্রাক্তন বিভাগীয় প্রধান, সংস্কৃত বিভাগ, গুরুচরণ কলেজ, শিলাচর।





ধ্রুপদী নৃত্যের আঙিনায় — বাংলার ‘গৌড়ীয় নৃত্য’

মহুয়া মুখোপাধ্যায়

নৃত্য বিভাগ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, কলিকাতা-৭০০ ০৫০

'GAUDIYA DANCE' OF BENGAL : IN THE COURTYARD OF CLASSICAL DANCE

Mahua Mukherjee

Department of Dances, Rabindra Bharati University, Kolkata-700 050

ABSTRACT : The name of ancient Bengal is Gaud, and as such the classical dance form of Ancient Bengal is known as Gaudiya Nritya or Bengal School of Classical Dance. The ancient Indian text on dance and drama – Natya Shastra – mentions Gaudiya Nritya. Temple dance or Devadasi dance that existed in ancient Bengal has prevailed under different names. The Pala and Sena periods (8th-12th centuries A.D.) were the "Golden Period" of Bengal for dance, music, Sanskrit literature, sculpture and painting. Jaideva was the chief court poet of the Sena King, Lakshmansena (12th century A.D.). Jaideva's creation 'Geetagoavinda' and Jaideva's wife, Padmavati, the legendary dancer, are well known in Indian culture. The Mangal Kavya whose composition stretched from the 11th century to 18th centuries A.D., were authored by various poets, and they contain detailed analysis of dance. After the appearance of Sri Chaitanya Deva (1486 - 1534 A.D.), Bengal experienced a great revival of music and dance which inspired growth in music and dance throughout India. Temple sculpture, miniature painting and guruhishya parampara dance tradition vindicate the glorious heritage of dance of this land. Chief texts on Bengal dance include 'Sangita Damodara' and 'Shri Hasta Muktavali'. (c. 13th – 14th century CE).

বাঙালি জাতি চিরকালই নৃত্যগীত প্রিয়। অতীতকাল থেকেই বাংলার নৃত্যকলার অনুরণন শোনা যায় তার সমাজজীবনে। গতিময় ছন্দোময় তার এই পথচলা, সাময়িক কোনো বাধা হয়তো বা তাকে দিয়েছিল খমকে, কিন্তু রুদ্ধ করতে পারেনি তার গতি পথ। সাধারণভাবে একটা ধারণা ছিল বৈদেশিক

শাসনের সময় থেকে বিশেষ করে ব্রিটিশ শাসনের সময় থেকে বদ্ধমূল হয়ে গেছিল যে বাঙালি জাতির কোনো শাস্ত্রীয় নৃত্যশৈলী নেই। কিন্তু বিস্তারিত গবেষণার দ্বারা সেই ধারণার আজ নিরসন ঘটেছে— গৌড়ীয় নৃত্য আবার আত্মপ্রকাশ করে পুনঃপ্রতিষ্ঠিত হয়েছে। গৌড়ীয় নৃত্য প্রাচীন বাংলার শাস্ত্রীয়

নৃত্য, বিবর্তনের পথ ধরে আধুনিক ভারতের পাদপ্রদীপে এসে দাঁড়িয়েছে তার বিগত দিনের বহু ঐশ্বর্যসম্ভারে পুনর্গঠিত রূপ নিয়ে। শাস্ত্রত তার এই পথ পরিক্রমা। এর সুদীর্ঘ ধারাবাহিকতা ছড়িয়ে আছে বাংলার সংগীত শাস্ত্রগ্রন্থ সমূহে— সাহিত্য তথা বাংলা সাহিত্যের ইতিহাসে, ভাস্কর্য-চিত্রকলা-লেখা-মালায়, বাংলার গ্রামীণ গুরুমুখী সজীব নৃত্য ধারায়। সারা ভারতে প্রতিষ্ঠিত শাস্ত্রীয় নৃত্যগুলির পেছনে তিনজন বাঙালির বিরাট অবদান। তাঁদের একজন হলেন কবি জয়দেব (আনুঃ দ্বাদশ শতক), দ্বিতীয় শ্রীচৈতন্যদেব (আনুঃ পঞ্চদশ-ষোড়শ শতক) এবং তৃতীয় রবীন্দ্রনাথ ঠাকুর (উনবিংশ-বিংশ শতক)। কবি জয়দেবের নিজেই নৃত্যগীতের দল ছিল, সেই দলে পদ্মাবতী নাচতেন এবং তাঁর রচিত গীতগোবিন্দ, সেখানে নৃত্যাভিনয়-রাগ-তাল সমেত সমস্ত কিছু বর্ণিত আছে। এটি তৎকালীন বাংলার শাস্ত্রীয় নৃত্যের জলন্ত প্রমাণ। চৈতন্যদেব নিজে স্বয়ং নৃত্য তথা নাট্যাভিনয়ে পটু ছিলেন এবং গীতগোবিন্দ সর্বভারতীয় হওয়ার পিছনেও চৈতন্যদেবের ভূমিকা যথেষ্ট গুরুত্বপূর্ণ। আধুনিক ভারতবর্ষে রবীন্দ্রনাথ নিজে শাস্ত্রীয় নৃত্যশিল্পী নন, তৎসঙ্গেও যে শাস্ত্রীয় নৃত্যধারাগুলি তাঁর সময়ে পুনর্গঠিত হয়ে প্রতিষ্ঠিত হচ্ছিল তিনি সেগুলি তুলে ধরে প্রচারে প্রসারে তুলনামূলক ভাবে সাহায্য করেছিলেন। তিনিই ভারতবর্ষে প্রথম গ্রামীণ মণিপুরি নৃত্যশৈলীকে তাঁর প্রতিষ্ঠিত ‘বিশ্বভারতী’-তে ১৯২৬ সালে সিলেবাসের তথা পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত করেন। এই শাস্ত্রীয় মণিপুরি নৃত্যের অন্তর্নিহিত বীজটি সুপ্ত হয়ে আছে গৌড় বঙ্গেরই জঠরে। গৌড়ীয় বৈষ্ণব সাহিত্য-সংগীত এবং শাস্ত্রগ্রন্থের ওপর ভিত্তি করেই মণিপুরি লোকায়ত আঙ্গিকের পথ ধরে তৈরি হয়েছে মণিপুরী শাস্ত্রীয় নৃত্যের ইমারত। অর্থাৎ মণিপুরী শাস্ত্রীয় নৃত্য সম্পূর্ণভাবেই গৌড়ীয় বৈষ্ণব ধর্ম, সংগীত, শাস্ত্র-সাহিত্যের সাথে মেলবন্ধনে আবদ্ধ। সেখানে বাংলার শাস্ত্রীয় নৃত্য নেই কথাটি অমূলক। আসলে— ‘নয়ন তোমারে পায় না দেখিতে রয়েছে নয়নে নয়নে।’ এ-সম্পর্কে প্রয়াত অধ্যাপক মোহন খোকরের অবিস্মরণীয় উক্তিটি প্রনিধানযোগ্য— “Four major forms of traditional dance speedily came to the fore during the revival and each built up its own following. So rapidly did these dances emerge and so firmly did they establish themselves that for a long time people believe that Bharata Natyam, Kathakali, Kathak and Manipuri were the only forms of classical dance in the Indian tradition. For years, almost all writings on Indian dance referred pointedly to ‘the four clas-

ধ্রুপদী নৃত্যের আঙিনায় — বাংলার ‘গৌড়ীয় নৃত্য’

sical forms.’ Only later did it become increasingly evident a number of other modes rooted in the classical tradition existed.”

বাংলার শাস্ত্রীয় নৃত্যের ঐতিহ্য যে অতি প্রাচীন তা আজ আবার পুনঃপ্রকাশিত হয়েছে। গৌড়ীয় নৃত্যকে বিশ্লেষণ করতে গেলে মূল চারটে ভাগে দেখতে হবে—

- 1) সাহিত্য ও ইতিহাস।
- 2) নৃত্য তথা সংগীত শাস্ত্র।
- 3) স্থাপত্য, ভাস্কর্য, লেখমালা ও চিত্রশিল্প
- 4) গুরুমুখী লোকায়ত নৃত্যধারা।

ভারতবর্ষের পুনর্গঠিত শাস্ত্রীয় নৃত্যগুলি এইভাবেই বিশ্লেষিত হয়েছে।

1) সাহিত্য ও ইতিহাস

খ্রিস্টীয় পঞ্চম শতকে বাৎস্যায়নের ‘কামসূত্র’-এ গৌড়দেশবাসী মেয়েদের বর্ণনা আছে— ‘মুদুভাষিন্যোহনুরাগ বত্যো মুদদশ্চ গৌড়্যঃ।’ — গৌড়দেশবাসী মেয়েরা মুদুভাষী, কোমল, অনুরাগ প্রিয়। স্বামী প্রজ্ঞানন্দের মতে খ্রিস্টীয় ষষ্ঠ-দশম শতকে বাংলার মন্দিরে নৃত্যানুষ্ঠান প্রচলিত ছিল এবং তা ছিল নাট্য শাস্ত্রানুসারী। এর উল্লেখ আমরা পাই কাশ্মীরের কবি কলহন রচিত ‘রাজতরঙ্গিনী’-তে। এর থেকে আমরা যে তথ্য পাই তা হল, কাশ্মীরের রাজা জয়াপীড় যখন ছদ্মবেশে গৌড়বঙ্গের পৌন্ড্রবর্ধন শহরে প্রবেশ করেন, তখন দেখতে পান শাস্ত্রীয় গীত ও বাদ্যের সঙ্গে নৃত্য হচ্ছে এবং তা ভারত নাট্যশাস্ত্রানুসারী লাস্যঙ্গ নৃত্য। তিনি দেখেছিলেন কার্তিকের মন্দিরে কমলা নামে দেবদাসীর লাস্যঙ্গ নৃত্য—

‘মন্ডলেয়ু নরেন্দ্রানাং পয়োদানামিবার্যমা।
গৌড়রাজাশ্রয়ং গুপ্তং জয়াস্তাখোন ভূভূজা।।
প্রবিবেশ ক্রমেনাথ নগরং পৌন্ড্রবর্ধনম।
তস্মিন সৌরাজ্য-রম্যাভি প্রীতঃ পৌরবিভূতিভিঃ।।
লাস্যং স দ্রষ্টুমবিশং কার্তিকৈয়নিকৈতনম।
ভরতানুগমালক্ষ্য নৃত্যগীতাদিশাস্ত্রবিং।।
ততো দেবগৃহদ্বারশিলামধ্যাস্ত স ক্ষণম।
তেজোবিশেষ চকিতৈর্জনেঃ পরিহতাস্তিকম।।
নর্তকী কমলা নাম কাশ্মিনস্তং দর্শতম।।’

চন্দ্রব্যাকরণ প্রণেতা চন্দ্রগোমিনী খ্রিস্টীয় পঞ্চম অথবা ষষ্ঠ শতকে জীবিত ছিলেন। তিনি ‘তারা ও মঞ্জুশ্রী স্তোত্র’ এবং ‘লোকানন্দনাটক’ রচনা করেন বলে প্রসিদ্ধি আছে।^১ চর্যাপদ,



নাথ সাহিত্য ও বৌদ্ধ সাধকদের সাধন সংগীত সম্পর্কিত গ্রন্থে তৎকালীন বাঙালির নাট্যাভিনয়ের সংস্কৃত পাওয়া যায়। বজ্রাচার্য ও দেবী দুজনে মিলিত হয়ে বুদ্ধদেবের জীবন কাহিনি নৃত্য ও গীতের মাধ্যমে অভিনয় করছেন—

‘নাচস্তি বাজিল গাস্তি দেবী
বুদ্ধ নাটক বিসমা হোই ॥১৭।।’

সে যুগের সিদ্ধাচার্যদেব সাধন সঙ্গিনী ডোম রমণীরা নৃত্য ও গীতে পটীয়সী ছিলেন।

চর্যাপদে আছে ডোমরমণী একটি চৌবাট্ট দলযুক্ত পদ্মের ওপর অতি লঘু পদক্ষেপে নৃত্য করছেন—

‘একসো পদুমা চৌবাট্টী পাখুড়ী।
তঁহি চড়ি নাচ ও ডোম্বী বাপুড়ী।

চর্যাপদ সং ॥১০।।^{১৬}

নাথগীতিকাতে পাই গোরক্ষনাথ তাঁর গুরু মীন নাথকে উদ্ধার করতে এসে নেচেছিলেন। সেখানে নৃত্যের ধরন, রূপসজ্জা-বেশভূষা অর্থাৎ আহার্য অভিনয়ের বর্ণনা আছে—

অলঙ্কার পাইয়া নাথ করিল ভূষণ,
একে একে পরিলেক যথ আভরণ।
গলাতে দিলেন নাথ সাতছড়ি হার,
করেতে কঙ্কন দিল অতি শোভাকর।
কপালে তিলক দিল নয়ানে কাজল,
করণেতে দিল নাথ সুবর্ণ কুণ্ডল।
পায়েতে নুপুর দিল কণক উবাটি,
গায়েতে কাঞ্চলি দিল কোমর কাছটি।
এমত করিল সাজ ভুবনমোহন,
অছৌক আনের সাজ টলে মূনির মন।
সুবর্ণের সাজ করি পরিধান খোপ,
অছৌক মনুষ্যে মন দিবে করি লোপ।।”

এই বর্ণনার দ্বারা পুরুষ নৃত্যশিল্পী নৃত্য করছেন মোহনরূপে সবাইকে মাতিয়ে তোলার জন্য শৃঙ্গার রসে সিক্ত এমনই চিত্র ফুটে উঠেছে। এখানে নৃত্য গীতের বর্ণনা পাই—

‘নাচস্তি যে গোর্থনাথ মাদলে করি ভর
মাটিতে না লাগে পদ আলগ উপর।
নাচস্তি যে গোর্থনাথ ঘাঘরের রোলে,
কায়া সাধ কায়া সাধ মাদলেতে বোলে।।’^{১৭}

সাহিত্যের ইতিহাস থেকে জানা যায় যে যুগ যুগ ধরে ভারতের সংস্কৃতির ভাণ্ডারকে সমৃদ্ধতর করে তুলতে সাহায্য

করেছে বাংলার গীত-বাদ্য-নৃত্য তথা সংগীত শাস্ত্রজ্ঞরা। বাংলার সাহিত্য ও শিল্পের ইতিহাসে ধারাবাহিকতার সূত্রপাত পাল রাজাদের সময় থেকে। সাহিত্যে তার সাক্ষ্য রয়েছে বহু প্রাচীন প্রকীর্তি শ্লোকে এবং ‘রাধা’, ‘সত্যভামা’, ‘উৎকণ্ঠিত মাধব’ প্রভৃতি অধুনালুপ্ত নাট্য রচনার নামাবলিতে।^{১৮} চর্যাপদ, নাথগীতিকা সবই পালযুগের ফসল।

পালযুগের পর সেনযুগ। সেনযুগ সংস্কৃত কাব্য সাহিত্যের সুবর্ণযুগ। সেই কবি-পণ্ডিতরা নৃত্যগীত চর্চা করতেন। গোবর্ধন আচার্যের ‘আর্যাসপ্তশতী’-ই তার প্রকৃষ্ট উদাহরণ। প্রসিদ্ধ সেনরাজা লক্ষ্মণ সেনের দরবারে প্রসিদ্ধ পাঁচজন কবি ছিলেন—শরণ, ধোয়ী, উমাপতিধর, গোবর্ধন আচার্য এবং কবি জয়দেব। পঞ্চরত্নের শ্রেষ্ঠরত্ন কবি জয়দেব। গোবর্ধন আচার্য রচিত ‘আর্যাসপ্তশতী’—তে বাংলার সংগীত তথা গীত-বাদ্য ও নৃত্যের বিস্তারিত আলোচনা পাওয়া যায়। আর্যাসপ্তশতী-তে অনেক বাদ্য যন্ত্রের নাম পাওয়া যায়, যেমন—চাক, শঙ্খ, বাঁশী, বীণা ইত্যাদি। যাঁরা ‘নট’ বৃত্তি অবলম্বন করতেন সমাজে তাঁদের সম্মানীয় আসন ছিল। বাংলায় ‘নট’ উপাধিতে তাঁরা ভূষিত হতেন। ‘নট গঙ্গোক’ রচিত কয়েকটি শ্লোক শ্রীধর দাসের ‘সদুক্তিকর্ণামৃত’-এ রক্ষিত আছে।^{১৯} বাংলায় যেমন নৃত্যগুরুকে ‘নট’ বলা হত, দক্ষিণ ভারতে তেমনি বলা হয় নাটবান, ‘নাট্ট’ শব্দের মতোই ‘নট’ শব্দটি প্রচলিত আছে। পঞ্চকবির শ্রেষ্ঠ কবি জয়দেব সংগীত বিশারদ ছিলেন। ‘গীতগোবিন্দ’ গাইবার ও নাচবার জন্য জয়দেবের দল ছিল। শোনা যায় পদ্মাবতী সেই দলে নাচতেন এবং জয়দেব মুদঙ্গ বাজাতেন। গীতগোবিন্দের পদগুলিতে সেকালের নৃত্য-গীত বা নাটয়াত্রাপালার নিদর্শন পাওয়া যায়।^{২০} গীতগোবিন্দের প্রথম সর্গের একটি শ্লোকে রাসনৃত্যের উল্লেখ পাই—

‘করতল তাল তরল বলয়া বলি কলিত কলস্বন বংশে।

রাস রসে সহ নৃত্যপরা হরিণা যুবতিঃ প্রশংসে ॥ ৪৫

—কোনো যুবতী মুরলীধ্বনির সঙ্গে করতালি দিয়া তালরক্ষা করিতেছেন, তাহাতে তাঁহার বলয়গুলি মুদুভাবে শিঞ্জিত হইতেছে। শ্রীহরি রাসরসে নৃত্যপরা সেই সহচরীদের প্রশংসা করিতেছেন।^{২১}

সেন যুগের পর অর্থাৎ খ্রিস্টীয় ১২০০ অব্দ শেষ হতে না হতেই বাংলায় তুর্কি আক্রমণের বাড় বয়ে গেছিল। লক্ষ্মণ সেন অতর্কিতে আক্রান্ত হয়ে রাজধানী নবদ্বীপ ত্যাগ করেন। তুর্কি বিজয়ের প্রথম দিকটা ছিল ধ্বংসের পর্ব। মোটামুটি খ্রিঃ ১২০০-১৩৫০ এই দেড়শো বছরের বাংলার কোনো সাংস্কৃতিক বা সামাজিক চিত্র আমরা পাই না। সার্থ শতাব্দী জোড়া এই নিস্তর্রতাই তুর্কি বিজয়ের ভয়াবহতার প্রমাণ।^{২২} দেড়শো শতাব্দী



তাল টংকারিয়া কৈল মুদঙ্গে আঘাত।
ধ্যান ভাঙ্গি ফিরিয়া বসিলা ভোলানাথ ॥
আলাপেয়ে পঞ্চমেতে বসন্তবাহার।
তার শেষে নৃত্য করে তালে করি ভর।^{২৩}

মুদঙ্গের তালে বসন্তবাহার রাগের গানের সঙ্গে বেহলা নৃত্যোপযোগী বেশভূষা পরে নৃত্য করছেন, সঙ্গে দুই বাহিন রাজ বিশ্বাবসু ও চিত্রসেন মুদঙ্গ বাজাচ্ছেন। ‘চণ্ডীমঙ্গল’ কাব্যেও নর্তকীর বেশভূষা ও প্রসাধনের বর্ণনা পাই—

সুরঙ্গ পাটের ছাদে বিচিত্র কবরী বাঁধে
মালতী মল্লিকা চাঁপা গাভা।

কপালে সিঁদুর ফোঁটা প্রভাতে ভানুর ছটা
চৌদিকে চন্দন বিন্দু শোভা ॥

পরি দিব্য পাট শাড়ী কনক রচিত চূড়ি
দুই করে কুলুপিয়া শংখ।

হীরা নীলা মোতি পলা কলধৌত কণ্ঠমালা
কলেবর মলয়জ পঙ্ক ॥

পীত তড়িৎ বর্ণে হেম মুকুলিকা কর্ণে
কেশ-মেঘ পড়িছে বিজুলী।

রতন পাসলি ছটি পরি দিব্য তুলা কোটি
বাহু বিভূষণ বলমলি।।^{২৪}

(কবরী—খোঁপা, ভানু—সূর্য, পাটশাড়ী—সিক্কের শাড়ী, শঙ্খ—শাঁখা, হেমমুকুলিকা কর্ণে—কানে সোনার ফুল, তুলোকোটী—পায়ের মল।)

নৃত্য গীত এদেশে সাধনার বস্তু ছিল। নৃত্যকালীন তালভঙ্গ সে যুগের সমাজের কাছে এক কঠিন অপরাধ বলে গণ্য করা হত। যার উদাহরণ সে সময়কার সাহিত্যে পাই। মনসামঙ্গল কাব্যে উষা-অনিরুদ্ধের তাল-ভঙ্গের বর্ণনা আছে। চণ্ডীমঙ্গল কাব্যে স্বর্গ নর্তকী রত্নমালার তালভঙ্গের কাহিনি পাওয়া যায় এবং উভয় ক্ষেত্রেই অভিশপ্ত হওয়ার বর্ণনা আছে—

“তালভঙ্গ হইল রামা লাজে হেটমুখী।
যতক দেবতা সভে হইলা বিমুখী ॥
তালভঙ্গ দেখি তারে বলেন ভবানী।
যৌবন গরবে নাচ হয়ে অভিমানী ॥
সুধর্ম সভায় নাচ হয়ে খলমতি।
মানব হইয়া বাট চল বসুমতী ॥”^{২৫}

দেবসভায় বেহলার নৃত্য বর্ণনায় খ্রিস্টীয় সপ্তদশ শতাব্দীর কবি কেতকাদাস ক্ষেমানন্দের রচনাটি সার্থক। এতে সম্পূর্ণরূপে শাস্ত্রানুসারী নৃত্যের বিশদ বর্ণনা পাওয়া যায়—

কাল যাবৎ ধীরে ধীরে তাঁরা ইরান, তুরান যেখান থেকেই আসুন না কেন, এদেশে এসে সম্পূর্ণরূপে বাঙালি হয়ে পড়লেন। মহরম, ঈদ, সবেরাৎ প্রভৃতির পাশাপাশি দুর্গোৎসব, রাস, দোল ইত্যাদি চলতে লাগল। গৌড় সম্রাটদের প্রেরণায় হিন্দু শাস্ত্র-মহাকাব্য অনুবাদ শুরু হল। এইসময় বাংলা সাহিত্যকে কয়েকটি ভাগে ভাগ করা যায়। তার মধ্যে অনুবাদ শাখা, লৌকিক শাখা এবং পদাবলি শাখা প্রধান।^{২৬} বৃন্দাবন দাসের ‘চৈতন্য ভাগবত’ থেকে জানা যায় যে সেই যুগে রাত জেগে লোকে মনসার গান শুনত, যোগীপাল-ভোগীপালের গীত শুনত, চণ্ডীবাণুলী গাইত, শিবের গান গাইত, কৃষ্ণলীলা খুবই জনপ্রিয় ছিল। এগুলির প্রধান রূপ ছিল গীত ও পাঁচালী। পাঁচালী ছিল একধরনের গান—মুদঙ্গ, মন্দিরা, চামর হাতে নৃত্য সহযোগে পরিবেশিত হত। মূল গায়োন গাইত এবং নাচত, অন্যরা দোহার হিসেবে হত তার সহযোগী। উত্তর-প্রত্যন্তরে কৃষ্ণলীলা অভিনীত হত—তাকে বলা হত নাট্যগীত বা নাটগীত। অভিজাত সমাজে নাটগীত এবং অনভিজাত সমাজে লোকনাট্য প্রচলিত ছিল।^{২৭} বড়ু চণ্ডীদাসের ‘কৃষ্ণকীর্তন’ অভিনীত হত, নৃত্য এবং অভিনয়ের দ্বারাই কাব্যের রসকে ব্যঞ্জনা দেওয়া হত।^{২৮} মালধার বসুর ‘শ্রীকৃষ্ণ বিজয়’ (১৪৭৩ খ্রিঃ) কৃষ্ণলীলার প্রথম কাব্য। এখানেও বাদ্যযন্ত্র, গান এবং নৃত্যের কথা পাই। প্রখ্যাত ঐতিহাসিক ড. রমেশচন্দ্র মজুমদারের মতে এই যুগে নৃত্যগীতের ব্যাপক প্রচলন ছিল। সেই সময়কার নর্তকীর বেশভূষা, অঙ্গরাগ, অলঙ্কারের বর্ণনা পাই।^{২৯}

বাংলা সাহিত্যের আরেকটি শাখা মঙ্গলকাব্য নৃত্যগীতের বর্ণনায় ভরপুর। মনসামঙ্গল কাব্যের নায়িকা বেহলা নৃত্যগীতে পারঙ্গম। আমরা প্রাচীন বাংলার সাহিত্যে তিনজন বধুর নাম পাই যাঁরা নৃত্যগীতে পারদর্শী ছিলেন এবং লোক সমক্ষে সম্মানের সঙ্গে নৃত্যগীত প্রদর্শন করতেন—

- ১) দ্বাদশ শতকের কবি জয়দেবের পত্নী ‘পদ্মাবতী’।
- ২) দ্বাদশ শতকের গঙ্গেনটের পুত্রবধু, জয়নটের বধু ‘বিদ্যুৎপ্রভা’।
- ৩) মনসামঙ্গল কাব্যের নায়িকা চাঁদসদাগরের পুত্রবধু ‘বেহলা’।

‘মনসামঙ্গল’ কাব্যে শিবের নৃত্যের বর্ণনা আছে—
‘পদ্মারে লইয়া কাঁখে নাচে শিব ঘনপাকে।’ ‘মনসামঙ্গল’ কাব্যে নৃত্যগীত ও বাদ্যযন্ত্রের বর্ণনা আছে—

‘সেই সজ্জ দিয়া বেউলা করিলেক সাজ।
বিশ্বাবসু চিত্রসেন দুই বাহিন রাজ ॥



“দেবতা সভায় গিয়া খোল করতাল লয়া
নাচে কন্যা বেছলা নাচনী।
যতেক দেবতা দেখি ফিরে যেন নৃত্যশিখী
গায়ে যেন কুকিলের ধ্বনি।।
ঘন ঘন তাল রাখে অঞ্চলে বয়ান ঢাকে
হাসি হাসি দর্শন দেখায়।
মুখে গায় মিষ্টবোল খয়ের কাষ্ঠের খোল
তাইথে তাইথে দ্রিমিক বায়।।
আণ্ড পাছুয়ান গিয়া নাচে কন্যা পাক দিয়া
পায়ে বাজে রতন নুপুর।
নবীন কুকিল যেন রহি রহি ঘনঘন
মুখে গায় বচন মধুর।।
নাচে কন্যা বেছলা নাচনী।
মুখে মন্দ মন্দ হাসি ক্ষণে রহি উঠি বসি
যেন নাচে ইন্দ্রের নটিনী।।
করে কাংস্য করতাল বলে ধনি ভাল ভাল
কটিতে কিঙ্কিনী ঘন বাজে।
আসিয়া হরের কাছে বেছলা সন্ধান নাচে
প্রাণপতি জীয়াবার কাজে।।
রহি রহি পাক মেলে মরাল গমনে চলে
মুখ যেন পূর্ণিমার শশী।।
খদির কাষ্ঠের খোল বেছলার মিষ্টবোল
মোহে গেল যত স্বর্গবাসী।।
বেছলা নাচিছে সুরপুরে।
নাহি হয় তালভঙ্গ মনে বড় বায়ে রঙ্গ
মত্ত ময়ূর যেন ফিরে।।
রনে ভঙ্গ হস্ত নাড়ে ত্রিভঙ্গ হইয়া পড়ে
এই রীতে গায় মিষ্ট বাণী।
নৃত্যগীতে মন মোহে যতেক দেবতা কহে
ভাল নাচে বেছলা নাচনী।।”^১

‘পাক’ অর্থাৎ নৃত্যের শাস্ত্রীয় পরিভাষায় ‘ভ্রমরী’। যেমন, ‘পদ্মারে লইয়া কাঁখে, নাচে শিব ঘনপাকে।’ এই ‘পাক’ বা ‘ভ্রমরী’ সাহিত্যে, শাস্ত্রে এবং বাংলার সর্জক গুরুমুখী গ্রামীণ নৃত্যধারায় আছে। যেমন— ছৌ, বাউল, কুশান, দোতরা, বিষহরা, রায়বেঁশে ইত্যাদিতে বিভিন্ন ধরনের ‘পাক’ বা ‘ভ্রমরী’ দেখা যায়। বহুধরনের আকাশ ভ্রমরী দেখা যায় বাংলার বিভিন্ন ধরনের যুদ্ধ নৃত্যে, মৃদঙ্গ নৃত্যে, ছৌ নৃত্যে এবং বিশেষভাবে গৌড়ীয় নৃত্যে। সাহিত্যের বর্ণনায় পাওয়া যায় বেছলা শাস্ত্রে বর্ণিত শূঙ্গার রসযুক্ত হয়ে ময়ূরী গতি, মরাল গতি, ত্রিভঙ্গিমা সহকারে ঘন-আনন্দ প্রভৃতি বাদ্যযন্ত্রের সঙ্গে নৃত্যরত। মধ্যযুগে

‘মঙ্গল’ নামে তিন শ্রেণির কাব্য পাওয়া যায়— ১) লৌকিক, ২) বৈষ্ণব, ৩) পৌরাণিক। সবগুলিই নৃত্যগীতের বর্ণনায় সমৃদ্ধ। সাহিত্য পর্যালোচনা করলেই স্পষ্ট প্রমাণ হয় যে বাংলা শাস্ত্রীয় সংগীত (গীত-বাদ্য ও নৃত্য)-এর পীঠস্থান ছিল। এর পরবর্তী যুগ চৈতন্যযুগ। চৈতন্যদেবের আবির্ভাব (১৪৮৬-১৫৩৩ খ্রিষ্টাব্দ) আকস্মিক নয়। তুর্কি আক্রমণের পরবর্তী সময়ে প্রাক্চৈতন্য যুগে বাঙালি সমাজ ও সংস্কৃতি পুনর্গঠিত হতে শুরু করেছে। পঞ্চদশ শতকে চৈতন্যদেবের আবির্ভাবের ফলে নৃত্য, গীত ও বাদ্য জগতে বিরাট আলোড়ন হয় এবং তার ফলে চৈতন্য পরবর্তী বৈষ্ণব সাহিত্যসমূহ নৃত্য ও গীতের তথ্যে শাস্ত্রে সমৃদ্ধ।

শ্রীচৈতন্যদেব সংকীর্তনে নৃত্য করতেন। সুরে, তালে, করতাল এবং মৃদঙ্গ সহযোগে ভগবানের নাম অর্থাৎ কীর্তি-গানই কীর্তন, এটি বিশেষভাবে প্রচলিত চর্চিত এবং জনপ্রিয়তা লাভ করে চৈতন্যদেবের সময় থেকে। শ্রীচৈতন্যদেব দু-ধরনের নৃত্য করতেন— ‘উচ্চগু’ অর্থাৎ ‘তাণ্ডব’ এবং ‘মধুর’ অর্থাৎ ‘লাস্য’। তিনি নিজে যে সংকীর্তন ব্যবস্থা করতেন তাকে ‘নৃত্য সংকীর্তন’ বলা যায়। স্বয়ং চৈতন্যদেব ‘রুক্মিণী হরণ’ নামে এমনি এক নাট্যে রুক্মিণীর ভূমিকায় অভিনয় করেছিলেন। পুরীতে আসার দ্বিতীয় বা তৃতীয় বৎসরে চৈতন্যদেব রথযাত্রায় বিরাট কীর্তন সমারোহ করেছিলেন। কীর্তনীয়াদের তিনি সাত সম্প্রদায়ে ভাগ করেছিলেন প্রত্যেক সম্প্রদায়ে একজন করে নর্তক ছিল। এই সাতসম্প্রদায়ের নৃত্যগীতে চৌদ্দটি মৃদঙ্গ এবং ছাপ্পাম জোড়া করতাল বেজেছিল। সাতসম্প্রদায় নিয়ে রথযাত্রা ছাড়াও জগন্নাথ মন্দিরে প্রাভাতী কীর্তন করেছিলেন। সাতসম্প্রদায় মন্দির ঘিরে নৃত্যগীত করেছিল, শেষে চৈতন্যদেবও নিজে নৃত্য করেছিলেন। প্রাচীন যুগ থেকেই গৌড়ীয় নৃত্যে বহু শিল্পী ছিলেন কিন্তু মধ্যযুগে আলো করে আছেন গৌড়ীয় নৃত্যের শ্রেষ্ঠ শিল্পী শ্রীচৈতন্যদেব। মহিলা চরিত্রেও শ্রীচৈতন্যদেব অনবদ্য ছিলেন। এতটাই নিখুঁত ছিলেন যে তাঁর মা স্বয়ং শচীদেবীও একবার তাঁকে চিনতে পারেননি। আবার পাশাপাশি লাঠি নৃত্যেও অত্যন্ত পারদর্শী। কৌতুকরসায়ক হনুমানের ভূমিকাতোও তিনি সকলের মন জয় করেছিলেন।

২) নৃত্যশাস্ত্র তথা সংগীতশাস্ত্র— গৌড়ীয় নৃত্যের আধার তার শাস্ত্রগ্রন্থসমূহ। বাংলার শাস্ত্রীয় নৃত্যের এটি একটি গৌরবজনক তাৎপর্যপূর্ণ দিক যে বাংলার নৃত্য সম্পর্কিত শাস্ত্রগ্রন্থসমূহ সব বাঙালিরাই লিখে গেছেন এবং ভারতবর্ষের অন্য শাস্ত্রীয় নৃত্যধারাতেও সেগুলি অনুসৃত হয়েছে। বাংলায়



এমনই সাহিত্য রচিত হয়েছে যে ভারতবর্ষের বহু শাস্ত্রীয় নৃত্যই সেই সাহিত্য গ্রন্থকে আশ্রয় করে আছে। শাস্ত্রীয় মণিপুরি নৃত্যের শাস্ত্রগ্রন্থসমূহ সবই গৌড়ীয় বৈষ্ণব শাস্ত্রগ্রন্থ।^(১৮)

সর্বভারতীয় শাস্ত্রগ্রন্থ ভরতমুনি রচিত ‘নাট্যশাস্ত্র’-এর চতুর্দশ অধ্যায়ে ‘প্রবৃত্তি’-র উল্লেখ আছে। ‘প্রবৃত্তি’ অর্থাৎ সারা ভারতবর্ষে চার প্রকার নাট্য বা নৃত্যের প্রচলন ছিল, সেগুলি হল— দাক্ষিণাত্য, পাঞ্চালী, আবন্তী এবং উড়ুমাগধী। এই উড়ুমাগধী নৃত্যই গৌড়বঙ্গে প্রচলিত—

“অঙ্গা বঙ্গা উৎকলিঙ্গা বৎসশৈচবৌড়মাগধাঃ।
পৌণ্ড্রা নেপালকশৈচব অন্তগিরিবহিগিরাঃ।
তথা প্রবঙ্গমাহেত্রমাদামঙ্গবর্তকার।
ব্রহ্মোত্তরপ্রভৃতয়ো ভার্গবা মার্গবাস্তথা।।
প্রাগ্জ্যোতিষাঃ পুলিন্দাশ্চ বৈদেহাস্তামিলিপুকাঃ।
প্রাক্প্রভৃত্যশৈচব যুগুতিচৌড়মাগধীম্।।”^{১৯}

নাট্যশাস্ত্রানুসারী উড়ুমাগধী নৃত্যশৈলী ছড়িয়ে ছিল প্রায় সমগ্র বঙ্গ (অবিভক্ত বহুং বঙ্গ) জুড়ে—

গৌড়ীয় নৃত্যে শাস্ত্রগ্রন্থপঞ্জীর সংক্ষিপ্ত তথ্য

শাস্ত্রগ্রন্থ	আনুঃ রচনাকাল	রচয়িতা	অঞ্চল
১) সংগীতদামোদর	ত্রয়োদশ-পঞ্চদশ শতক	পণ্ডিত শুভঙ্কর	বাংলা
২) শ্রীহস্তমুক্তাবলী	”	”	”
৩) নাটকচন্দ্রিকা	পঞ্চদশ শতক	রূপগোস্বামী	”
৪) উজ্জলনীলমণি	”	”	”
৫) ভক্তিরসামৃতসিন্ধু	”	”	”
৬) রাধাকৃষ্ণগোপোদেশদীপিকা	”	”	”
৭) আনন্দবৃন্দাবনচম্পূ	”	কবিকর্ণপুর	”
৮) অলঙ্কারকৌমুদ	”	”	”
৯) গোপালচম্পূ	”	শ্রীজীব গোস্বামী	”
১০) নারদপঞ্চমসারসংহিতা	ষোড়শশতক	নারদকৃত	”
১১) শ্রীগোবিন্দলীলামৃতম	”	শ্রীকৃষ্ণদাস কবিরাজ	”
১২) সংগীতদামোদর	”	দামোদর সেন	”
১৩) নায়িকারত্নমালা	সপ্তদশশতক	চন্দ্রশেখর শশীশেখর	বাংলা
১৪) রসমঞ্জরী	”	পীতাম্বরদাস	”
১৫) রসকল্পবলী	”	রামগোপাল দাস	”
১৬) ক্ষণদাগীত চিন্তা	”	বিশ্বনাথ চক্রবর্তী	”
১৭) কৃষ্ণভাবনামৃতম	”	”	”
১৮) শ্রীভক্তিরত্নাকর	”	নরহরি চক্রবর্তী	”
১৯) সংগীতসারসংগ্রহ	”	”	”
২০) গীতচন্দ্রোদয়	”	”	”
২১) রাগরত্নাকর	”	”	”
২২) পদামৃতসমুদ্র	”	রাধামোহনঠাকুর	”



অঙ্গ	-	ভাগলপুর
বঙ্গ	-	বাংলা
পৌণ্ড্র	-	উত্তরবঙ্গ
অস্তুগিরি	-	ছোটনাগপুর অঞ্চল
বহিগিরি	-	বীরভূম
ব্রহ্মোত্তর	-	মুর্শিদাবাদ
প্রবঙ্গ	-	পূর্ববঙ্গ
মালদা	-	মালদহ
মল্লবর্ত	-	পুরুলিয়া
তাম্রলিপ্ত	-	মেদিনীপুর
প্রাঙ্গ	-	বাঁকুড়া।

অর্থাৎ অঞ্চলগুলি বিশ্লেষণ করলে বোঝা যায় ওড়্র মাগধী নৃত্যশৈলী বেশির ভাগটাই সমগ্র অবিভক্ত বঙ্গ জুড়ে ছিল, দক্ষিণে তাম্রলিপ্ত থেকে উত্তরে সিকিম-নেপাল পর্যন্ত। পশ্চিমে মল্লভূম অর্থাৎ পুরুলিয়া-বাঁকুড়া থেকে পূর্ববঙ্গ পর্যন্ত। এই নৃত্যের বৃত্তি বা Style ছিল ভারতী-কৈশিকী আশ্রিত—

“ভারতীয় কৈশিকীং চৈব বৃত্তিমেষা সমাশ্রিতা।”^{১৯}

“ভারতী” অর্থাৎ কথোপকথন সহযোগে ‘উচ্চস্ব’ এবং ‘কৈশিকী’ অর্থাৎ লাবণ্যমণ্ডিত লাস্যঙ্গ নৃত্য। নাট্যশাস্ত্রের পরবর্তীকাল হল মতঙ্গমুনির যুগ। তাঁর রচিত ‘বৃহদ্দেশী’-তে (আনুঃ ৫ম-৭ম শতক) পাই মাগধীতির অন্তর্ভুক্ত সপ্তগীতির কথা। যথা— শুদ্ধ, ভিন্নকা, গৌড়ী বা গৌড়ীকা, সাধারণী, ভাষা, বিভাষা ও অন্তরভাষিকা। এছাড়াও বৃহদ্দেশীতে আছে গৌড়রাগ, গৌড় কৈশিকী, গৌড়পঞ্চমা ইত্যাদি রাগের সঙ্গে নাট্যাভিনয় তথা নৃত্যাভিনয়ের কথা।^(২০) শার্ঙ্গদেব রচিত সংগীত রত্নাকর (আনুঃ ১২২৭-১২৪০ খ্রি.)-এ সংগীতের স্বরূপভিত্তিক ভারতবর্ষকে পাঁচটি অঞ্চলে বিভক্ত করা হয়েছে— লাট, কর্ণাট, দ্রাবিড় অঙ্গ ও গৌড়।^(২১) এছাড়া অষ্টাদশ শতকে উড়িষ্যার সংগীতশাস্ত্রকার মহেশ্বর মহাপাত্র রচিত ‘অভিনয় চন্দ্রিকা’-তে আছে তৎকালীন ভারতবর্ষে প্রচলিত সাত রকম নৃত্যশৈলীর উল্লেখ এবং তার মধ্যে স্পষ্ট ভাষায় গৌড় নৃত্যশৈলীর উল্লেখ আছে (শ্লোক সংখ্যা ১৯৩-১৯৪)।

গৌড়ীয় নৃত্যে শাস্ত্রগ্রন্থপঞ্জীর সংক্ষিপ্ত তথ্য পূর্ব পৃষ্ঠায় প্রদত্ত হয়েছে। এছাড়াও আরও বহু শাস্ত্রগ্রন্থ আছে, তারমধ্যে কয়েকটি গ্রন্থের নামোল্লেখিত হল মাত্র। এখানে লক্ষণীয় যে এই নৃত্য তথা সংগীত শাস্ত্রগ্রন্থগুলি সমস্ত বাংলার পণ্ডিত নৃত্য-শাস্ত্রজ্ঞরাই লিখে গেছেন। এগুলি ছাড়াও রয়েছে ‘গীতগোবিন্দ’ গ্রন্থটি যেটি একাধারে অমূল্য সাহিত্য, অন্যদিকে নৃত্যের আঙ্গিক অভিনয়ে শাস্ত্রানুসারী সুস্পষ্ট ব্যাখ্যা সম্বলিত অনুবাদ। এই

গীতগোবিন্দের ভূমিকায় বলা আছে এটি দ্বাদশ শতকে বাংলার কবি জয়দেব রচনা করেন এবং পরবর্তীকালে শিষ্য প্রশিষ্য আঙ্গিক অভিনয় সমেত ব্যাখ্যায়িত করে যান। অর্থাৎ আঙ্গিক অভিনয় সমেত রচনাটি দ্বাদশ চতুর্দশ শতকের মধ্যবর্তী সময়কার। গৌড়ীয় নৃত্যের মূল শাস্ত্রগ্রন্থ পণ্ডিত শুভঙ্করের ‘সংগীত দামোদর’ পাঁচটি অধ্যায়ে বিভক্ত। এই পাঁচটি অধ্যায়ের মধ্যে ভাব, হাব, অনুভাব, বিভাব, নায়িকা, নায়কভেদ, সখী, নাদ, গীত, স্বর, গমক, রাগ, তান, মুর্ছনা, শ্রুতি, কলা, বাদ্য, মাত্রা, অঙ্গহার, নৃত্য, নাট্য, মঞ্চ, জর্জরপূজা, পূর্বরঙ্গ, নন্দী, সূত্রধর, প্রস্তাবনা, বিক্ষুভ, প্রবেশক, বৃত্তি, নাট্যালংকার, রূপক, উপরূপক, নবরস, লয় ইত্যাদি বিশদভাবে ব্যাখ্যাত হয়েছে। গৌড়ীয় নৃত্য ভারতবর্ষে প্রচলিত অন্যান্য শাস্ত্রীয় নৃত্যগুলির মতেই রসসম্পৃক্ত। ভারতের নাট্যশাস্ত্রে আটপ্রকার রসের উল্লেখ আছে। পরবর্তীকালে রস নয়টি বলে স্বীকৃত হয়েছে। গৌড়ীয় বৈষ্ণব শাস্ত্রকারেরা এই নয় প্রকার রসকে মেনে নিয়ে আরও বিস্তৃত করেছেন। রূপগোস্বামীর উজ্জলনীলমণি এবং শ্রীভক্তির-সামুতসিন্দু গ্রন্থে রসের বিস্তারিত বিবরণ আছে। গৌড়ীয় বৈষ্ণব শাস্ত্রকারদের মূল রস— ভক্তিরস। ভক্তিরস দুই প্রকার— মুখ্য ভক্তিরস এবং গৌণ ভক্তিরস।

মুখ্য ভক্তিরস (পাঁচ প্রকার)

শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর এবং

গৌণ ভক্তিরস (সাত প্রকার)

হাস্য, অদ্ভুত, বীর, করুণ, রৌদ্ৰ, ভয়ানক ও বীভৎস

৩) স্থাপত্য, ভাস্কর্য, চিত্রকলা ও লেখমালা

ভাস্কর্য-চিত্রকলার সঙ্গে সংগীত বিশেষত নৃত্যের যোগ সুনিবিড়। প্রাচীন বাংলার ভাস্কর্যে, চিত্রশিল্পে, লেখমালায় বাংলার নৃত্যের বিবরণ, ভঙ্গিমা, বাদ্যযন্ত্র, বেশভূষা ইত্যাদি জ্ঞাতব্য তথ্য বিদ্যমান। ফাহিয়েন, হিউয়েনসাঙের বিবরণ এবং প্রাচীন শিলালিপি ও তাম্রশাসনগুলি আলোচনা করলে কোনো সন্দেহ থাকে না যে, প্রাচীন বাংলায় তুর্কি আক্রমণের আগে পর্যন্ত বিচিত্র কারুকার্য খচিত বহু হর্ম্য ও দ্বাদশ ভৌম অর্থাৎ বারো তলা মন্দির এবং স্তূপ ও বিহার প্রভৃতি ছিল। কিন্তু এ-সবই ধ্বংস হয়ে গেছে। দ্বাদশ শতাব্দীতেও সন্ধ্যাকর নন্দী বরেন্দ্রভূমিতে যে-সব ‘প্রাঃশুপ্রাসাদ’, মহাবিহার এবং কাঞ্চন খচিত হর্ম্য ও মন্দির দেখেছিলেন, তার সবই কালগর্ভে বিলীন হয়ে গেছে। তৎসঙ্গেও প্রাচীন বাংলার স্থাপত্য-ভাস্কর্য-চিত্রকলার নির্দর্শন যা আছে তা নৃত্য গবেষণার পক্ষে অপ্রতুল নয়। বাংলার ভাস্কর্যগুলি প্রস্তর, ধাতব, কাঠ বা দারু, পোড়ামাটি, হাতির



দাঁত ইত্যাদি দ্বারা নির্মিত। বাংলার গৌরবময় যুগ পাল-সেন যুগে প্রস্তর-ধাতবমূর্তি বহুল পরিমাণে দেখা যায়। এদেশে প্রস্তর সেই পরিমাণে সুলভ নয় তাই অধিকাংশ মূর্তিই পোড়ামাটির। বাংলার পশ্চিমপ্রান্তে মাকড়া পাথর (Laterite) এবং বেলে পাথর (Sand Stone) পাওয়া যায়। তার ফলে এই দুই প্রকারের পাথরের মন্দির দেখা যায়।

ভারতবর্ষে সূক্ষ্মচিত্রকলা (Miniature Painting)-র প্রথম নিদর্শন বাংলায় ‘অষ্টসহস্রপ্রজ্ঞাপারমিতা’-র পুঁথিচিত্রে। পরবর্তীকালে জৈন, মুঘল, কাংড়া, বাসোলী, জায়ুর ইত্যাদির উদ্ভব ঘটে। এই সূক্ষ্মচিত্রকলাগুলিতে প্রচুর নৃত্যের নিদর্শন দেখা যায়। এরই পাশাপাশি পালযুগের চিত্রকলাগুলিও অত্যন্ত সমৃদ্ধ এবং চৈতন্যদেবের পরবর্তীকালে পটচিত্র, পাটচিত্র সবধরনের চিত্রকলাতেই নৃত্যের নিদর্শন দেখা যায়।

অধুনা বাংলাদেশে মহাস্থান-গড় থেকে একটু দূরে ভাসু বিহার যা পালযুগের মঞ্চের সাক্ষ্যবহন করে চলেছে। এছাড়া ছোট নাট্যমন্দিরের কক্ষযুক্ত অনেক মন্দির দেখা যায়। যেমন— দেওলিয়ার (বর্ধমান) মন্দির, বহুলাড়ার (বাঁকুড়া) সিদ্ধেশ্বর মন্দির, গোকুলচাঁদের মন্দির (বাঁকুড়া), বিষ্ণুপুরের শ্যামরায়, মদনমোহন ইত্যাদি মন্দির।

ভাস্কর্য-চিত্রকলার পাশাপাশি লেখমালায় নিদর্শন পাওয়া যায়। যেগুলি থেকে বাংলায় দেবদাসী প্রথার তথ্য পাওয়া যায়। উদাহরণস্বরূপ বলা যায় নয়পালদেবের সময় মূর্তি ‘শিবেরবাণগড় প্রশস্তি’-তে অর্থাৎ লেখমালা থেকে জনতে পারি দ্বাদশ ভৌম অর্থাৎ বারো তলা শিবের মন্দিরে সহস্রদেবদাসীদের কথা—

“হিমগিরিমিব শুভ্রং রম্য-রত্নাংগু-জাল
প্রতিফলিত সকলি প্রৌঢ়-রামা-সহস্রম্।”

—মন্দিরটি হিমগিরির ন্যায় শুভ্র, সেখানে সহস্রদেবদাসী নিযুক্ত।^{২২}

অর্থাৎ, এর দ্বারা বোঝা যায় যে কত বড়ো মন্দির ছিল যেখানে সহস্র দেবদাসীর বসবাস ছিল। বাংলায় ষষ্ঠ-অষ্টম শতকে মন্দিরে দেবদাসী ছিল। কাশ্মীরের কবি কলহন রচিত ‘রাজতরঙ্গিনী’-তে পাই কাটিকের মন্দিরে ‘কমলা’ নামে দেবদাসীর নৃত্যের কথা। তিনি নাট্যশাস্ত্র পদ্ধতি অনুসরণ করে নৃত্য করতেন।

সেকশুভোদয়ায় লক্ষ্মণসেনের দরবারে রাজদাসী নটী

বিদ্যুৎপ্রভা এবং শশীকলার পরিচয় পাই^{২৩} গোবর্ধন আচার্যের ‘আর্যসপ্তশতী’-তে রুচিসম্পন্ন, গণিকা কন্যাদের কল্যানিপুন নৃত্যচার্যের কাছে নৃত্যশিক্ষার উল্লেখ পাই^{২৪} মঙ্গলকব্যগুলিতে রাজদাসী নটীর কথা পাই। বিষ্ণুপুরে দেবদাসী নটী ছিল। তারা বিষ্ণুপুরের রাজদরবারে, মন্দিরে নৃত্যগীত করত। বাংলায় দেবদাসীরা নানা নামে অভিহিত হত— দেববারবণিতা, বাররামা, দেবাসিনী, দেয়াসিনী, নটী ইত্যাদি। বর্তমানে বাংলায় আছে ‘নাচনী’ সম্প্রদায়, আছে সেবাদাসী সম্প্রদায় যারা মন্দিরে কীর্তন-গীত-নৃত্য পরিবেশন করে থাকেন। নাচনীর কথা আমরা মনসামঙ্গলেই পাই^{২৫}

নাট্যশাস্ত্রে নির্দেশ আছে যে বাংলার নৃত্যশিল্পী শ্যামবর্ণের অঙ্গরাগ (make up) করবেন। চুল বাঁধার বিবরণও নাট্যশাস্ত্রে দেওয়া আছে— ‘গৌড়ী নামলকং প্রায় সশিখা পাশবেণিকম।।’^{২৬}

৪) গুরুমুখী লোকায়ত নৃত্যধারা

সংস্কৃতি জগতের পণ্ডিতরা সকলেই একমত যে সমস্ত শিল্পই পরিমার্জনা এবং অনুশীলনের মাধ্যমে লোকশিল্প থেকে ধ্বংসপদী শিল্পে উন্নীত হয়েছে। বাংলাও এর ব্যতিক্রম নয়। উদাহরণস্বরূপ বলা যায়—

ভরতনাট্যম তার শেকড়— ভগবতমেলো নাটক, সাদির কুচিপুড়ী, কুরুভাণ্ডি ইত্যাদি।

ওড়িশি— গোটিপুত, মাহারী, বন্ধা ইত্যাদি।

তেমনি গৌড়ীয় ক্ষেত্রে সজীব লোকায়ত নৃত্যধারাগুলি হল— নাচনী, কীর্তন, ছৌ ইত্যাদি। বাংলায় শৈব, শাক্ত এবং বৈষ্ণব তিনটি ধর্মই অত্যন্ত প্রবল। বৈষ্ণবধর্ম— প্রাচীনকাল থেকেই ছিল, মধ্যযুগে চৈতন্যদেবের বেগবান আন্দোলনের ফলে গৌড়ীয় বৈষ্ণবধর্ম বা বাংলা ছাপিয়ে ভারত তথা পৃথিবীতে ছড়িয়ে পড়েছে— কীর্তন, নাচনী এমনকি ছৌ এর গানের সুরেও এর প্রভাব অপরিসীম। শাক্তধর্ম— সতীর একাঙ্গটি দেখেও মধ্য কোনও কোনও মতে প্রচলিত যে ৩১টি খণ্ডই বৃহৎবঙ্গের কোনও না কোনও জায়গায় পড়েছে এবং শক্তিপীঠ গড়ে উঠেছে। বাংলার গীত-বাদ্য ও নৃত্যে শক্তির প্রভাব অপরিসীম। গ্রামীণ গুরুমুখী নৃত্যে এই শক্তির প্রভাব বিস্তার— চণ্ডীনৃত্যে, কালিকানৃত্যে, কালীকাচ, মনসামঙ্গল ইত্যাদিতে এই শক্তিকেন্দ্রিক নৃত্যেরই স্বরূপ দেখা যায়। শৈব-বাংলার নৃত্যে শিবের প্রভাব সর্বাধিক। যার ফলে বাংলায় বহু নৃত্যপরা শিবের অর্থাৎ ‘নটরাজ’ তথা ‘নর্তেশ্বর’ শিবের ভাস্কর্য পাই।



মহায়া মুখোপাধ্যায়

সারা বাংলায় শৈব প্রধান গাজন উৎসব পালিত হয় যেটি মুখ্যত নৃত্যগীতকেন্দ্রিক। তাই এই গাজন নৃত্যে 'দশাবতার' নৃত্য ছাড়া আর বেশির ভাগটিই শিবকেন্দ্রিক। তাই গৌড়ীয় নৃত্যে এই তিন ধর্মের প্রভাবই বর্তমান।

গৌড়ীয় নৃত্যে প্রাচীনকাল থেকেই চার প্রকার বাদ্যযন্ত্র ব্যবহৃত হয়ে থাকে।

তত অর্থাৎ তারের বাদ্যযন্ত্র হিসেবে প্রাচীনকালে বীণা ব্যবহৃত হত, বর্তমানে সেতার, সরোদ, তানপুরা ইত্যাদি ব্যবহৃত হয়।

সুরির অর্থাৎ বাঁশি, সানাই, শংখ, পাতাবাঁশি, হারমোনিয়াম ব্যবহৃত হয়।

ঘন অর্থাৎ মন্দির, ঘণ্টা, বাঁঝ, করতাল ব্যবহৃত হয়।

আনন্দ হিসেবে ব্যবহার হয় শ্রীখোল বা মুদঙ্গ, ঢাক, ঢোল, পাখোয়াজ, ধামসা ইত্যাদি।

একজন শিক্ষার্থীকে গৌড়ীয় নৃত্য শিখতে গেলে প্রথমে শিখতে হয় 'অঙ্গসাধনা' তারপর 'নৃত্যঙ্গ' বা প্রাথমিক পদসঞ্চারে তালের সঙ্গে নাচ। তারপর ধীরে ধীরে সে শেষে— বন্দনা, মঙ্গলাচরণ, আলাপচারী, মহাজন পদনৃত্য, লীলাকীর্তন নৃত্য, পালা নৃত্য, অষ্টদশা নৃত্য এছাড়াও নামাবলি নৃত্য, স্ততি নৃত্য, স্তোত্র নৃত্য, বিরহ নৃত্য ইত্যাদি আরও উচ্চ শিক্ষার সঙ্গে সঙ্গে পর্যায়ক্রমে আয়ত্ত করতে থাকে। গৌড়ীয় নৃত্যের গানগুলিতে সংস্কৃত, প্রাচীনবাংলা, মৈথিলী, ব্রজবুলি ইত্যাদি ভাষাসমূহের প্রয়োগ হয়। বন্দনা নৃত্যে বিশেষ ভাবে ব্যবহৃত হয় চামর এবং সরা। চামর পঞ্চভূতকে তৃপ্ত করে এবং সরা পৃথিবীর দ্যোতক। প্রয়াত পণ্ডিত শ্রীদীনেশচন্দ্র সেন লিখেছেন— "বেষণ-নর্তনে নৃত্যকলা এদেশে সম্পূর্ণতা লাভ করিয়াছে। এদেশে নাচিবার কৌশল যে অদ্ভুতরূপে আয়ত্ত হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই। কাঁচা সরার উপরিভাগে অঙ্গুষ্ঠমাত্র স্পর্শ করিয়া নর্তকীরা নাচিতে পারিতেন, মনে হইত তাঁহারা যেন শূন্যের উপর নাচিতেছেন।"^{১২৭}

উল্লেখ্যপঞ্জি :

- ১। Mohan Khokar : *Dance in Transition*— The Pioneer, Marg, Bombay, Vol. XXXXI, No. 2.
- ২। সত্যেন্দ্রনাথ (সম্পা) : *বাংসায়নের কামসূত্র* মূলসংস্কৃত ও বাংলা অনুবাদ ৬/৫/৩৩— ওরিয়েন্টাল এজেন্সী।
- ৩। M. A. Stein : *Kalhana's Rājatarāṅgiṇī*, Vol.

III, 4th Taranga, Motilal Banarsidass, শ্লোক ৪২০-৪২৪

- ৪। ডা. রমেশচন্দ্র মজুমদার : *বাংলাদেশের ইতিহাস*, জেনারেল প্রিন্টার্স এন্ড পাব্লিশার্স প্রা. লি. ১৩৬৪ (বাংলা), পৃঃ ১২২।
- ৫। ড. আশা দাস ও আশুতোষ ভট্টাচার্য : *বাংলা সাহিত্যে বৌদ্ধ ধর্ম ও সংস্কৃতি*, ক্যালকাটা বুক হাউস (কোলকাতা), ১৯৬৯, পৃ. ৫৩১
- ৬। নিত্যানন্দ বিনোদ গোস্বামী : *বাংলা সাহিত্যের কথা*, লোকশিক্ষা গ্রন্থমালা, বিশ্বভারতী প্রকাশন, মাঘ ১৩৫৯ (বাংলা)।
- ৭। সুকুমার সেন : *বৈষ্ণবীয় নিবন্ধ*, রূপা (কোলকাতা), ১৯৭০, পৃ. ১২
- ৮। সুকুমার সেন : *প্রাচীন বাংলা ও বাঙালি*, বিশ্বভারতী ১৩৫৩ (বাং)।
- ৯। হরেকৃষ্ণ মুখোপাধ্যায় : *শ্রীশ্রীগীতগোবিন্দমু*, গুরুদাস চট্টোপাধ্যায় এন্ড সন্স (কোলকাতা), ১৩৬২ (বাং), পৃঃ ২৯।
- ১০। গোপাল হালদার : *বাংলা সাহিত্যের রূপরেখা*, মুক্তধারা (কোলকাতা), ১৯৮৬, পৃ. ৩১।
- ১১। দীনেশচন্দ্র সেন : *বঙ্গভাষা ও সাহিত্য* ১ম খণ্ড, সম্পাদনা অসিত কুমার বন্দ্যোপাধ্যায়, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তকপর্ষদ, ১৯৮৬, পৃঃ ১২৮-২৯১।
- ১২। দীনেশচন্দ্র সেন : *বঙ্গভাষা ও সাহিত্য* (১ম খণ্ড), সম্পাদনা-অসিত কুমার বন্দ্যোপাধ্যায়, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ কোলকাতা, ১৯৮৬, পৃ. ১২৮-২৯১
- ১৩। ডঃ মনমোহন ঘোষ : *বাংলা সাহিত্য*, ইন্ডিয়ান পাব্লিসিটি সোসাইটি, কোলকাতা, পৃঃ ৪৯-৫০।
- ১৪। রমেশচন্দ্র মজুমদার (সম্পা.) : *বাংলাদেশের ইতিহাস*, *মধ্যযুগ*, জেনারেল, ১৩৮০ (বাং), পৃঃ ৩০৮-৩০৯।
- ১৫। রমানাথ চক্রবর্তী ও দ্বারকানাথ চক্রবর্তী (সম্পা) : *বংশীদাস পদ্মাপুরাণ*, ভট্টাচার্য এন্ড সন্স, কোলকাতা, ১৩১৮, পৃঃ ৫৯৭।
- ১৬। মুকুন্দরাম চক্রবর্তী : *কবিকঙ্কণ চণ্ডী*, বসুমতী সাহিত্য মন্দির, কোলকাতা, পৃঃ ৯০-৯১।

বাংলা সাহিত্যের আদিযুগ ও সত্যের অনুসন্ধান



- ১৭। আশুতোষ ভট্টাচার্য : *বাংলার লোকনৃত্য : বিবিধ*, ২য় খণ্ড, এ. মুখার্জী এন্ড কোং প্রাইলিঃ, কোলকাতা, ১৯৮২, পৃঃ ১৫-২৩।
- ১৮। দর্শনা কাবেরী এবং কলাবতী দেবী : *শাস্ত্রীয় মণিপুরী নর্তন*, মণিপুরী নর্তনালয় (কোলকাতা), ১৯৯৩। পৃঃ মুখবন্ধ এবং পৃঃ ১৫১-১৫৬।
- ১৯। ডঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (সম্পা) : *ভরত নাট্যশাস্ত্র*, নবপত্র প্রকাশন, (কোলকাতা), ১৯৮২, চতুর্দশ অধ্যায়— 'প্রবৃত্তি'।
- ২০। Prem Lata Sharma (ed) : *Bṛhaddeśī of Mātanga Muni*, Asst. by Anil Bihari Beohar, IGNC & MLBD, New Delhi, 1994, pp. 104-107.
- ২১। Dr. Premalata Sharma (Ed & Trans), assisted by R.K. Shringy, : *Sangit Ratnakara of Sarangadeva*, Munshiram Manoharlal P. L. Delhi, Vol-II, 1989, pp. 4/4

- ২২। ডঃ দীনেশচন্দ্র সরকার : *শিলালেখ-তাম্রশাসনাদি প্রসঙ্গ*, পুস্তকবিপণি (কোলকাতা), ১৯৮৫, পৃ. ৪৭-৫৯।
- ২৩। Sukumar Sen (ed) : *Sekhsubhadaya of Halayudh Misra*, Asiatic Society, Calcutta, ১৯৬৩ pp. ৬৫-৬৭।
- ২৪। জাহ্নবী কুমার চক্রবর্তী (বঙ্গনুবাদ) : *আর্যসপ্তশতী ও গৌড় বঙ্গ-গোবর্ধন আচার্য*, সান্যাল এন্ড কোং, কোলাকাতা, ১৩৭৮ (বাং), পৃঃ ৯৫-৯৯।
- ২৫। আশুতোষ ভট্টাচার্য : *বাংলার লোকনৃত্য— বিবিধ*, ২য় খণ্ড, এ. মুখার্জী এন্ড কোং প্রাইলিঃ, ১৯৮২, পৃঃ ১৫-২৩।
- ২৬। ডা. সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও ছন্দা চক্রবর্তী : *নাট্যশাস্ত্র-৩য় খণ্ড*, নবপত্র প্রকাশন, কোলকাতা, ১৯৮২, পৃঃ ৯৫।
- ২৭। দীনেশচন্দ্র সেন : *বৃহৎবঙ্গ (১ম খণ্ড)*, দে'জ পাবলিশিং, ১৯৯৯ (২য় মুদ্রণ), পৃঃ ৪৫৪-৪৫৫।





উনিশ শতকের অসমে অবাঙালিদের বাংলাচর্চা : দ্বিতীয় পর্ব

প্রসূন বর্মান

বাংলা বিভাগ, কটন মহাবিদ্যালয়, গুয়াহাটি-৭৮১০০১, অসম

CULTIVATION OF BENGALI IN NINETEENTH CENTURY ASSAM BY THE NON-BENGALEES — PART-II

Prasun Barman

Dept. of Bengali, Cotton College, Guwahati-781 001, Assam

ABSTRACT : Bengali literature expanded hugely in the nineteenth century. It became popular in the neighbouring areas of Bengal also. In northeast India not only Bengalees, even non-Bengalees had taken interest in Bengali literature and language. Bengal Renaissance had been welcomed by Assam and Northeast India too.

We will discuss about the study of Bengali in the second half of the nineteenth century by the Assamese intelligentsia. Anandaram Dhekiyal Phookan's 'Ain O Byabastha Sangraha' was published in 1855. In this period Bengali write-ups of Moonshi Kifayut Ullah, Haraprasad Nath, Rev. M. Ramkhe, Manicharan Barman and others were published.

It is worth mentioning that our discussion will focus on the historical point of view about the study of Bengali literature in nineteenth century by non-Bengalees in the Northeast India.

উনবিংশ শতাব্দীর অসমে বাংলা লেখালিখির দুটি ধারা। একটি বাঙালিদের ও অন্যটি অবাঙালির রচিত সাহিত্য। দ্বিতীয় ধারায় ইন্দো-ইউরোপীয় ভাষা-গোষ্ঠীর অসমিয়া এবং ভোট-চীনীয় বংশের ডিমাঙ্গা ও গারোভাষী শিক্ষিত ব্যক্তিদের মধ্যে বাংলা লেখালেখির নিদর্শন পাওয়া যায়।

মধ্যযুগে আহোম-কাছাড়-ত্রিপুরা প্রভৃতি দেশীয় রাজাদের মধ্যে যোগাযোগের ভাষা হিসেবে বাংলার ব্যবহার ছিল। উনিশ শতকে, ১৮২৬ খ্রিস্টাব্দের পর হলিরাম ঢেকিয়াল ফুকন (১৮০২-৩২), যজ্ঞরাম খারঘরীয়া ফুকন (১৮০৫-৩৮), মণিরাম

উনিশ শতকের অসমে অবাঙালিদের বাংলাচর্চা : দ্বিতীয় পর্ব

দেওয়ান (১৮০৬-৫৮) প্রমুখের সঙ্গে যোগাযোগ ঘটে আলোকদীপ্ত কলকাতার বঙ্গীয়সমাজের। এই যোগসূত্রের স্বাক্ষর রয়েছে তৎকালীন সংবাদ-সাময়িকপত্রের পাতায়।

কলকাতার সঙ্গে অসমিয়া 'ডাঙরীয়া'দের এই যোগসূত্র দ্বিতীয়ার্ধে আরও ব্যাপকতা লাভ করে। বঙ্গ প্রেসিডেন্সির অন্তর্ভুক্ত হওয়া এবং উচ্চশিক্ষার জন্য অসমিয়া যুবকদের কলকাতা-গমন— এই যোগাযোগকে সুদৃঢ় করতে সাহায্য করেছিল। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে আনন্দরাম ঢেকিয়াল ফুকন (১৮২৯-৫৯), মুনসি কেফায়ৎ উল্লাহ (১-১৮৬৮), লক্ষ্মীনাথ বেজবরুয়া (১৮৬৪-১৯৩৯) প্রমুখ অসমিয়া ভাষাচর্চার পাশাপাশি বাংলাতেও লেখালিখি করেছেন। পাশাপাশি বঙ্গো অসম তথা কামরূপ-কামাখ্যা নিয়ে মানুষের মধ্যে আগ্রহ তৈরি হচ্ছিল। অসমিয়া উপাধি 'ঢেকিয়াল ফুকনের' নাম থেকেই নাকি প্যারীচাঁদ মিত্র (১৮১৪-৮৩) তাঁর ছদ্মনামটি (টেকচাঁদ ঠাকুর) গ্রহণ করেছিলেন।

[তাঁহার নাম ছিল টেকচন্দ্র ফুকন। ... তাঁহার নাম হইতেই বোধ হয় টেকচাঁদ ঠাকুরের উৎপত্তি।— হরপ্রসাদ শাস্ত্রী দেবপ্রসাদ ভট্টাচার্য (সম্পা.) : হরপ্রসাদ শাস্ত্রী রচনা সংগ্রহ, ২য় খণ্ড, নাথ ব্রাদার্স (পরি.) কলকাতা, ১৯৮১, পৃ. ১৪৫]

উনিশ শতকের দুটি অর্ধে অসমিয়াদের মধ্যে বাংলা লেখালিখির চরিত্র ও বৈশিষ্ট্য পরিবর্তিত হয়েছে স্বতঃস্ফূর্তভাবে। উনিশ শতকের গোড়ার দিকে আলোকদীপ্ত বঙ্গীয় সমাজের সংস্পর্শে এসে জাদুরাম, হলিরাম, যজ্ঞরাম প্রমুখ বাংলা লেখালিখির প্রতি আগ্রহী হয়ে উঠেছিলেন। ক্রমশ দ্বিতীয়ার্ধে, নানা কারণে এই স্বতঃস্ফূর্ততা কিছুটা ফিকে হয়ে পড়ে। তবুও 'কৃষি দর্পণ' (১৮৫৩), 'আইন ও ব্যবস্থা সংগ্রহ' (১৮৫৬), 'কানখোআ পুথি' (১৮৭৬), 'বাঙ্গালা-গারো অভিধান' (১৮৮৭), 'হৈড়িম্ব ভাষা প্রবেশ' (১৮৯২) ইত্যাদি গ্রন্থ বাংলায় প্রকাশিত হয়েছে। প্রান্তবাসীর এই অনালোচিত গ্রন্থগুলি বাংলা সাহিত্যে বৈচিত্র্য এনেছে, এ কথা নিঃসন্দেহে বলা যায়।

আনন্দরাম ঢেকিয়াল ফুকনের 'আইন ও ব্যবস্থা সংগ্রহ' (প্রথম খণ্ড)

ফুকনে যি আইন ও ব্যবস্থা সংগ্রহ ছপাইছিল সেই পুস্তকৰ প্রথমভাগ ছপা শেষ হ'ল।... এই পুস্তক সাধাৰণৰ সমীপত প্রচাৰিত হ'লত সকলো সম্বাদপত্ৰ আৰু সাধাৰণে ইয়াক সন্তোষেৰে গ্ৰাহ্য কৰিলে। সদৰ দেওয়ানী আদালতৰ জজ চাহাবসকলৰ অনুৰোধত গবৰ্ণমেণ্টেও ইয়াৰ ২৫০

খণ্ড ১০০০ টকা মূল্যত গ্ৰহণ কৰিলে আৰু সকলো বিচাৰকসকলে লৈ পঠালে। বঙ্গলা বা দেশীয় ভাষাত এই পুস্তকেই ব্যৱহাৰ ঘটিত প্রথম পুস্তক। তাৰ পূৰ্বে বঙ্গলা ভাষাত তেনে ব্যৱহাৰ পুস্তক নাছিল। ইয়াৰ পৰা সাধাৰণৰ বৰ উপকাৰ হ'ল।^১

গুণাভিরাম বরুয়ার (১৮৩৪-১৮৯৪) এই মূল্যায়ন আনন্দরাম ঢেকিয়াল ফুকনের (১৮২৯-১৮৫৯) 'আইন ও ব্যবস্থা সংগ্রহ' গ্রন্থ-সম্পর্কে সাধারণ পাঠকের আগ্রহ বাড়িয়ে তোলে। পরবর্তীসময়ে নন্দ তালুকদার (১৯৩২-১৯৮৩) সংকলিত ও সম্পাদিত গ্রন্থে^২ ভূমিকা-অংশ এবং সূচিপত্র প্রকাশিত হয়েছে।

আনন্দরাম ঢেকিয়াল ফুকনের 'আইন ও ব্যবস্থা সংগ্রহ' গ্রন্থটি প্রকাশিত হয়েছিল ১৮৫৫ খ্রিস্টাব্দে। কলিকাতার নিউ প্রেস যন্ত্রে 'শ্রীযদুনাথ দাস কর্তৃক' মুদ্রিত এই গ্রন্থের আখ্যাপত্র ছিল নিম্নরূপ :

আইন ও ব্যবস্থা সংগ্রহ।

অর্থাৎ

বঙ্গদেশে চলিত শাস্ত্র, শরা, দেশাচার, ইংলণ্ডীয় লা, গবর্নমেণ্টের আইন, কনষ্ট্রাকশন, সর্কুলার অর্ডার ও আদালতের নজির ইত্যাদির সার সংগ্রহ।

শ্রীআনন্দরাম ঢেকিয়াল ফুকন প্রণীত।

প্রথম খণ্ড।

কলিকাতা।^৩

এই একই বছর আনন্দরামের কালজয়ী রচনা 'A Few Remarks on the Assamese Language and Vernacular Education in Assam' প্রকাশিত হয়েছিল। 'অসমিয়া ভাষার প্রধান উৎসাহদাতা' আনন্দরাম কেন বাংলা ভাষায় আইনের বই রচনা করলেন? মূলত তিনটি কারণ আমাদের মনে হয়েছে:

ক. আইন-বিষয়ক গ্রন্থ রচনায় আনন্দরামের আগ্রহ এবং উৎসাহ। এক্ষেত্রে তাঁর 'ফুকন দেওয়ানের কায়দাবন্দী' (১৮৪৯-৫০) এবং 'সদর দেওয়ানী নিষ্পত্তি' (১৮৫০) বিশেষভাবে উল্লেখযোগ্য।

খ. বঙ্গীয় নবজাগরণের প্রভাবে অসমিয়া বিদ্বৎসমাজে বাংলা ভাষা-সাহিত্যচর্চার একটি প্রবণতা গড়ে উঠেছিল। জাদুরাম ডেকা বরুয়া (১৮০১-১৮৬৯),



হলিরাম ঢেকিয়াল ফুকন (১৮০২-১৮৩২), যজ্ঞরাম খারঘরীয়া ফুকন (১৮০৫-১৮৩৮), মণিরাম দেওয়ান (১৮০৬-১৮৫৮) প্রমুখের মতো আনন্দরামেরও বাংলা ভাষার প্রতি স্বাভাবিক আকর্ষণ ছিল।

গ. বঙ্গদেশে প্রচলিত আইনের একটি সহজ ও সরল বঙ্গীয় সংস্করণ প্রকাশ।

আনন্দরাম উচ্চশিক্ষা লাভের জন্য ১৮৪১ খ্রিস্টাব্দে কলকাতার হিন্দু কলেজে ‘তৃতীয় ডিপার্টমেন্টে’ ভর্তি হয়েছিলেন। অতীত দুর্গারাম তাঁর সঙ্গী ছিলেন। দ্বাদশবর্ষীয় বালকদ্বয়ের সে-সময়ের কলকাতার বিদ্যৎসমাজের সঙ্গে সাক্ষাৎ করার সংবাদ পাওয়া যায়। ডেভিড হেয়ার (১৭৭৫-১৮৪২), রসময় দত্ত (১৭৭৯-১৮৫৪), রাজা রাধাকান্ত দেব (১৭৮৩-১৮৬৭), রামকমল সেন (১৭৮৩-১৮৪৪), মতিলাল শীল (১৭৯২-১৮৫৪), প্রিন্স দ্বারকানাথ ঠাকুর (১৭৯৪-১৮৪৬), প্রসন্নকুমার ঠাকুর (১৮০১-১৮৬৮), রাজা কালীকৃষ্ণ দেব (১৮০৮-১৮৭৪) — কে নেই এ-তালিকায়।

কিন্তু কিছুদিনের ভেতর দুর্গারাম অসুস্থ হয়ে পড়েন এবং কলকাতাতেই তাঁর মৃত্যু হয়। অচেনা কলকাতায় আনন্দরাম একাকী হয়ে পড়েন। সেকালে হিন্দু কলেজে তিনটি বিভাগ ছিল — জুনিয়র, সিনিয়র এবং কলেজ। আনন্দরাম ১৮৪৪ খ্রিস্টাব্দে সিনিয়র বিভাগের তৃতীয় শ্রেণিতে প্রবেশ করেছিলেন। ক্যাপ্টেন ডেভিড এল রিচার্ডসনের (১৮০১-১৮৬৫) মতো ছাত্রদেরদী শিক্ষকের সান্নিধ্য তিনি পেয়েছিলেন। উল্লেখ্য, এসময় মধুসূদন দত্ত (১৮২৪-১৮৭৩) হিন্দু স্কুলের ছাত্র ছিলেন। খ্রিস্টধর্ম গ্রহণ করার (১৮৪৩) জন্য ‘মাইকেল’ মধুসূদন দত্তকে ১৮৪৪ খ্রিস্টাব্দে হিন্দু স্কুল ছেড়ে বেরিয়ে আসতে হয়েছিল। অগ্রজ মাইকেলের সঙ্গে কি আনন্দরামের কোনো যোগাযোগ ঘটেছিল?

দুর্ভাগ্য যে আনন্দরাম পড়াশোনা অসমাপ্ত রেখে গুয়াহাটিতে ফিরে আসেন ১৮৪৫ খ্রিস্টাব্দে। প্রায় তিনবছর কাল হিন্দু স্কুলে কী কী শিখলেন, তার বিস্তারিত বিবরণ পাওয়া যায় গুণাভিরাম বরুয়ার রচনা থেকে :

আহিবর সময়ত তেওঁ পাটীগণিত, প্রায় সম্পূর্ণ বীজগণিতের সামান্য নিয়ম, জ্যামিতির প্রথম অধ্যায়, ইংলণ্ড, বোম, গ্রিচ আৰু ভারতবর্ষ ইতিহাস, ইংরাজী কাব্য-সংগ্রহ প্রভৃতি গ্রন্থ পাঠ কৰিছিল। ইংরাজী ভাষা কবলৈ আৰু

ইংরাজবিলাকৰ সৈতে ব্যৱহাৰ কৰিবলৈ যি কেতবিলাক নিয়ম তাকো শিক্ষা কৰিছিল। বঙ্গলা ভাষাতো ভালকৈ শিক্ষা কৰিছিল।^৪

কলকাতা থেকে ফিরে এসে আনন্দরাম বিবাহপাশে আবদ্ধ হলেন। পাত্রী পশুপতি ফুকন ও কমলেশ্বরী ফুকননীর কন্যা মাহিন্দী। এসময় নানা কিসমের আইন অধ্যয়নে তিনি আগ্রহী হয়ে উঠেছিলেন। অবশ্য এ আগ্রহ নিজের কাজের প্রয়োজনে গড়ে উঠেছিল। আনন্দরাম সাময়িকভাবে ব্রিটিশের খাজনা তোলায় সাহায্য করে দিয়েছিলেন। এর পর ১৮৪৯ খ্রিস্টাব্দে তিনি বিজনির রাজা অমৃতনারায়ণের (১৮৩৮-১৮৫৩) দেওয়ান নিযুক্ত হয়েছিলেন। রাজার কাগজপত্র ও নথির কোনো বিশেষ শৃঙ্খলা ছিল না। ছিল না কোনো প্রকৃত নীতি-নিয়ম। ফলে বিভিন্ন পরগণার ‘জমাবন্দী’ ও ওয়াসিল-তহসিলের হিসেবে প্রায়ই গরমিল হত। শুরুতেই তিনি নিজ বিজনি পরগণার রাজস্ব, শাস্ত্রিমা, বিচার, কার্যকারকের কর্তব্যকর্ম, দণ্ডবিধানের এক নিয়মাবলী প্রকাশ করেছিলেন। দুশ্লীল্য এই নিয়মাবলী ‘ফুকন দেওয়ানের কায়দাবন্দী’ নামে খ্যাত।

বলা বাহুল্য, এসময় থেকে আনন্দরাম নিয়ম-কানুন তথা আইনের প্রতি আগ্রহী হয়ে ওঠেন। ১৮৫০ খ্রিস্টাব্দে তিনি লিখেছিলেন আরও একটি আইনের বই ‘সদর দেওয়ানী নিষ্পত্তি’। এরই মধ্যে তিনি দ্বিতীয়বার কলকাতায় যাত্রা করেন। উদ্দেশ্য, বিজনির রাজার হয়ে সরকারের কাছে আবেদনপত্র-পেশ। কলকাতা থেকে ফিরে ১৮৫২ খ্রিস্টাব্দে তিনি বরপেটায় স্থায়ী সাব-অ্যাসিস্টেন্ট পদে নিযুক্ত হয়েছিলেন। কর্নেল মেথি একটি চিঠিতে ফুকনকে জানিয়েছিলেন :

তোমাৰ উন্নতিত সন্তোষ পালোঁ! দেখা! তুমি যদি কৰ্ণেল জেনকিন্‌চ আৰু মোৰ পৰামৰ্শ শুনি কলিকতালে নগলাহেঁতেন তাত ভালকৈ নপঢ়িলাহেঁতেন তুমি সমুদায় জীৱন দৰিদৰি আৰু সঙ্কমহীন হলাহেঁতেন। এতিয়া তুমি অসম দেশত কাম কৰা বঙ্গালী আৰু অসমীয়া সকলোতকৈ ডাঙৰ বিষয় পাইছা আৰু ইমান উচ্চ বেতন পোৱা আৰু ডাঙৰ বিষয় পোৱা তুমিয়েই প্ৰথম।^৫

১৮৪৫ থেকে ১৮৫২ খ্রিস্টাব্দ পর্যন্ত আনন্দরামের বৌদ্ধিক জীবনের দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক হল :

ক. ‘অসমিয়া লবার মিত্র’ প্রকাশ এবং



খ. আইন-বিষয়ক নানা চিন্তা-চর্চা।

পরবর্তীসময়ে এই দুই পথেই আনন্দরামের বৌদ্ধিকভাবের প্রকাশ আমরা দেখতে পাই।

আনন্দরাম ঢেকিয়াল ফুকনের আইন-বিষয়ক রচনার বিশেষ আলোচনা আমাদের চোখে পড়েনি। অবশ্য গুণাভিরাম বরুয়া ও নন্দ তালুকদারের রচনা এক্ষেত্রে ব্যতিক্রম। উল্লেখ্য, যে তিনখানা আইন-বিষয়ক বই আনন্দরাম লিখেছেন, সে তিনটি বই-ই দুশ্লীল্য। একমাত্র ‘আইন ও ব্যবস্থা সংগ্রহ (প্রথম খণ্ড)’ গ্রন্থটি কলকাতার ন্যাশনাল লাইব্রেরিতে সংরক্ষিত হয়েছে। সংগৃহীত বইটিও খণ্ডিত। গ্রন্থটির দ্বিতীয় ভাগের ‘সম্পত্তির কথা’, ‘জমিদারী ও তালুকের কথা’, ‘রাইয়তের কথা’, ‘ইজারাদার ও পাটাদারের কথা’ প্রভৃতি বিভিন্ন অংশ (প্রায় একশো পৃষ্ঠা) কোনও অনিসন্ধিৎসু ব্যক্তি সচেতনভাবে ছিঁড়ে নেওয়ার সাক্ষ্য বহন করছে।

আনন্দরাম চেয়েছিলেন আইনের জটিল বিষয়কে সহজ-সরলভাবে প্রকাশ করতে। কেননা তিনি উপলব্ধি করেছিলেন যে ১৭৯৩ খ্রিস্টাব্দে চিরস্থায়ী বন্দোবস্তের পর জমি-জমা সংক্রান্ত জটিলতার সৃষ্টি হচ্ছে। এক্ষেত্রে গোয়ালপাড়ায় বিজনি রাজবংশের জমি-জমাবিষয়ক নানা জটিলতা নিয়ে কাজ করার অভিজ্ঞতার কথা স্মরণ করা যেতে পারে। এসব বিষয় তাঁকে আরও গভীরে ভাবতে সাহায্য করেছিল। তাই তিনি আইনের মতো জটিল একটি বিষয়কে বাংলা ভাষায় সংকলিত করতে উৎসাহী হয়েছিলেন তিনি। উদ্দেশ্য, সাধারণ মানুষের মধ্যে আইনের গ্রহণযোগ্যতা বৃদ্ধি। গ্রন্থের ভূমিকায় তিনি জানিয়েছেন:

বঙ্গদেশ শাসনার্থে গবর্নমেন্ট দ্বারা সংস্থাপিত আইনসকল যদিও দেশীয় ভাষায় অনুবাদিত হইয়াছে, তথাপি তাহার ভাষা এমত কঠিন যে তাহার অর্থ অনেকের সহজে হৃদয়ঙ্গম হয় না; বিশেষতঃ যে হিন্দু শাস্ত্র ও মুসলমানের শরার বিধানানুসারে হিন্দু ও মুসলমান প্রজাদিকের স্বত্বের বিচার হয়, তৎসমুদায় সংস্কৃত ও আরবী ভাষায় রচিত হওয়াতে তাহা অত্যন্ত লোকের বোধগম্য হইয়া থাকে; এবং দেশ ব্যবহার সিদ্ধ যে সকল নীতি ব্যবস্থা আদালতের নজির দ্বারা অবধারিত হইয়াছে তাহাও প্রায় ইঙ্গরাজী ভাষায় প্রকাশ হওয়াতে সর্বসাধারণের পক্ষে গুণদায়ক হয় না।^৬

— হিন্দুর শাস্ত্র, মুসলমানের ‘শরা’ অর্থাৎ শরিয়ত এবং কোম্পানি সরকারের বিভিন্ন আইনের বিধি ‘সকলের বোধগম্য’ হওয়ার উদ্দেশ্যে আনন্দরাম ‘আইন ও ব্যবস্থা সংগ্রহ’ গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশ করেছিলেন। ইতিপূর্বে বাংলা ভাষায় আইন-বিষয়ক গ্রন্থ থাকলেও এই গ্রন্থগুলির অধিকাংশই ছিল অনূদিত অথবা হিন্দুর শাস্ত্র ও মুসলমানের ‘শরা’ অর্থাৎ শরিয়তের স্বতন্ত্র সংকলন। আইনের এই তিনটি স্তর নিয়েই আনন্দরাম প্রকাশ করেছেন তাঁর বিখ্যাত গ্রন্থটি। এই সংকলনটি যে উনিশ শতকের ভারতীয় সমাজে একেবারে নতুন ছিল, তা বলাই বাহুল্য।

১৭৬৫ খ্রিস্টাব্দে বঙ্গ-বিহার-ওড়িশার দেওয়ানী লাভ করার পর থেকেই ইস্ট ইন্ডিয়া কোম্পানি কিছু আইনের বই তথা পুস্তিকা প্রকাশ করেছিল। ১৭৭২ খ্রিস্টাব্দে ওয়ারেন হেস্টিংস (১৭৩২-১৮১৮) প্রবর্তিত বিচার-ব্যবস্থার ফলে প্রত্যেক জেলায় একেকটি দেওয়ানি ও ফৌজদারি আদালত স্থাপিত হয়েছিল। সে-সময় দেওয়ানি বিচারে হিন্দুর ক্ষেত্রে ‘শাস্ত্র’ এবং মুসলমানের ক্ষেত্রে ‘কোরান’ মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছিল। ব্রিটিশদের সুবিধার জন্যে হেস্টিংস হিন্দুর শাস্ত্র ও ইসলামের শরিয়তি আইন ব্যাখ্যার জন্য ‘পণ্ডিত’ ও ‘মৌলবী’ নিয়োগ করেছিলেন। শুধু তাই নয়, নিজেদের সুবিধার্থে তিনি ১৭৭৬ খ্রিস্টাব্দে ‘কোড অব জেন্টল লস’ নামক একটি দেশীয় আইন সংকলন প্রকাশের পরামর্শ দিয়েছিলেন।

উলটোদিকে ১৭৮৩ খ্রিস্টাব্দে স্যার উইলিয়াম জেনন্স (১৭৪৬-১৭৯৪) ভারতে আসেন সুপ্রিম কোর্টের জজ হিসেবে। উল্লেখ্য, এই জেনন্সই ১৭৮৪ খ্রিস্টাব্দে ‘এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল’ প্রতিষ্ঠা করেছিলেন। এবছরই জেনাথান ডানকানের (১৭৫৬-১৮১১) ‘দেওয়ানী আদালতের নিয়মাবলী’ বাংলা ভাষায় অনূদিত হয়েছিল। এ গ্রন্থটি বাংলা লিপিতে মুদ্রিত প্রথম সম্পূর্ণ গ্রন্থ। কয়েক বছরের মাথায় (১৭৯১) নেইল বেঞ্জামিন অ্যাডমিনিস্ট্রের (১৭৬৫-১৮৪১) ‘ফৌজদারী কার্যবিধি’র অনুবাদ প্রকাশিত হয়। ১৭৯৩ খ্রিস্টাব্দে চার্লস কর্ণওয়ালিশ (১৭৩৮-১৮০৫) ভূমি-সংক্রান্তীয় কিছু নীতি-নিয়ম ঘোষণা করেছিলেন। পরবর্তীসময়ে হেনরি পিটস ফরস্টারের ‘কর্ণওয়ালিশী কোড’-এর অনুবাদ প্রভৃতি প্রকাশিত হয়েছিল। শুধু তাই নয়, আইনের বিভিন্ন ‘নিয়মাবলী’ ও ‘নির্দেশাবলী’র অনুবাদকর্মও এই সময় থেকেই নিয়মিত বেরোচ্ছিল। এ-ভাবেই ভারতীয় আইনের নানা স্তর বাংলা ভাষায় অনূদিত হতে থাকে। এ-সব রচনা নতুন দেশীয় আইনের একপ্রকার গাইড ছিল বলা যেতে পারে। এ-ছাড়া হিন্দুর শাস্ত্র ও ইসলামি শরিয়তের রীতি-



নীতি বিষয়ক স্বতন্ত্র সংকলনগুলির কথাও স্মরণযোগ্য। এমনকী ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধে আইন-বিষয়ক যেসব গ্রন্থ বাংলা ভাষায় রচিত হয়েছিল, তার অধিকাংশই ছিল অনুদিত। ব্যতিক্রম শুধু ‘হেডস্ব রাজ্যের দণ্ডবিধি ও আইন’ (১৮১৭) গ্রন্থটি।

ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে আনন্দরামের ‘আইন ও ব্যবস্থা সংগ্রহ’ গ্রন্থটি প্রকাশের পর তা বঙ্গদেশে যথেষ্ট গুরুত্ব লাভ করেছিল। কোম্পানি সরকার একহাজার টাকার গ্রন্থ ক্রয় করে সদর দেওয়ানী আদালতের বিচারকদের এ-গ্রন্থ প্রেরণ করেছিল। গণাভিরাম বরুয়া উল্লেখ করেছেন :

বঙ্গলা বা দেশীয় ভাষাত এই পুস্তকেই ব্যৱস্থা ঘটিত প্রথম পুস্তক।^১

আবার এ-বিষয়ে নন্দ তালুকদার বলেছেন:
১৮৫৫ খৃঃত প্রকাশিত বঙলা ভাষাত আইন সম্পর্কে রচনা করা এইখনেই প্রথম কিতাপ।^২

— উপরিউক্ত দুটি মন্তব্যেই আনন্দরামের গ্রন্থটির গুরুত্ব স্পষ্ট। গণাভিরাম সঠিকভাবেই উল্লেখ করেছেন যে ‘এই পুস্তকেই ব্যৱস্থা ঘটিত প্রথম পুস্তক’। কিন্তু নন্দ তালুকদারের বয়ান-অনুযায়ী এ-সংকলন ‘বঙলা ভাষাত আইন সম্পর্কে রচনা করা প্রথম কিতাপ’ নয়। অনুদিত আইন গ্রন্থ ছাড়াও ১৮৫৫ খ্রিস্টাব্দের পূর্বে বাংলা ভাষায় অন্তত আরও দুটি মৌলিক আইন-বিষয়ক গ্রন্থের সন্ধান পাওয়া যায়:

ক. শ্যামান্য চৌধুরীর ‘পুলিশ দর্পণ’, ১৮৫৩ (দ্বিতীয় সংস্করণ) এবং

খ. কালীমোহন দত্তের ‘উকিল জ্ঞানাজ্ঞান’, ১৮৫৪ খ্রিস্টাব্দ।

অবশ্য আনন্দরামের ‘আইন ও ব্যবস্থা সংগ্রহ’ গ্রন্থের পরিসর ‘পুলিশ দর্পণ’ কিংবা ‘উকিল জ্ঞানাজ্ঞান’ থেকে ব্যাপক ও বিস্তৃত। এই গ্রন্থ দুটিতে পুলিশ ও আইনজ্ঞের রীতি-নীতি আলোচিত হয়েছে। অন্যদিকে ‘আইন ও ব্যবস্থা সংগ্রহ’ তৎকালীন বঙ্গদেশের আইন-বিষয়ক সংকলন গ্রন্থ। এর পূর্বে বাংলা ভাষায় আইন-বিষয়ক গ্রন্থ প্রকাশিত হলেও ব্যবস্থা বিষয়ক এ ধরনের সংকলন গ্রন্থ এটিই প্রথম।

আনন্দরাম তাঁর গ্রন্থটি স্যার উইলিয়াম ব্ল্যাকস্টোনের (১৭২৩-১৭৮০) ‘দ্য কমেন্টস অন দ্য লস অব ইংল্যান্ড’-এর আদলে রচনা করেছিলেন। অষ্টাদশ শতাব্দীর ইংল্যান্ডের সাধারণ আইন ব্যবস্থায় এ-গ্রন্থের যথেষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। মূলত এই গ্রন্থের অনুসরণে আনন্দরাম প্রকাশ করেছিলেন ‘আইন ও

ব্যবস্থা সংগ্রহ’ (প্রথম খণ্ড)। ব্ল্যাকস্টোনের গ্রন্থটি মোট চারটি খণ্ডে বিভাজিত আর আনন্দরামের পরিকল্পনা ছিল পাঁচ খণ্ডে রচনা। কিন্তু দুর্ভাগ্য, এই পরিকল্পনা তাঁর অসম্পূর্ণই থেকে গেল।

ঊনিশ শতকের মাঝামাঝি সময়ে আনন্দরাম ভেবেছিলেন মেকফার্সনের ‘সিভিল প্রসিডিওর’ গ্রন্থের অনুবাদ করবেন। এরই মধ্যে তিনি একটি প্রতিবেদন প্রস্তুত করেছিলেন। বিষয় ছিল : অসমে চৌধুরী বা মৌজাদারদের খাজনা আদায়ের প্রক্রিয়া। এই প্রতিবেদন প্রস্তুত করার সময় তিনি আকর্ষিত হয়েছিলেন ইংল্যান্ডের আইনের প্রতি। স্যার উইলিয়াম ব্ল্যাকস্টোনের ‘দ্য কমেন্টস অন দ্য লস অব ইংল্যান্ড’ গ্রন্থটির দ্বারা তিনি যথেষ্ট প্রভাবিতও হয়েছিলেন। এ-ছাড়া বিউফোর্টসের ‘ডাইজেস্ট’ ও অন্যান্য দুয়েকটি সূত্রের অনুসরণে আনন্দরাম ভারতীয় আইন বিষয়ে একটি গ্রন্থ রচনায় মনোনিবেশ করলেন।

১/৪ ডিমাই মাপের গ্রন্থটির মোট পৃষ্ঠাসংখ্যা ছিল ৩৩০। এছাড়া গ্রন্থটির শুরুতে আখ্যাপত্র, ভূমিকা, সূচি ও শুদ্ধিকরণ সংযোজিত হয়েছে। প্রসঙ্গক্রমে উল্লেখ করা যেতে পারে যে ভূমিকা অংশটি বাংলা ও ইংরাজি— এই দুই ভাষায় প্রকাশিত হয়েছিল। গ্রন্থের আখ্যাপত্রে স্পষ্ট যে এই দেশে প্রচলিত শাস্ত্র, শরিয়ত, দেশাচার, ইংল্যান্ডের আইন-আদালতের নজির ইত্যাদি বিষয়ের সংকলন ‘আইন ও ব্যবস্থা সংগ্রহ’। গ্রন্থটির ভূমিকায় আনন্দরাম আরও স্পষ্ট করে বলেছেন:

এ বিষয়ে হিন্দু শাস্ত্র, মুসলমানের শরাদেশ ব্যবহার আদালতের নজির ও গবর্ণমেন্টের আইনে যেসকল বিধি আছে তৎ সমুদয় একত্রে সংগ্রহ পূর্বক তাহার স্থূল মর্ম্ম অতি সহজ ও সকলের বোধগম্য বঙ্গ ভাষায় লিখিয়া ‘আইন ও ব্যবস্থা সংগ্রহ’ নামক এক গ্রন্থ পৃথক ২ পাঁচ খণ্ড পুস্তকাকারে প্রস্তুত ও মুদ্রিত কারণে প্রবৃত্ত হইয়া তাহা প্রথম খণ্ড সর্বসাধারণ সমীপে প্রকাশ করিলাম।^৩

আনন্দরামের এই উদ্যোগ ঊনবিংশ শতাব্দীর বঙ্গদেশে অভিনব ও অননুক্রমণীয় ছিল। কেননা সেসময়ের অধিকাংশ আইন-বিষয়ক গ্রন্থই ছিল অনুদিত অথবা বিশেষ কোনও বিষয়ের (যেমন পুলিশ অথবা উকিল-সংক্রান্ত) ওপর আধারিত। এর বিপরীত মেরুতে আনন্দরাম রচনা করলেন দেশীয় আইন-ব্যবহার সংকলন গ্রন্থ।

আমরা পূর্বেই উল্লেখ করেছি স্যার উইলিয়াম ব্ল্যাকস্টোনের



‘দ্য কমেন্টস অন দ্য লস অব ইংল্যান্ড’ গ্রন্থের দ্বারা প্রভাবান্বিত হয়েছিলেন আনন্দরাম ঢেকিয়াল ফুকন। গ্রন্থের ভূমিকা-অংশে তিনি এ কথা স্বীকারও করেছেন। সে যাই হোক, ব্ল্যাকস্টোনের চিন্তাসূত্রের সঙ্গে যথেষ্ট মিল পাওয়া যায় আনন্দরামের আইন-বিষয়ক ভাবনার। অধ্যায় বিভাজনে এই মিল সুস্পষ্ট। যেমন:

‘The Commentaries on the Law’s of England’

(ব্ল্যাকস্টোন কৃত)

আইন ও ব্যবস্থা সংগ্রহ (আনন্দরাম কৃত)

‘Of Master and Servant’

‘চাকর ও মনিবের কথা’

‘Husband and Wife’

‘ভাষ্যা ও স্বামীর কথা’

‘Parent and Child’

‘পিতা পুত্রের কথা’

‘Of Corporations’

‘কর্পোরেশন অর্থাৎ কম্পানি প্রভৃতি দলবদ্ধ লোকের কথা’

‘Of Property, in general’

‘সম্পত্তির কথা’

‘Of the Feudal system’

‘জমিদারী ও তালুকের কথা’ প্রভৃতি।

অবশ্য আনন্দরাম ঢেকিয়াল ফুকন ছবছ ব্ল্যাকস্টোনকে অনুকরণ করেননি। বিভিন্ন ক্ষেত্রে তাঁর চিন্তাসূত্রের মৌলিকতা প্রকাশ পেয়েছে। যেমন স্বামী-স্ত্রী কথা-প্রসঙ্গে শুধু হিন্দুশাস্ত্র ও ইসলামের শরিয়তি বিষয়ে তিনি বিস্তারিতভাবে জানাননি, এ বিষয়ে পাশাপাশি আলোচনা করেছেন ইংল্যান্ডে প্রচলিত আইনের কথাও। এছাড়া ‘হিন্দুদিগের মধ্যে উত্তরাধিকারিত্বের ক্রম’, ‘মুসলমানদিগের মধ্যে উত্তরাধিকারিত্বের ক্রম’ প্রভৃতি বিষয় সম্মিলিত করে প্রকৃতার্থেই দেশীয় আইনের এক স্মরণীয় গ্রন্থ রচনা করেছেন আনন্দরাম ঢেকিয়াল ফুকন। ব্ল্যাকস্টোনের গ্রন্থ-সম্পর্কে ‘Oxford Dictionary of National Biography’ গ্রন্থে বলা হয়েছে:

In some 2000 pages the common law’s tortuous complexities were outlined in a manner at once authoritative, clear, elegant, and even engaging. While far from wholly laudatory or uncritical (of procedural complexities or excessively

harsh criminal punishments, for example), the ‘Commentaries’ depicted England’s constitution and laws as reflecting the natural order of the cosmos, yet also rooted in the nations distinctive historical development, like ‘an old Gothic castle, erected in the days of chivalry, but fitted up for a modern inhabitant’ (Blacksmith, Commentaries; 3.268). Although mounting criticism tempered an initial highly favourable reception, Blacksmith’s ‘Commentaries’ would become the most celebrated widely circulated, and influential law book ever published in the English language.^৪

আনন্দরামের ক্ষেত্রেও কি এ কথাগুলি প্রযোজ্য? কেন আজও আনন্দরামের ‘আইন ও ব্যবস্থা সংগ্রহ’ লোকচক্ষুর অন্তরালে রয়ে গেল? অথচ ভারতীয় দেশীয় ভাষায় আইন-বিষয়ক এই গ্রন্থখানি সমকালে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচিত হয়েছিল। বঙ্গভাষার প্রাচীন লেখক আনন্দরামের ‘আইন ও ব্যবস্থা সংগ্রহ’ গ্রন্থখানি ক্রমশ বিস্তৃতির অতল গর্ভে হারিয়ে যাওয়ার ঘটনা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

আনন্দরাম ঢেকিয়াল ফুকন বঙ্গীয় তথা ভারতীয় নবজাগরণের দ্বিতীয় প্রজন্মের প্রতিনিধি। দেবেন্দ্রনাথ ঠাকুর (১৮১৭-১৯০৫), ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১), মাইকেল মধুসূদন দত্ত, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪) প্রমুখের উপস্থিতি এ কালপর্বকে সমৃদ্ধ করেছে। রাজা রামমোহন রায় (১৭৭৪-১৮৩৩), হেনরি লুই ভিভিয়ান ডিরোজিও (১৮০৯-১৮৩১) কিংবা ইয়ং বেঙ্গলের পথকেই প্রশস্ত করেছেন এই সংস্কারক এবং সাহিত্যিকেরা।

অসমে জাদুরাম ডেকা বরুয়া, হলিরাম ঢেকিয়াল ফুকন, যজ্ঞরাম খারঘরীয়া ফুকন প্রমুখের সার্থক উত্তরসূরী আনন্দরাম ঢেকিয়াল ফুকন। এডওয়ার্ড গেইট (১৮৬৩-১৯৫০) সঠিকভাবেই তাঁকে মূল্যায়ন করেছেন: ‘Anandaram Dhekiyal Phookan, a well-known Assamese scholar’।^৫ অবশ্য ‘অসমীয়া ভাষার গোবর্ধনধারী’ আনন্দরাম বাংলা ভাষাতেও তাঁর প্রতিভার স্বাক্ষর করে গেছেন। কিন্তু দুর্ভাগ্য, তাঁর এই কৃতিত্ব বাংলা ভাষা-সাহিত্যের ইতিহাসে অনালোকিত-অনালোচিতই রয়ে গেল।^৬



আনন্দরাম চেয়েছিলেন আইনের ‘অতি সহজ ও সকলের বোধগম্য’ সংকলন প্রকাশ করতে। যেসময় বাংলা গদ্য-সাহিত্য ‘তত্ত্ববোধিনী পত্রিকা’কে (১৮৪৩) কেন্দ্র করে নতুন এক পথের সন্ধান পেয়েছিল, সেসময় অসমিয়াভাষী আনন্দরাম উক্ত গদ্যধারার সার্থক অনুসরণ করেছিলেন। আনন্দরামের গ্রন্থ শুরু হয়েছে ‘নীতি ও ব্যবস্থার কথা’ দিয়ে:

সুপ্তিকর্তা পরমেশ্বরের সংস্থাপিত বিশেষ ২ নিয়মানুসারে পৃথিবীতে সমস্ত কার্য চলিতেছে, যথা— পশু পক্ষীর জন্মগ্রহণ ও মরণ ও বৃক্ষসকল বীজ হইতে জন্মিয়া পুনরায় লোপ পান্ডন ইত্যাদি তাবৎ কার্যই নিরূপিত নিয়মানুসারে একি প্রণালীতে নির্বাহ হইতেছে, নিয়ম উল্লঙ্ঘন হইয়া কোন কার্যই হয় না। যে সকল নীতি ও ব্যবস্থানুসারে মনুষ্যদিগের আচরণ করা কর্তব্য ও তাহাদের সমস্ত কর্ম নির্বাহ হওয়া উচিত এই পুস্তকে আমরা সেই নীতি ও ব্যবস্থার বিবরণ লিখিব।^{১০}

— এখানে দুটি বাক্য। দুটিই দীর্ঘ। অথচ কোথাও বক্তব্যের পারস্পর্য বিনষ্ট হয়নি। সাধারণের বোধগম্য ভাষাকেই তিনি তুলে ধরেছেন। যেমন:

ক. এ দেশে নির্দিষ্ট কএক গ্রাম ও পরগণার উপর এক ২ খানা অর্থাৎ পুলীস সংস্থাপিত হইয়া ঐ থানায় দারোগা প্রভৃতি কার্যকারক আছে, তাহারা আপন ২ এলাকায় শাস্তিরক্ষা করিয়া কোন ব্যক্তি কুকর্ম করিতে চাহিলে তাহা নিবারণ করে এবং কেহ কোন অপরাধ করিলে তাহাকে গ্রেফতার করিয়া দণ্ড হইবার নিমিত্তে ম্যাজিস্ট্রেট সাহেবের নিকট পাঠায়।^{১১}

খ. কোন ব্যক্তি যদি আপন উত্তরাধিকারিত্ব সমুদায় বা তাহার কোন অংশ পরিত্যাগ করিতে চাহে তবে পরিত্যাগের প্রতি কোন বাধা নাই, কিন্তু মুসলমানীয় ব্যবস্থামতে যাবৎ মৃত ধনাধিকারী মৃত হওয়া প্রযুক্ত কাহারো উত্তরাধিকারিত্ব না হয় তাবৎ সে তাহার উত্তরাধিকারিত্ব পরিত্যাগ কিম্বা ঐ স্বত্ব দান বিক্রয় দ্বারা হস্তান্তর করিতে পারে না।^{১২}

গ. মৃত ব্যক্তি এক কি ততোধিক ব্যক্তিকে তাহার সংসারের ওসী নিযুক্ত করিয়া গেলে তাহারা

আদালত কি অন্য কাহারো অনুমতির অপেক্ষা না করিয়া মৃতকের সকল সম্পত্তি অধীন করিতে পারে, এবং অন্য নিকট সম্পর্কীয় কি উত্তরাধিকারী থাকিলেও তাহারা ওসী হইবার নিমিত্ত কোন আপত্তি করিতে পারে না।^{১৩}

— আনন্দরামের এই ভাষা সহজেই বোধগম্য। তাঁর গদ্যে স্বাভাবিকভাবেই স্ফূরণ ঘটেছে তথ্য ও যুক্তির প্রবাহে। এমনকি পূর্ববর্তী ফোর্ট উইলিয়াম কলেজের গদ্য ভাষায় সংস্কৃতায়ন তথা তৎসম শব্দের যে প্রাচুর্যে লক্ষ করা যায়, আনন্দরামের গদ্যে তা অনুপস্থিত।

আনন্দরামের ‘আইন ও ব্যবস্থা সংগ্রহ’ গ্রন্থ প্রকাশিত হয়েছিল ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে, ১৮৫৫ খ্রিস্টাব্দে। এ-সময় বাংলা গদ্য সাহিত্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রভাব ছিল ব্যাপক। তাঁর কালজয়ী গদ্য-আখ্যান ‘শুকুন্তলা’ প্রকাশিত হয়েছিল ১৮৫৪ খ্রিস্টাব্দে— আনন্দরামের গ্রন্থ প্রকাশের একবছর পূর্বে। রচনার প্রধান গুণ হওয়া উচিত সরলতা ও স্পষ্টতা, আনন্দরাম এই বিশ্বাসেই বঙ্গসাহিত্যের প্রাণকেন্দ্র কলকাতা থেকে দূরবর্তী অঞ্চলে বাংলা গদ্য সাহিত্যচর্চায় মনোনিবেশ করেছিলেন এবং রচনা করেছিলেন বাংলা গদ্যসাহিত্যের অনন্য সম্পদ ‘আইন ও ব্যবস্থা সংগ্রহ’।

অক্ষয়কুমার দত্ত (১৮২০-১৮৮৬) ঊনবিংশ শতাব্দীর বাংলা সাহিত্যে বিজ্ঞান ও অর্থনীতি-বিষয়ক চিন্তাচর্চার জন্য বিশিষ্ট। তাঁর ‘ভূগোল’ (১৮৪১), ‘বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার’ (১ম ভাগ, ১৮৫১, ২য় ভাগ ১৮৫৩), ‘চারুপাঠ’ (১৮৫৩, ‘৫৪, ‘৫৯), ‘পদার্থবিদ্যা’ (১৮৫৬) প্রভৃতি গ্রন্থ এক্ষেত্রে বিশেষভাবে উল্লেখনীয়। আবার সমান্তরালভাবে মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ধর্ম-বিষয়ক গদ্য রচনার জন্য বন্দিত— ‘ব্রাহ্মধর্ম’ (১৮৫০), ‘ব্রাহ্মধর্মের ব্যাখ্যান’ (১৮৬১) এবং তাঁর সক্রিয়তাই তাঁকে স্মরণীয় করে তুলেছে। এই দুজন বিশিষ্ট লেখক-বুদ্ধিজীবীর সমসাময়িক আনন্দরাম ঢেকিয়াল ফুকনও বাংলা গদ্যে আইন-বিষয়ক মৌলিক রচনায় অগ্রণী ভূমিকা গ্রহণ করেছিলেন। কিন্তু দুর্ভাগ্য, তাঁর পরিকল্পনা ও কৃতিত্বের কথা উপেক্ষিতই থেকে গেল।

দুটি বই: ‘কৃষি দর্পণ’ ও ‘বঙ্গভাষার বর্ণবিন্যাস’

আনন্দরামের ‘আইন ও ব্যবস্থা সংগ্রহ’ ছাড়াও ঊনবিংশ শতাব্দীর পঞ্চম দশকে আরও দুখানা বই প্রকাশিত হয়েছিল। একটি কৃষিবিষয়ক, অন্যটি বাংলা প্রাইমার। ১৮৫৩ সালে, আনন্দরামের বইটি প্রকাশের দুবছর পূর্বেই বেরিয়েছিল ‘কৃষি



দর্পণ’। আর ‘বঙ্গভাষার বর্ণবিন্যাস’ মুদ্রিত হয়েছিল ১৮৫৮ সালে।

‘A Manual of Agricultural and Farming’-এর বাংলা অনুবাদ ‘কৃষি দর্পণ’। মূল বইটির রচয়িতা হেনরি ফেনউইক। কলকাতার স্যান্ডার্স কনস অ্যান্ড কোম্পানি থেকে মুদ্রিত বইটির বাংলা অনুবাদ করেছিলেন মুনসি কেফায়ৎ উল্লা (১-১৮৬৮)।

কেফায়ৎ উল্লা জন্মেছিলেন উজান অসমের শিবসাগরে। ইয়ান্ডাবু-সন্ধির পরবর্তীকালে অর্থাৎ উনিশ শতকের মধ্যবর্তীসময়ে তাঁর সক্রিয়তা অসমের সামাজিক ও রাষ্ট্রনৈতিক ইতিহাসে বিশেষভাবে উল্লেখযোগ্য। হিন্দু ও ইসলাম ধর্মাবলম্বী মানুষের মধ্যে তিনি বিহ্ব উৎসব পালনের মধ্যে দিয়ে যৌথ সংস্কৃতির ভাবনাকে সমৃদ্ধ করেছেন। আবার ব্রিটিশ প্রশাসনের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত থাকার ফলে ইউরোপীয় সমাজের সঙ্গেও তাঁর যোগাযোগ ঘটেছিল।

জেমস মিল এবং এডুইন আলেকজান্ডার রাওলাট সাহেবের অত্যন্ত প্রীতিভাজন ছিলেন কেফায়ৎ উল্লা। সেকালে গুয়াহাটিতে নিজের উদ্যোগেই তিনি গড়ে তুলেছিলেন পারসি-সংস্কৃত বিদ্যালয়। এখন এই বিদ্যালয় ‘মাছখোয়া মজলীয়া বিদ্যালয়’ নামে সুপরিচিত। এসব সামাজিক কাজকর্মের ফাঁকেই তিনি নিয়মিত লেখালেখিও করেছেন। বাংলা ও অসমিয়া— দু’ভাষাতেই। প্রথম অসমিয়া কাগজ ‘অরুণোদয়’ সংবাদপত্রে তাঁর নানা কিসমের লেখা প্রকাশিত হয়েছে। অসমিয়া ভাষায় রচিত তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ ‘বঙ্গিলী পুথি’। আর বাংলায় ‘কৃষি দর্পণ’।

‘এগ্রিকালচার অ্যান্ড হার্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়া’র (১৮২০) উদ্যোগে উনিশ শতকের মাঝামাঝি বেশ কিছু রচনা প্রকাশিত হয়েছিল। এ সময় প্যারীচাঁদ মিশ্রের (১৮১৪-১৮৮৩) সম্পাদনায় বেরিয়েছিল ‘ভারতবর্ষীয় কৃষিবিষয়ক বিবিধ সংগ্রহ’ (১৮৫৭)। অল্প পরবর্তীসময়ে প্রকাশিত হয়েছে পরাশর-এর ‘কৃষি সংগ্রহ’ (১৯৬২), প্রসন্নচন্দ্র সেনের ‘কৃষিকার্যের মত’ (১৮৬৭) প্রভৃতি গ্রন্থ। কৃষিবিষয়ক এসব গ্রন্থ প্রকাশের পূর্বেই মুনসি কেফায়ৎ উল্লা বইটি প্রকাশিত হয়েছে ১৮৫৩ সালে।

মোট ৪৮ পৃষ্ঠার বইটি ১৪টি ধারা বা অধ্যায়ে বিভাজিত। ‘ভূমি প্রস্তুতের বিবরণ’, ‘বীজের বিবরণ’, ‘ধানের বিবরণ’, ‘গরুর বিবরণ’, ‘পাটের বিবরণ’, ‘কাপাসের বিবরণ’, ‘তামাকের বিবরণ’, ‘পিয়াজের বিবরণ’, ‘কদু অর্থাৎ লাউ আর লালকদু

আর কুমুরার বিবরণ’, ‘লাল মরিচের বিবরণ’ ইত্যাদি নানা বিষয় এ গ্রন্থে সংকলিত হয়েছে।

মুনসি কেফায়ৎ উল্লা ভূমিকায় স্পষ্টত বলেছেন—

বিশেষতঃ আসাম প্রদেশে যে সকল শস্য উৎপত্তি হয় তাহা রোপণের সুযোগ ক্রমে এই ক্ষুদ্র পুস্তকের মধ্যে সঙ্ক্ষেত হইল, ভরসা করি এই পরিশ্রমে কেবল প্রাণীর সুখ দায়ক মাত্র, এমত নহে বরং ধন প্রাপ্তিরও বিশিষ্ট হেতু, ধন হইলেই মান্য হয়; তদ্বারা আর ২ যে মহৎ উপকার তাহার প্রমাণ সর্ব সাধারণেরই বিদিত আছে।^{১৪}

সাধারণের কাছে কৃষিবিষয়ক নানা বিবরণ প্রকাশই এ-অনুবাদের মূল উদ্দেশ্য। তাই স্বাভাবিকভাবেই তিনি ফেনউইকের বইটি সহজ-সরল বাংলা ভাষায় অনুবাদ করেছেন। গ্রন্থের প্রথম ধারা অর্থাৎ ‘ভূমি প্রস্তুত আর পরিষ্কার করণ প্রভৃতির বিবরণ’ শীর্ষক অংশটি শুরু হচ্ছে এভাবে,

মূল ভূমি তিন প্রকারেতে ভেদে হইয়াছে, প্রথম প্রকার যাহাতে বালুকা আর কঙ্কর মিশ্রিত থাকে। দ্বিতীয় প্রকার চিকনি অর্থাৎ আঠালিয়া মাটি। তৃতীয় প্রকার যে মাটিতে চূনের পাথর খড়ি মাটি থাকে। এই তিন বিধ মূল মাটি হয়।^{১৫}

ছোটো ছোটো বাক্যে মূল বিষয়কে প্রকাশ করেছেন অনুবাদক। তবে সেকালের রীতি অনুযায়ী দীর্ঘ বাক্য রচনারও নিদর্শন সুপ্রচুর। ভিন্ন এক প্রসঙ্গে কেফায়ৎ উল্লা লিখেছেন—

এই সংসার স্বরূপ বাগানের মালী যিনি মনুষ্যকে সুজন করিয়া সংসারের অশেষ রঙ্গদৃশ্যমান এবং বিবিধ শস্যাদি বহুবর্ণে ও স্বাদে উৎপন্ন পূর্বক আহার নিরূপণ করিয়া জীব সকলকে প্রতিপালন করিতেছেন, বস্তাদি দাতৃত্বরূপে অনেক উপকার এবং শোভা করিয়াছেন, অতএব নানা বর্ণনা ও স্তব তাঁহার জনোই বিশিষ্ট ও শ্রেষ্ঠ।^{১৬}

শুধু তিনি বিবরণেই সীমাবদ্ধ থাকেননি। অনুবাদের ভাষা প্রাজ্ঞল করার প্রয়াসেও সচেতন ছিলেন মুনসি কেফায়ৎ উল্লা,

বিলাতের দস্তুর মতে কৃষি কর্ম করার বিষয় উপরে যেরূপ বয়ান হইয়াছে তদ্রূপ যদি এদেশের লোকের দ্বারা হয় অতি প্রশংসার বিষয় কিন্তু আমি নির্বোধ লেখকের জ্ঞান গোচরে একেবারে



হওয়া দুঃসাধ্য, কেননা কৃষিকর্মের বিলাতী অস্ত্র হইতে এতদেশীয় অস্ত্র সর্গ পৃথিবীর ন্যায় অন্তর হয়। আর এখানকার লোক দুর্বল গরুর দ্বারা হাল চালায়; দস্তিল ইংলন্ডের কৃষি কর্তারা যেমত পরিশ্রম করে তত্বলা করিতে পারে না। অপরন্তু বিলাতী কৃষকেরা ঘোড়া এবং বল বিশিষ্ট গরুর দ্বারা হাল টানায়; আর তথাকার এক ঘোড়া কিম্বা এক গরুর সদৃশ এখানকার কুড়ি গরু কিম্বা ঘোড়াও হইতে পারে না।^{১০}

কৃষিপ্রধান রাজ্য অসম। তখনও চা বা খনিজ পদার্থের জন্য খ্যাতি লাভ করেনি এ-রাজ্য। উনিশ শতকের মধ্যপর্বে স্বাভাবিকভাবেই প্রচলিত ধারার কৃষিকাজের ওপর ভিত্তি করেই এ-বই ছাপা হয়েছে। ইস্ট ইন্ডিয়া কোম্পানির কর্তব্যাক্তি ক্যাপ্টেন আলেকজান্ডার রাওলাট, এ-পুস্তিকাটি বাংলায় প্রকাশ করেছিলেন অসমের জনসাধারণের উদ্দেশ্যে।

এইসময়ে, উনিশ শতকের মধ্যপর্বে জনৈক যুবকের লেখা ‘বঙ্গভাষার বর্ণবিন্যাস’ প্রকাশের সংবাদ পাওয়া যায়। ৪৬ পৃষ্ঠার বইটিতে বর্ণমালা ও অন্যান্য আনুষঙ্গিক প্রসঙ্গ স্থান পেয়েছে। সেকালে এ-অঞ্চলের স্কুলে ছিল বাংলাভাষার চল। কিন্তু বাংলা পাঠ্যপুস্তকের সংখ্যা ছিল অপ্রতুল। আর সেজন্যই এই পুস্তিকাটি পরম যত্নে জনৈক যুবক শিবসাগরের মিশনারি প্রেস থেকে ছাপিয়েছিলেন। ‘অরুণোদই’ পত্রিকায় ‘নতুন বঙ্গলি কিতাপ চপার ঘোসনা পত্র’ শীর্ষক সংবাদে বলা হয়েছে,

আপোন দেসি লবাবিলাকব উপকাবর নিমিতে এজন ডেকা মানুহে, লবাই সিকিবর উপজুক্ত কিচুমান কিতাপ কবিবর মন কবি, সম্প্রতি ‘বঙ্গভাষার বর্ণবিন্যাস’ নামেবে এখনি সৰু প্রথম কিতাপ রচনা কবাত তাকে আমার চাপাখনাত চপা হেছে। তাত কথকে আদি কবি চলতি সকলো আখব, আক সঞ্জোগি আখবো লেখি, কোন আখব কি রূপে বেরহাব হই, তাবো দ্বিষ্টান্ত দেখাইচে; আক পরাব আক ভাসাবে কিচুমান পাঠো আচে; তাব বাহিবে এসলৈকে অঙ্কো দিচে।^{১১}

এই প্রাইমারটিতে শিশুদের উপযোগী বেশ কিছু ছবিও ছাপা হয়েছিল।

অসমিয়া ভাষার প্রচলন এবং তৎপরবর্তী তিনটি বাংলা বই ‘অরুণোদই’-পরবর্তীকালে অসমিয়া গ্রন্থ ও সাময়িকপত্র

প্রকাশের পরিসর ক্রমশঃ বর্ধিত হয়েছে। ১৮৪৬ থেকে ১৯০০— এই সময়কালে বারোটিরও বেশি পত্র-পত্রিকা প্রকাশ পেয়েছে। গ্রন্থ প্রকাশের ক্ষেত্রেও এই ধারা অব্যাহত ছিল। উনিশ শতকের প্রথমার্ধে যেখানে অসমিয়া গ্রন্থ ছিল গুটিকয়েক, সে তুলনায় দ্বিতীয়ার্ধে একশোটির কাছাকাছি বই প্রকাশিত হয়েছে। এই ব্যাপকতার কারণ হিসেবে বলা যায়,

- ক. শিবসাগর, গুয়াহাটি, আউনিআটি, বরপেটা, গোয়ালপাড়া প্রভৃতি অঞ্চলে মুদ্রণ যন্ত্র স্থাপন,
- খ. বাংলার পরিবর্তে সরকারিস্তরে অসমিয়া ভাষার প্রচলন ও স্কুল পাঠ্য বইয়ের চাহিদা এবং
- গ. মাতৃভাষার প্রসার ও বিকাশে অসমিয়া বিদ্বৎসমাজের সক্রিয় ভূমিকা পালন।

উনিশ শতকের শেষার্ধে অসমিয়া বিশিষ্টজনদের মধ্যে বাংলাচর্চার নিদর্শন যে একেবারেই পাওয়া যায় না, তা নয়। এসময় প্রকাশিত উল্লেখযোগ্য একটি গ্রন্থ হল— ‘কানখোআ পুথি’। শ্রীধর কন্দলি বিরচিত ‘কানখোআ পুথি’র বাংলা গদ্যানুবাদ করেছিলেন হরিপ্রসাদ নাথ। বইটি ছাপা হয়েছিল গোয়ালপাড়ার হিতবিধায়িনী যন্ত্রে। ঊনবিংশ শতাব্দীর শেষার্ধে এই ছাপাখানা থেকে বেশ কিছু বই বেরিয়েছিল। প্রকাশিত হয়েছিল ‘গোয়ালপাড়া হিতসাধিনী’ (১৮৭৪) সাপ্তাহিক পত্রিকাটি। হরিপ্রসাদের অনূদিত গ্রন্থের আখ্যাপত্রে উল্লেখ করা হয়েছে—

কানখোআ পুথিটি শ্রীহরিপ্রসাদ নাথ কর্তৃক বাঙ্গালা ভাষায় অনুবাদিত ও প্রকাশিত এবং গোয়ালপাড়া হিতবিধায়িনী যন্ত্রে শ্রীজগবন্ধু সামন্ত কর্তৃক মুদ্রিত, বৈশাখ ১২৮৩, মূল্য ১০ আড়াই আনা।^{১২}

হরিপ্রসাদ নাথের অনুবাদকর্মটি কেনও অসমিয়া গ্রন্থের প্রথম বঙ্গানুবাদ। লক্ষ্মীনাথ বেজবরুয়া মহাপুরুষ মাধবদেবের ‘শ্রীমন্মাম ঘোষার’ (১৯১১) অনুবাদ-সম্পর্কে বলেছেন যে ‘অসমীয়া কিতাপর বঙ্গানুবাদো এয়ে প্রথম’^{১৩} অসম সাহিত্য সভার প্রাক্তন সভাপতি অমৃতভূষণ দেব অধিকারীর (১৮৫৮-১৯৪২) অনুবাদ গ্রন্থটির প্রায় পঁয়ত্রিশ বছর পূর্বেই প্রকাশিত হয়েছিল ‘কানখোআ পুথি’।

ভূমিকা-অংশে হরিপ্রসাদ নাথ জানিয়েছেন যে লখিমপুরের অন্তর্গত কন্দলীপুর গ্রামের ‘বিপ্র কুলোদ্বব’ শ্রীধর কন্দলীর



‘কানখোআ পুথি’ অনেকদিন থেকেই তিনি প্রকাশ করার কথা ভাবছিলেন। এখন তা প্রকাশিত হল বাংলা-অনুবাদ সহযোগে। তাঁর এই অনুবাদ-কর্মে হিতবিধায়িনী বিদ্যালয়ের প্রধান শিক্ষক (পণ্ডিত) গঙ্গাচরণ সেন তাঁকে যথেষ্ট সাহায্য করেছিলেন। যশোদা ও শিশু কৃষ্ণের কথোপকথনের মধ্যে এই ‘কানখোআ’ প্রসঙ্গ বর্ণিত হয়েছে। হরিপ্রসাদের গদ্যানুবাদে পাই—

যশোদা শ্রীকৃষ্ণকে সম্বোধন করিয়া কহিতেছেন।
বাছা কানাই। ঘুম যাও। ঐ দেখ ‘কানখোআ’
শিশুগণের কন খাইতে তোমার তোমার নিকট
আসিতেছে। ইত্যাদি।^{১৪}

উল্লেখ্য, অনুবাদক হরিপ্রসাদ নাথ ছিলেন আনন্দরাম বরুয়ার (১৮৫০-১৮৯৯) সমসাময়িক। গোয়ালপাড়া হাই স্কুলে আনন্দরামের সহপাঠী ছিলেন হরিপ্রসাদ নাথ। আনন্দরাম প্রথম অসমিয়া আইসিএস। সংস্কৃত ভাষার পণ্ডিত আনন্দরাম সংকলন করেছিলেন ‘A Practical English Sanskrit Dictionary’ (১৮৭৭)। এমনকি তিনি বাংলা-উপভাষার অভিধান রচনার পরিকল্পনাও করেছিলেন। আনন্দরামের প্রয়াণে তা আর সম্ভব হয়ে ওঠেনি।

হরিপ্রসাদ নাথ গোয়ালপাড়ায় দীর্ঘদিন আইন ব্যবসার সঙ্গে যুক্ত ছিলেন। কলকাতায় অনুষ্ঠিত ১৯০১ ও ১৯০৬ সালে জাতীয় কংগ্রেসে প্রতিনিধি হিসেবে তিনি অংশ নিয়েছিলেন। লক্ষ্মীনাথ বেজবরুয়ার মন্তব্য স্মরণে রেখেও বলা যায় যে ‘কানখোআ পুথি’ অসমিয়া থেকে বাংলাভাষায় অনূদিত প্রথম গ্রন্থ হিসেবে স্বীকৃতির দাবি রাখে।

অসমের ব্রহ্মপুত্র উপত্যকায় অসমিয়া ভাষাভাষী মানুষের বাংলাচর্চার পাশাপাশি খাসি-জয়ন্তীয়া ও গারোপাহাড় অঞ্চলেও উনিশ শতকে বাংলা ভাষা ব্যবহারের নিদর্শন পাওয়া যায়। জয়ন্তীয়া রাজদরবারে রচিত হয়েছিল ‘রত্নাবলী’ ও ‘অদ্ভুত ভারত’। জয়ন্তীয়ার শেষ রাজা রাজেন্দ্র সিংহ বেশ কিছু বৈষ্ণব পদ রচনা করেছিলেন।

গারো পাহাড়েও অবাঙালি-দ্বারা রচিত বাংলা বই প্রকাশের নিদর্শন পাওয়া যাচ্ছে। তুরা থেকে প্রকাশিত হয়েছিল ‘বাঙ্গালা-গারো অভিধান’। অভিধানটির প্রণেতা রেভারেন্ড এম রামখে। ১৮৭৭ খ্রিস্টাব্দ থেকে ১৮৮১— প্রায় পাঁচবছর তিনি অভিধান রচনায় ব্যস্ত ছিলেন। আর তা প্রকাশিত হয়েছিল ১৮৮৭ খ্রিস্টাব্দে। উল্লেখ্য, ১৮৬৭ খ্রিস্টাব্দে রামনাথ চক্রবর্তী সংকলন করেছিলেন ইংরেজি-বাংলা-গারো অভিধান। বইটি মুদ্রিত

হয়েছিল কলকাতার বেঙ্গল সেক্রেটারিয়েট অফিস থেকে।

গুয়াহাটীর গুরুেশ্বর ঘাটে ১৮৬৩ খ্রিস্টাব্দের ৮ ফেব্রুয়ারি তারিখে যে পাঁচজন ব্যক্তি খ্রিস্টধর্ম গ্রহণ করেছিলেন, রামখে ছিলেন তাঁদের অন্যতম। প্রথম জীবনে তিনি সেনাবাহিনীর লেখক অর্থাৎ ‘রাইটার’ রূপে কাজ করেছেন এবং ক্রমশ ‘মিশন সহকারী’ হিসেবে কর্মজীবন অতিবাহিত করেছেন। শেষ জীবনে তিনি গোয়ালপাড়া ও তুরার নর্মাল স্কুলের প্রধান শিক্ষক ছিলেন। উইলিয়াম কেরির রচনা থেকে জানতে পারি, বাংলাভাষায় ১৮৬৬ খ্রিস্টাব্দে রামখে একটি আত্মজীবনীমূলক রচনা লিখেছিলেন। (এই রেভারেন্ড উইলিয়াম কেরি ‘A Garo Jungle Book’ গ্রন্থের প্রণেতা।)

রামখের অভিধানটির প্রকাশক ছিল তুরার ‘দ্য গারো মিশন’, আমেরিকান ব্যাপ্টিস্ট মিশনারি ইউনিয়ন। অভিধানটির আখ্যাপত্রে রয়েছে:

বাঙ্গালা-গারো
অভিধান।
বাঙ্গালা খাথারানি অর্থখো আচিক
খুসিকো সেয়া।

BENGALI-GARO
DICTIONARY
BY
REV. M. RAMKHE
TURA, ASSAM

Published by the Garo Mission,
American Baptist Missionary Union.
1887

দূর্ভাগ্য যে, বাংলা অভিধানের বিবর্তনে রেভারেন্ড রামখের উক্ত গ্রন্থটি অনালোচিতই থেকে গেছে। অক্টেভো আটশো চুরাশি পৃষ্ঠার বৃহৎ আকৃতির এই অভিধানটি দ্বিভাষিক অভিধানের পর্যায়ভুক্ত। দ্বিভাষিক অভিধানের মূল কথাই হচ্ছে একটি ভাষা থেকে অন্য আরেক ভাষায় শব্দের রূপান্তর। বাংলা শব্দের গারোভাষায় রূপান্তর করেছেন রামখে। তাঁর অভিধানটি গুরু হচ্ছে এভাবে—

অ; অং— অ, উ; ইয়া অ স্থাং দংওদে জানি ফাল অংআ
মায়খায়



(অপারক) আমজা।^{১৬}

আমরা জানি গারোভাষা Tibeto-Burmese ভাষাবংশের অন্তর্ভুক্ত। আর বাংলা ইন্দো-ইউরোপীয় গোষ্ঠীর। এই দুই ভিন্ন ভাষাবংশের প্রায় পঁয়তাল্লিশ হাজার শব্দ সন্নিবিষ্ট হয়েছে উক্ত অভিধানটিতে। ইতিপূর্বে বাংলাভাষায় এমন প্রকল্প আমাদের নজরে পড়েনি। অবশ্য ইংরাজি-বাংলা দ্বিভাষিক অভিধানের পাশাপাশি ত্রৈভাষিক ইংরেজি-বাংলা-মণিপুরী (১৮৩৭) কিংবা ‘পারস্য ও বঙ্গীয় ভাষাবিধান’ (১৮৩৮) ততদিনে পাঠকসমাজের কাছে পৌঁছে গিয়েছিল।

মিশনারিদের ‘most competent and faithful worker’, ‘right-hand man’ রামখের অভিধানটির ভূমিকা লিখেছেন Dr. M C Mason। তিনি অভিধানটির নেপথ্য-কথা আমাদের শোনাতে গিয়ে বলেছেন,

educated Garos should know Bengali, the language of their educated neighbors, it has been found necessary as well as wise to use Bengali text-books as medium of instruction. To use these, a Bengali-Garo Dictionary seemed to be almost one of the first needs. I therefore instructed Rev. Ramkhe, one of our mission employees, to give a portion of his time to preparing Garo definitions to a Bengali vocabulary. This he began in 1877, and he had the present work completed in 1881.^{১৭}

স্থানীয় ভাষার উন্নয়ন সাধন আমেরিকান মিশনারিদের অন্যতম বৈশিষ্ট্য ছিল। আর সেই সূত্রেই আমেরিকান ব্যাপ্টিস্ট মিশনারিদের উদ্যোগে এই অভিধানটি প্রকাশিত হয়েছিল। অবশ্য ব্যাপক অর্থে এর আড়ালে লুকিয়ে ছিল গারোভাষাভাষী অঞ্চল এবং মানুষের সঙ্গে যোগাযোগের ব্যাপারটিও।

প্রসঙ্গত বলা জরুরি যে অভিধানটি বাংলা লিপিতে প্রকাশিত হয়েছে। গারো ভাষা-সাহিত্যের মুদ্রণের ক্ষেত্রে ১৮৯২ খ্রিস্টাব্দ অবধি অসমিয়া অথবা বাংলা লিপি ব্যবহৃত হত। সে বছরই প্রথম রোমান হরফে গারো গ্রন্থ মুদ্রিত হয়। এবং এর পর ১৯০২ সাল থেকে পুরোপুরি গারো বই-পত্র সমস্তই রোমান লিপিতে

ছাপানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। পরবর্তীসময়ে মধুনাথ জি মোমিন, ডা. এম সি মেনসন ও ই সি বন্ড-সংকলিত ‘English-Garo Dictionary’ প্রকাশের একদশকের মধ্যেই ‘গারো-বাঙ্গালা অভিধান’টি সাধারণের কাছে প্রায় গুরুত্বহীন হয়ে পড়ে। অবশ্য সরকারের পক্ষ থেকে অভিধানটি একশো কপি কিনে নেওয়ারও তথ্য পাওয়া যায়।^{১৮ (ক)}

কলকাতার ব্যাপ্টিস্ট মিশন যন্ত্রে মুদ্রিত রেভারেন্ড রামখের ‘বাঙ্গালা-গারো অভিধান’টি কালের স্রোতে গুরুত্বহীন হয়ে উঠলেও দুটি দিক থেকে এ সংকলন যথেষ্ট তাৎপর্যপূর্ণ—

এক. বাংলা এবং ভিন্ন কোনও ভারতীয় ভাষায় রচিত প্রথম দ্বিভাষিক অভিধান এবং

দুই. বাঙালি-ভিন্ন কোনও ভারতীয় ব্যক্তি রচিত বাংলা ভাষার প্রথম অভিধান।

কিন্তু তবুও দুর্ভাগ্য, বাংলা অভিধানের ইতিহাসে ‘বাঙ্গালা-গারো অভিধান’টি অনালোচিতই রয়ে গেছে।

‘হৈড়িম্ব ভাষা প্রবেশ’ প্রকাশিত হয়েছিল ১৮৯২ খ্রিস্টাব্দে— ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রয়াণের একবছর পর। এ বইটি সম্পর্কে এডওয়ার্ড গেইট বলেছেন,

This is a Kachari Grammar written in Bengali. It contains a list of the Kachari kings, according to the traditions now current amongst the Kacharis of the Cachar district, in which their origin is traced to the Pandava Bhim.^{১৯}

প্রকৃতার্থে এ বইটির দুটি ভাগ। প্রথম ভাগ ‘ভূমিকা’ অংশে কাছাড় রাজবংশের ইতিহাস বিবৃত করেছেন মণিচরণ বর্মণ। উনিশ শতকে প্রকাশিত বাংলা মৌলিক ইতিহাস গ্রন্থ হিসেবেও এই বইটির গুরুত্ব বিশেষ তাৎপর্যপূর্ণ। আর দ্বিতীয় ভাগে রয়েছে হৈড়িম্ব-ভাষা প্রবেশ অর্থাৎ কাছাড় বা ডিমাসা ভাষার ব্যাকরণের নানা সূত্র। এই পর্বে ব্যাকরণ-বিষয়ক আলোচনা ছাড়াও বিভিন্ন বিষয়ের কথোপকথন ও লোককথার অনুবাদ সংকলিত হয়েছে।

মণিচরণ বাংলা ভাষার সঙ্গে কাছাড়ের ভাষা বা ডিমাসা ভাষার বচন, কারক, নাম-সর্বনাম, ধাতু, ক্রিয়াপদ প্রভৃতির তুলনামূলক আলোচনা করেছেন। এ গ্রন্থের অন্যতম বৈশিষ্ট্য হল প্রায় একহাজার শব্দ ও বাক্যের অনুবাদ করা হয়েছে ডিমাসা থেকে বাংলা ভাষায়। এছাড়াও তিনটি কথোপকথন রয়েছে—



‘১ নং গল্প’, ‘২ নং গল্প’ এবং ‘অনুবাদ’ শিরোনামে।

‘হৈড়িম্ব ভাষা প্রবেশ’ রচনার পেছনে লেখকের দুটি উদ্দেশ্য ছিল। তিনি ভূমিকায় জানিয়েছেন—

ভিন্ন দেশীয় লোকদিগের হৈড়িম্বভাষা সহজরূপে এবং বালকদিগেরও জাতীয় ভাষার যোগে বাঙ্গালা ভাষা সহজ উপায়ে শিক্ষাবিধায়ক কোন পুস্তকাদি না থাকায় বিদেশীয় লোকদিগের কাজকর্মের নানা অসুবিধা ঘটয়া থাকে এবং হৈড়িম্ববালকদিগেরও বাঙ্গালা ভাষা শিক্ষা করিতে বহু কষ্ট পাইতে হয়। আমি এই অসুবিধা দূষ্টে এই ক্ষুদ্র হৈড়িম্বভাষা পুস্তকখানি প্রকাশ করিলাম।^{২০}

বলা বাহুল্য, লেখক মণিচরণ বর্মণের এ উদ্দেশ্য সফল হয়েছিল। ‘হৈড়িম্ব ভাষা প্রবেশ’ ডিমাসা ভাষায় রচিত প্রথম প্রাইমার— এ-কথা সর্বজনবিদিত এবং এ-বইটি বাংলা ভাষায় রচিত কোনও ভারতীয় ভাষাশিক্ষার প্রথম গ্রন্থরূপে স্বীকৃত হওয়া উচিত। অথচ বাংলা সাহিত্যের ইতিহাস-গ্রন্থগুলিতে এ-বইটি অনুল্লিখিতই থেকে গেছে।

মণিচরণ আদর্শ হিসেবে সংস্কৃত ভাষাকে গ্রহণ করেছেন। ‘হৈড়িম্বভাষা’ যে ‘সংস্কৃত’ অর্থাৎ দেবভাষামূলক, সেই প্রত্যয়েই তিনি এ-গ্রন্থ রচনা করেছেন। হৈড়িম্ব বা ডিমাসা ভাষা ভোট-চীনিয় ভাষা বংশের অন্তর্গত। কিন্তু মণিচরণ সংস্কৃত ও বাংলাভাষার সঙ্গে এ-ভাষার মিলের সন্ধান করেছেন। কেন করেছেন?

বৃহত্তর বোড়ো জনগোষ্ঠীর ডিমাসাদের সঙ্গে বাঙালির যোগাযোগ সুদীর্ঘদিনের। সুনীতিকুমার চট্টোপাধ্যায় (১৮৯০-১৯৭৭) এ-নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন। উনিশ শতকে ইংরেজদের আগমনের ফলে প্রশাসন ও নানা কাজে ক্রমশ প্রবাসী বাঙালির আগমন ঘটতে থাকে এ-সব অঞ্চলে। স্থানীয় উপজাতিদের সঙ্গে তাদের যোগাযোগ গড়ে তোলা আবশ্যিক হয়ে ওঠে। এই সম্পর্কের সুত্রায়ণে মণিচরণ বর্মণের গ্রন্থটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

শেষ কথা : ইতিহাসে উপেক্ষিত প্রান্তবাসীর বুলি

উনিশ শতকে আলোকপ্রাপ্ত কলকাতার বিশিষ্ট সামাজিকদের সঙ্গে জাদুরাম ডেকা বরুয়া, হালিরাম ডেকিয়াল ফুকন, যজ্ঞরাম খারঘরীয়া ফুকন প্রমুখের যোগাযোগ ও সম্পর্ক

গড়ে উঠেছিল। বঙ্গীয় সমাজে এই অসমিয়া ‘ডাঙরীয়া’দের যথেষ্ট কদর ছিল। সেকালের সংবাদ-সাময়িকপত্র তার স্বাক্ষর বহন করছে। ‘সমাচার দর্পণ’, ‘সমাচার চন্দ্রিকা’, ‘বঙ্গদূত’ প্রভৃতি পত্রিকায় তাঁরা নিয়মিত লেখালিখি করেছেন। বাংলাচর্চায় তাঁদের স্বতঃস্ফূর্ততা বিশেষ উল্লেখের দাবি রাখে।

‘অরুনোদই’-পরবর্তীসময়ে অসমিয়া বিদ্বৎসমাজ নিজেদের ভাষা-সংস্কৃতিচর্চায় মনোযোগী হয়ে ওঠেন। মাতৃভাষায় নিজেদের ভাবনা প্রকাশের সুযোগ প্রতিষ্ঠিত হয়। এর পাশাপাশি তাঁরা অনেকে আবার বাংলাতেও লিখেছেন। আনন্দরাম ডেকিয়াল ফুকন, মুনসি কেফায়ৎ উল্লাহ, লক্ষ্মীনাথ বেজবরুয়া— সকলেই অসমিয়া ভাষার পাশাপাশি বাংলাতেও লেখালেখি করেছেন। অবশ্য তাঁদের বাংলা রচনার চরিত্র ও বৈশিষ্ট্য স্বাতন্ত্র্যে ভরা।

ব্রিটিশ ঔপনিবেশিক শক্তির আগমনের মধ্য দিয়েই উনিশ শতকে অসমিয়া ‘ডাঙরীয়া’দের মধ্যে বাংলা লেখালেখির সূচনা। আবার কলোনি বিস্তারের অর্ধশতাব্দীর ভেতর অসমিয়া ভাষা প্রতিষ্ঠার পর তা ক্রমশ ক্ষীণায়মান হয়ে আসে। কিন্তু তবুও এই প্রবণতা একেবারে বন্ধ হয়ে যায়নি। একদিকে অসমিয়া ভাষাচর্চা ও অন্যদিকে বাংলায় লেখালিখি— এই দ্বৈত-প্রকাশ দীর্ঘদিন ক্রিয়া করেছিল অসমিয়া লেখকদের মধ্যে। পাশাপাশি উনবিংশ শতাব্দীর শেষদশকে গারো ও ডিমাসা জনগোষ্ঠীর রেভারেন্ড রামখে ও মণিচরণ বর্মণ বাংলা ভাষার মাধ্যমেই নিজেদের ভাবনার স্ফূরণ ঘটিয়েছেন।

উনিশ শতকেই শুধু নয়, উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে বিংশ শতাব্দীতেও বাংলা ভাষা-সাহিত্যচর্চার প্রবণতা দেখা যায়। সতীশচন্দ্র বসুমতীর সম্পাদিত বোড়োভাষার প্রথম সাময়িকপত্র ‘বিবার’^{২১}(১৯২৪), হরপ্রসাদ অধিকারীর ‘রাজবংশী কুল-প্রদীপ’ (১৯১০), শশীভূষণ ফৌজদারের ‘বাসি-ফুল’ (১৯১৮), সূর্যকুমার ভূঞার ‘পঞ্চকলি’ (১৯২৭), নরনাথ শর্মা সভাপণ্ডিতের ‘মহাসতী জয়মতী কাহিনী’ (১৯৩৭) উল্লেখযোগ্য।

হাজার বছরের বাংলা সাহিত্যের ইতিহাস নানা বর্ণে, নানা রঙে সমৃদ্ধ। শুধু বাঙালি নন, অবাঙালি অনেকেই বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করেছেন। ইউরোপীয় লেখক গেরাসিম লিয়েবেদেভ (১৭৪৯-১৮১৭), উইলিয়াম কেরি (১৭৬১-১৮৩৪), অ্যান্টনি ফিরিঙ্গি (১৭৮৬-১৮৩৬), জন ক্লার্ক



মাশ্ফরাম (১৭৯৪-১৮৭৭) প্রমুখের পাশাপাশি নাম করতে হয় হলিরাম ঢেকিয়াল ফুকন, মণিরাম দেওয়ান, আনন্দরাম ঢেকিয়াল ফুকন, মুনসি কেফায়ৎ উল্লা, লক্ষ্মীনাথ বেজবরুয়া, রেভারেন্ড রামখে অথবা মণিচরণ বর্মনের। কিন্তু আশ্চর্য-জনকভাবে বাংলা সাহিত্যের ইতিহাসে উত্তর-পূর্বের অবাঙালি ভারতীয় লেখকেরা প্রায় উপেক্ষিতই থেকে গেলেন।

সূত্রনির্দেশ :

- ১। গুণাভিরাম বরুয়া : 'আনন্দরাম ঢেকিয়াল ফুকনের জীবন-চরিত্র'; গুয়াহাটি, ১৯৯২ (দ্বিতীয় সংস্করণ), পৃ. ১১৬।
- ২। নন্দ তালুকদার (সংক.-সম্পা.) : 'আনন্দরাম ঢেকিয়াল ফুকনের রচনা সংগ্রহ', গুয়াহাটি, ১৯৯৯ (নবম প্রকাশ)।
- ৩। আনন্দরাম ঢেকিয়াল ফুকন : 'আইন ও ব্যবস্থা সংগ্রহ' (প্রথম খণ্ড), কলিকতা, ১৮৫৫, আখ্যাপত্র।
- ৪। গুণাভিরাম বরুয়া : পূর্বোক্ত, পৃ. ৩৮।
- ৫। তদেব, পৃ. ৯৮।
- ৬। আনন্দরাম ঢেকিয়াল ফুকন : পূর্বোক্ত, ভূমিকা, পৃ. ১।
- ৭। গুণাভিরাম বরুয়া : পূর্বোক্ত, পৃ. ৩৮।
- ৮। পদ্মনাথ শর্মা (সম্পা.) : 'আনন্দরাম ঢেকিয়াল ফুকন', নগাঁও, ২০০৯, পৃ. ১৩৬।
- ৯। আনন্দরাম ঢেকিয়াল ফুকন : পূর্বোক্ত, ভূমিকা, পৃ. ১।
- ১০। 'Oxford Dictionary of National Biography' On line edn., January 2008.
- ১১। E.A. Gait : 'Report on the Progress of Historical Research in Assam', Guwahati, 1999 (1st Post Independence edn.), p.57.
- ১২। ক. সুকুমার সেন : 'বঙ্গালা সাহিত্যের ইতিহাস', 'বঙ্গালা সাহিত্যে গদ্য'।
 - খ. অসিতকুমার বন্দ্যোপাধ্যায় : 'বাংলা সাহিত্যের ইতিবৃত্ত'।
 - গ. সজনীকান্ত দাস : 'বাংলা গদ্য সাহিত্যের ইতিহাস'।
 - ঘ. সিরাজুল ইসলাম চৌধুরী : 'উনিশ শতকের বাংলা

গদ্যের সামাজিক ব্যাকরণ' ইত্যাদি।

- ১৩। আনন্দরাম ঢেকিয়াল ফুকন : পূর্বোক্ত, পৃ. ১।
- ১৪। তদেব, পৃ. ৩৬।
- ১৫। তদেব, পৃ. ৩১১।
- ১৬। তদেব, পৃ. ৩১৯-২০।
- ১৭। মুনসি কেফায়ৎ উল্লা : 'কৃষি দর্পণ', কলকাতা, ১৮৫৩, পৃ. ভূমিকা ১।
- ১৮। তদেব, পৃ. ১।
- ১৯। তদেব, পৃ. ১০।
- ২০। তদেব, পৃ. ১৪।
- ২১। অরুণজ্যোতি শইকিয়া (সম্পা.) : 'অরুণোদই', ক্রান্তিকাল প্রকাশন, নগাঁও, ২০০২, পৃ. ৪৫০।
- ২২। হরিপ্রসাদ নাথ (অনু.) : 'কানখোআ পুথি', গোয়ালপাড়া, ১২৮৩ (১৮৭৫)।
- ২৩। অভুলচন্দ্র হাজরিকা (সম্পা.) : 'বেজবরুয়া গ্রন্থাবলী', দ্বিতীয় খণ্ড, সাহিত্য প্রকাশ, গুয়াহাটি, ১৯৮৮, পৃ. ১৭৮১।
- ২৪। তদেব, পৃ. ১১।
- ২৫। Rev. M Ramkhe : 'Garó-Bengali Dictionary', Tura, 1887, p.1.
- ২৬। তদেব, preface।
- ২৬ (ক)। 'Some years ago the Government aided by purchasing One Hundred Copies of a Bengali-Garó Dictionary of Eight Hundred and Eighty Four Octavo pages.
Rev. William Carey : A Garó Jungle Book, The Judson Press, Philadelphia
- ২৭। E. A. Gait : op.cit., p. 59.
- ২৮। মণিচরণ বর্মন : 'হৈড়িঙ্গ-ভাষা প্রবেশ', শিলাচর, ১৩২০ (১৯১৩), দ্বিতীয় সংস্করণ, ভূমিকা, পৃ. ৩।
- ২৯। 'বিবার' পত্রিকাটি ছিল ত্রৈভাষিক।



ঐতিহ্য The Heritage

অসমীয়া বিভাগ



ভাৰতীয় সংবাদপত্ৰৰ প্ৰেক্ষাপট আৰু অসমত 'উষা'ৰ সম্পাদকীয় প্ৰবন্ধৰ তাৎপৰ্য বিচাৰ

গকুল কুমাৰ দাস

অসমীয়া বিভাগ, দৰং মহাবিদ্যালয়, তেজপুৰ

THE BACKGROUND OF INDIAN NEWSPAPERS AND THE SIGNIFICANCE OF THE EDITORIALS OF 'USHA' : AN ANALYSIS

Gakul Kumar Das

Dept. of Assamese, Darrang College, Tezpur

- ভাৰতীয় সংবাদপত্ৰৰ প্ৰেক্ষাপট আৰু
অসমত 'উষা'ৰ সম্পাদকীয় প্ৰবন্ধৰ তাৎপৰ্য বিচাৰ
গকুল কুমাৰ দাস 103-120
- অসমীয়া ভাষাৰ শব্দমূলৰ প্ৰকৃতি বিচাৰ : প্ৰাকৃতি বিজ্ঞানৰ আধাৰত
উপেন ৰাভা হাকাচাম 121-133

ABSTRACT : Indian newspaper has a long background and it is very much significant in the context of Indian society. The first newspaper in India was published in the eighteenth century under the British government. 'Hicky's Bengal Gazette' or 'The original Calcutta General Advertiser', the first newspaper was published on 29th January, 1780. Since then the progress of the Indian newspaper was growing up and in Assam, the first newspaper was published in January, 1846 named 'The Orunodoi'. After that lots of newspapers and magazines were published till date and 'Usha'(1907) is also one of those. Padmanath Gohaiborooh (1871-1946), one of the leading icons of Assamese literature, was the editor of 'Usha'. He worked hard not only for the development of the field of Assamese literature but also for the development of the then society and in the last part of nineteenth century he started work in Assamese literature. During this time he formed a social organization named 'Asamiya Jatiya Unnati Sadhini Sabha'. Beside this Gohaiborooh wrote dramas (Gaoburha, Joymati, Gadadhar, Teton Tamuli etc.), novels (Bhanumati, Lahari), poetry (Leela, Fular Chaneki etc.) and also biographies. He concentrated his mind in the field of newspaper-magazine got and associated with the monthly magazine named Asam Banti (January, 1901) and Usha (April, 1907). His sincere thoughts and most advanced ideas were highlighted by these magazines especially through the editorials of those magazines. In the editorials of 'Usha' he highlighted the socio-economic, cultural, literary, nationalist issues and had tried to visualize a new destination for the readers as well as for the society.



অসমৰ সামাজিক আৰু ৰাজনৈতিক ইতিহাসৰ এক প্ৰাচীন পৰম্পৰা আছে। এই পৰম্পৰাই সময়ৰ অগ্ৰগতিত নিত্য নতুন ৰূপ লাভ কৰি আহিছে। ছশ-বছৰীয়া আহোম ৰাজত্বৰ অন্তত আৰু অত্যাচাৰী মানৰ উপদ্ৰৱৰ শেষত অসমত বৃটিছ শাসকগোষ্ঠীৰ প্ৰবেশ ঘটিছিল। বৃটিছৰ প্ৰবেশৰ ফলস্বৰূপে অসমৰ সমাজ জীৱনত ব্যাপক পৰিবৰ্তন সাধিত হ'ল। বৃটিছ শাসকগোষ্ঠীৰ প্ৰায় সমসাময়িকভাৱে অসমলৈ আগমন ঘটাইছিল আমেৰিকান বেপ্টিষ্ট মিছনেৰীসকলৰ। আমেৰিকান বেপ্টিষ্ট মিছনেৰীসকলৰ অসম আগমনৰ লগে লগে অসমীয়া সাহিত্যতো আধুনিকতাৰ বাট মুকলি হ'ল। আমেৰিকান বেপ্টিষ্ট মিছনেৰীসকলৰ প্ৰচেষ্টাত প্ৰকাশিত 'অৰ্কাণোদই' কাকতখনেই প্ৰথম অসমীয়া সংবাদপত্ৰ। সেই হিচাপে অসমীয়া সংবাদপত্ৰৰ ইতিহাস বৰ বেছি পুৰণি নহয়। ভাৰতীয় সংবাদপত্ৰৰ ক্ষেত্ৰতো দেখা যায় ইংৰাজসকল অহাৰ পিছতহে কলিকতাত প্ৰথম 'বেংগল গেজেট' নামেৰে এখন সাপ্তাহিক পত্ৰিকা প্ৰকাশিত হয়।^১ ১৭৮০ খ্ৰীষ্টাব্দৰ ২৯ জানুৱাৰীত প্ৰকাশিত এই পত্ৰিকাখনেই ভাৰতীয় সংবাদপত্ৰৰ ইতিহাসত প্ৰথম। ইংৰাজী ভাষাত প্ৰকাশিত এই পত্ৰিকাৰ স্বত্বাধিকাৰী, সম্পাদক আৰু প্ৰকাশক আছিল এগৰাকী ইংৰাজ। তেওঁৰ নাম আছিল জেমছ অগষ্টাছ হিকি। হিকি চাহাবে প্ৰকাশ কৰা এই পত্ৰিকাৰ পৰাই আৰম্ভ হয় ভাৰতীয় সংবাদপত্ৰৰ ইতিহাসৰ যাত্ৰা। ইয়াৰ পিছত 'বেংগল গেজেট'ৰ প্ৰতিদ্বন্দ্বী হিচাপে ১৭৮০ খ্ৰীষ্টাব্দৰ নবেম্বৰ মাহত প্ৰকাশিত হয় 'ইণ্ডিয়া গেজেট' নামৰ পত্ৰিকাখন। এই পত্ৰিকা 'বেংগল গেজেট'ৰ তুলনাত আছিল অধিক মনোৰম আৰু দৃষ্টিনন্দন। পত্ৰিকাখনৰ পৃষ্ঠপোষক আছিল ইংৰাজ চৰকাৰৰ প্ৰথম গৱৰ্ণৰ জেনেৰেল ওৱাৰেন হেষ্টিংছ।^২ স্বাভাৱিকতে এই পত্ৰিকাই চৰকাৰী আনুকূল্য লাভ কৰিবলৈ সক্ষম হৈছিল। ইয়াৰ পিছত ১৭৮৪ খ্ৰীষ্টাব্দৰ ফেব্ৰুৱাৰী মাহত প্ৰকাশিত হয় 'ক্যালকাটা গেজেট' নামৰ প্ৰথম চৰকাৰী পত্ৰিকা। অৱশ্যে এই পত্ৰিকাত চৰকাৰী বিজ্ঞপ্তিসমূহ (Notifications)-ৰ বাহিৰে আন একোৱেই প্ৰকাশিত হোৱা নাছিল। তাৰ পিছত কলিকতাৰ পৰাই প্ৰকাশিত হয় 'বেঙ্গল জাৰ্নাল' (ফেব্ৰুৱাৰী, ১৭৮৫), 'ওৰিয়েণ্টাল ম্যাগাজিন' অৰ 'ক্যালকাটা অ্যামিউজমেন্ট'ল (এপ্ৰিল, ১৭৮৫) আৰু 'ক্যালকাটা ক্ৰনিকল' (ফেব্ৰুৱাৰী, ১৭৮৬)। ইয়াৰ ভিতৰত 'ওৰিয়েণ্টাল ম্যাগাজিন' আছিল মাহেকীয়া পত্ৰিকা, আনবোৰ আছিল সাপ্তাহিক। এই আটাইবোৰৰে ভাষা আছিল ইংৰাজী। প্ৰথম ছবছৰত (১৭৮০-৮৬) কলিকতাৰ পৰা মুঠ ছখন পত্ৰিকা প্ৰকাশিত হৈছিল।

১৭৮৫ খ্ৰীষ্টাব্দত মাদ্ৰাজৰ পৰা প্ৰকাশিত হয় 'মাদ্ৰাজ কুৰিয়ৰ'; ইয়েই মাদ্ৰাজৰ পৰা প্ৰকাশিত প্ৰথম সংবাদপত্ৰ আৰু

সাপ্তাহিক পত্ৰিকা। আঠ বছৰৰ পিছত 'মাদ্ৰাজ কুৰিয়ৰ'ৰ সম্পাদক পদৰ পৰা অপসাৰিত হৈ সম্পাদক বয়েড(Boyd)-য়ে প্ৰকাশ কৰে 'হৰকৰা' পত্ৰিকা। এবছৰ পিছত 'হৰকৰা'ৰ মৃত্যু ঘটে। ১৭৯৫ খ্ৰীষ্টাব্দত প্ৰকাশিত হয় 'মাদ্ৰাজ গেজেট' আৰু 'ইণ্ডিয়া হেৰল্ড'।

বোম্বাইৰ পৰা ১৭৮৯ খ্ৰীষ্টাব্দত প্ৰথম সংবাদপত্ৰ প্ৰকাশিত হয় 'বোম্বাই হেৰল্ড' নামেৰে। ১৭৯০ চনত প্ৰকাশিত হয় 'কুৰিয়ৰ' পত্ৰিকা। ১৭৯১ চনত 'হেৰল্ড' আৰু 'কুৰিয়ৰ' একত্ৰিত হৈ 'বোম্বাই গেজেট' নাম লৈ চৰকাৰী প্ৰকাশনত ৰূপান্তৰিত হয়। 'কুৰিয়ৰেই হ'ল প্ৰথম পত্ৰিকা য'ত প্ৰথম দেশীয় ভাষাত (গুজৰাটী) বিজ্ঞাপন প্ৰকাশিত হৈছিল।^৩ 'বোম্বাই গেজেট' আৰু 'মাদ্ৰাজ কুৰিয়ৰ' এই দুই পত্ৰিকাই আছিল মুখ্যতঃ চৰকাৰী মুখপত্ৰ আৰু চৰকাৰী বিজ্ঞপ্তি প্ৰচাৰৰ মাধ্যম। ইয়াৰ পিছৰ পৰা ভাৰতীয় বিভিন্ন ভাষাত বিভিন্ন পত্ৰিকা প্ৰকাশৰ ধাৰাবাহিকতাও আৰম্ভ হয়।

ভাৰতীয় সংবাদপত্ৰৰ আৰম্ভণিৰ সংক্ষিপ্ত আলোচনাৰ পৰা দেখা গ'ল যে ভাৰতবৰ্ষত আধুনিক অৰ্থত যি সংবাদপত্ৰ তাৰ আৰম্ভণি হয় ইংৰাজসকল ভাৰতলৈ অহাৰ পিছত আৰু প্ৰত্যক্ষভাৱে ইংৰাজসকলৰ পৃষ্ঠপোষকতাত। এই ক্ষেত্ৰত বৃটিছ চৰকাৰৰ বিভিন্ন কাম-কাজ আৰু চৰকাৰী বিজ্ঞাপন প্ৰচাৰকে ধৰি অন্যান্য কাম-কাজৰ বাবে মুখ্যতঃ এইবোৰ কাকত প্ৰকাশ কৰা হৈছিল।

'বেঙ্গল গেজেট' প্ৰকাশৰ প্ৰায় ৬৬ বছৰ পিছত অসমত প্ৰকাশ পায় প্ৰথমখন সংবাদপত্ৰ 'অৰ্কাণোদই'। এইখন পত্ৰিকাৰ ক্ষেত্ৰতো দেখা যায় যে ইয়াৰ সম্পাদক, প্ৰকাশক আৰু পৃষ্ঠপোষক কোনোৱেই অসমীয়া বা ভাৰতীয় নাছিল। ইয়াৰ পৃষ্ঠপোষক আছিল অসমত খ্ৰীষ্টধৰ্ম প্ৰচাৰ কৰিবলৈ অহা আমেৰিকান বেপ্টিষ্ট মিছনেৰীসকলেহে। কোন পৰিস্থিতিত বা প্ৰেক্ষাপটত 'অৰ্কাণোদই' পত্ৰিকাখন তেওঁলোকে প্ৰকাশ কৰিবলীয়া হৈছিল সেই কথা অসমৰ সামাজিক বুৰঞ্জীত লিপিবদ্ধ আছে।

